৫

যদি রাত্রিতে গোস্বামি গৃহে বিপদগ্রস্ত হইয়া গোর প্রাণবিয়োগ হয় তবে গোস্বামী প্রায়শ্চিত্তার্হ হইবে। আর প্রভাতে পালকের হস্তে ন্যস্ত হইলে যদি গোর প্রাণবিয়োগ হয় তবে পালক প্রায়শ্চিত্তার্হ হইবে। প্রমাণং যথা—

দিবা পশূনাং পালক হস্তন্যস্তানাং যোগক্ষেম বিষয়ে
দোষে জাতে পালকস্য গর্হণীয়তা,রাত্রৌ পুনঃ পালক
প্রত্যর্পিতানাং স্বামিগৃহস্থিতানাং স্বামিনো দোষঃ।

ইতি স্মার্ত্তঃ।

যদি পালক দ্রব্যাভাবপ্রযুক্ত প্রায়শ্চিত্ত করিতে অক্ষম হয় তবে স্বামী আপনার গৃহ হইতে দ্রব্যাদি দিয়া গোপালককে প্রায়শ্চিত্ত করাইবে, যদি এক ব্যক্তি পালক না হইয়া অনেক ব্যক্তি পালক হয় ও বিভাগ না থাকে তবে সকল পালকেই যথোক্ত বিধানে পাদ প্রায়শ্চিত্ত করিবে। যদি ম্লেচ্ছাদি যবন জাতি গোপালক হয় এবং অপালন হইলে গোস্বামী স্বয়ং প্রায়শ্চিত্ত করিবে। আর যদি অনেক গো অপালন জন্য হত হয় ও বহু গোস্বামী হয় তবে সকল ব্যক্তি দ্বিগুণ দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিবে। যদি এক গোস্বামীর অনেক গো অপালন জন্য হত হইয়া থাকে, তাহাতে সেই ব্যক্তি অপালন নিমিত্ত যাহা প্রায়শ্চিত্ত নির্দ্দিষ্ট হইয়াছে তাহার দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিবে।

অস্থ্যাদি ভঙ্গনিমিত্ত প্রায়শ্চিত্ত ব্যবস্থা।

কর্ণলাঙ্গুলয়োশ্ছেদ মস্থিভঙ্গং বিধায় চ।
প্রাজাপত্য ব্রতং কুর্য্যাচ্চত্বারো ব্রাহ্মণাদয়ঃ।।

ইতি স্মৃতিসাগরে গোভিলঃ।

কর্ণোৎপাটন, লাঙ্গুলচ্ছেদন, অস্থিভঙ্গ ও শৃঙ্গভগ্ন হইলে অর্থাৎ যে ব্যক্তি ইহার মধ্যে যে কোন প্রকার আচরণ করে তাহাকে এক প্রাজাপত্য অর্থাৎ ৩ কাহন বরাটক দান করিতে হয়, দক্ষিণা যথাশক্তি। পরন্তু ইহা ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণের পক্ষেই সমান।

ব্যবস্থাপত্র।

ব্রাহ্মণস্বামিক গোরুস্থ্যাদিভঙ্গজনিতপাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণাদিনা ব্রতাদ্যশক্তৌ যৎকিঞ্চিৎ দক্ষিণকত্রিকার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতিবিদাং মতম্।

হল শকটে বৃষাদি যোজন প্রায়শ্চিত্ত।

হলৈর্ব্বাকশকটৈর্ব্বাপি বাহয়েদ্যো বৃষং স্বয়ং।
প্রাজাপত্যদ্বয়ং কুর্য্যাৎ দ্বিগুণং যোজিতাং গবাং॥
ইতি গোভিলঃ।

যদি বৃষোৎসর্গে উৎসর্গীকৃত বৃষকে হলে বা শকটে যুক্ত করিয়া ভার বহন করায় তবে তাহাকে দুই প্রাজাপত্য করিতে হয়, অর্থাৎ ৬ কাহন বরাটক দান করিতে হয়। আর যদি গাভীকে উক্ত বিষয়ে নিযুক্ত করে তবে চারি প্রাজাপত্য অর্থাৎ ১২ কাহন বরাটক দান করিতে হয়।

অন্যচ্চ।

বৃষভন্তু সমুৎসৃষ্টং কপিলাং বাপি কামতঃ।
যোজয়িত্বা হলে কুর্য্যাৎ ব্রতং চান্দ্রায়ণদ্বয়ং।
ইতি গোভিলঃ।

বৃষোৎসর্গের বৃষ, কিম্বা কপিলা ধেনুকে হলে বা শকটে যোগ করিলে দুই চান্দ্রায়ণ অর্থাৎ ৪৫ কাহন বরাটক দান করিতে হয়।

গোখাদকের সহিত গোবিনিময় বা গোবিক্রয়াদির প্রায়শ্চিত্ত।

বিক্রয়ৈর্গাং বিনিময়ৈর্দত্ত্বা গোমাংসখাদকে।
ব্রতং চান্দ্রায়ণং কুর্য্যাদ্বধে সাক্ষাৎ বধীর্ভবেৎ॥
ইতি গোভিলঃ।

যদি কোন ব্যক্তি অজ্ঞানপূর্ব্বক গোমাংসখাদকের অর্থাৎ যবনাদির সহিত গো বিনিময় অথবা বিক্রয় করে তাহা হইলে চান্দ্রায়ণ করিতে হয় বা তদনুকল্প ২২৷৷০ কাহন বরাটক দান করিতে হয়।

আর যদি জ্ঞানপূর্ব্বক তাহাকে বিনিময় বা বিক্রয় করে, আর সেই গোমাংসখাদক তাহাকে বধ করিয়াছে তাহা পূর্ব্বস্বামী জানিতে পারিলে তাহাকে জ্ঞানকৃত গোবধের প্রায়শ্চিত্ত করিতে হয়, এই বচনার্থ চারি বর্ণের মধ্যেই প্রবল, এস্থলে আরও বক্তব্য এই যে, ব্রাহ্মণাদির চতুর্ব্বর্ণ স্ব স্ব জাত্যুক্ত জ্ঞানকৃত যাহা পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে তাহাই করিবে।

অথ গোবধাপবাদ।

অর্থাৎ যাহাতে গোহত্যাজন্য প্রায়শ্চিত্ত
করিতে হয় না।

ধূর্য্যেষু বহমানেষু দণ্ডেনাভিহতেষু চ।
কাষ্ঠেন লেষ্টুনো বাপি পাষাণে ন তু তাড়িত॥
মূর্চ্ছিতঃ পতিতশ্চৈব মৃতো বা সদ্য এবচ।
এবং গতানাং ধূর্য্যানাং প্রবক্ষ্যামি যথাবিধি॥
উত্থিতস্তু পদং গচ্ছেৎ পঞ্চসপ্ত দশাথবা।
গ্রাসং বা যদি গৃহ্নাতি তোয়ং বা পিবতি স্বয়ং।
পূর্ব্বব্যাধি বিনষ্টানাং প্রায়শ্চিত্তং নবিদ্যতে॥
ইতি পরাশরঃ।

পূর্ব্বে কোন গোর ব্যাধি হইয়াছিল এক্ষণে তাহার ব্যাধি আরোগ্য হইয়াছে জানিয়া গোস্বামি তাহাকে হলে বা শকটে যুক্ত করিয়াছে, পরে তাহাকে অল্প আঘাত করাতে সে মূর্চ্ছিত হইয়া পতিত হইল, মূর্চ্ছাভঙ্গের পর পঞ্চ বা সপ্ত বা দশপদ গমন ও তৃণ জলখাইয়া পরে তাহার মৃত্যু হইল, এস্থলে গোস্বামীকে প্রায়শ্চিত্ত করিতে হইবে না, কারণ তাহার পূর্ব্ব ব্যাধিজন্য মৃত্যু হইয়াছে।

পূর্ব্বে ব্যাধি ছিল না, কিন্তু দণ্ডাঘাতদ্বারা মূর্চ্ছা হইয়া পতিত হয়। পরে উঠিয়া কিয়দ্দূর গমন ও তৃণ জল খাইয়া প্রাণত্যাগ

করিয়াছে, এস্থলে পূর্ব্বনিয়ম থাকিবে না। কারণ তাহার পূর্ব্বে ব্যাধি ছিল না। এখানে গোঘাতীকে দণ্ডাঘাতের প্রায়শ্চিত্ত করিতে হইবে অর্থাৎ ব্রাহ্মণাদির দণ্ডাঘাতে যে প্রায়শ্চিত্ত উক্ত হইয়াছে তাহাই করিতে হইবে।

অন্যচ্চ।

যন্ত্রণে গোচিকিৎসায়াং মূঢ়গর্ভ বিমোচনে।
যত্নেকৃতে বিপত্তিঃস্যাৎ প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥
ঔষধং স্নেহ মাহারং দদ্যাদ্গো ব্রাহ্মণেষু চ।
প্রাণিনাং প্রাণবৃত্ত্যর্থং প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥
ইতি স্মার্ত্তঃ।

দমনে অর্থাৎ দ্রুতগতি নিবারণে গোর চিৎকার করিতে গর্ভে বৎসের মৃত্যু হইয়াছে, সেই গর্ভ বিমোচন করিতে, আর যত্নের সহিত ঔষধ ও আহার দিতে দিতে যদি গোর মৃত্যু হয়, তবে প্রায়শ্চিত্ত করিতে হয় না। ইহা সম্বর্ত্ত নামক ঋষি আদেশ করিয়াছেন।

প্রায়শ্চিত্তানন্তর পাপনাশ জ্ঞান।

স্বশিরসা চ ঘসমাদায় গোভ্যো দদ্যাৎ, যদিতাঃ
প্রমুদিতা গৃহ্নীয়ু র্থৈনং প্রবর্ত্তয়েয়ুঃ॥ ইতি হারীত॥

প্রায়শ্চিত্তের পর স্বীয় মস্তকে ঘাস লইয়া ধেনুকে প্রদান করিবে। যদি গো তাহা হৃষ্টান্তঃকরণে গ্রহণ করে তবে নিষ্পাপ হইয়াছে, আর যদি তাহা গ্রহণ না করে তবে পুনর্ব্বার প্রায়শ্চিত্ত করিতে হয়।

আরম্ভে সর্ব্বকৃচ্ছ্রাণাং সমাপ্তৌ চ বিশেষতঃ।
শ্রাদ্ধং কুর্য্যাদ্ব্রতস্যান্তে গোহিরণ্যান্নদক্ষিণং॥
ইতি বাচস্পতিমিশ্রঃ।

সকল প্রকার ব্রতের সমাপ্তিতে পার্ব্বণশ্রাদ্ধ করিতে হয় এবং পুরোহিতকে গো হিরণ্যাদি দক্ষিণা দিতে হয়। শ্রাদ্ধবিবেক আরম্ভে এই বচনার্দ্ধের পরে (আজ্যমেবাহি শালাগ্নৌ জুহুয়াদ্ব্যা-

হুতীঃ পৃথক্) এই কথা লিখিত আছে তাহার অর্থ এই যে, গার্হপত্য অগ্নিতে বহ্নিস্থাপন করিয়া ব্যাহৃতীহোম করিবে।

যদি প্রায়শ্চিত্ত সময়ে অশৌচ হয় তবে অশৌচান্তে প্রায়শ্চিত্ত করিবে, পরন্তু ইহার কোন নির্দ্দিষ্ট বচন নাই কেবল দক্ষ প্রভৃতি প্রজাপতিরা এইরূপ কহিয়াছেন। প্রমাণং যথা—

অশৌচাপগমে প্রায়শ্চিত্তং করণীয়ং।

ইতি গোবধ প্রায়শ্চিত্তং সমাপ্তং।

অথ গবেতর পশুপক্ষী-বধে প্রায়শ্চিত্ত।

বাসোদদ্যাদ্ধয়ং হত্বা পঞ্চনীল বৃষান্ গজান্।
অজ মেষাবনড্বাহং খরং হত্বৈক হায়নং॥ ইতি মনুঃ।

অশ্ব বধ করিলে ব্রাহ্মণকে বস্ত্রদান, হস্তী বধ করিলে পঞ্চ নীল বৃষ দান, ছাগ ও মেষ বধ করিলে একটি বৃষ দান, গর্দ্দভ বধে এক বৎসরের একটি বৎস দান করিবে। কিন্তু ছাগ ও মেষকে যজ্ঞার্থে বধ করিলে তাহাতে প্রায়শ্চিত্ত হইবে না।

অস্থিমতান্তু সত্বানাং সহস্রস্য প্রমাপণে।
পূর্ণেচান্যস্য নস্থ্নাস্তু শূদ্রহত্যাব্রতং চরেৎ॥
ইতি মনুঃ॥

কুকলাস আদি অস্থিবিশিষ্ট জন্তু সহস্র বধে ও অস্থিহীন পিপিলীকাদি শকট প্রমাণ বধে এক শূদ্র হত্যার ব্রত করিবে, শূদ্রহত্যা ব্রত পরে লিখিত হইবে।

অন্যচ্চ।

কিঞ্চিদেবতু বিপ্রায় দদ্যাদস্থি মতাং বধে॥
অনস্থ্নাঞ্চৈব হিংসায়াং প্রাণায়ামেন শুদ্ধ্যতি॥
ইতি মনুঃ।

অল্প প্রাণ ও অস্থিবিশিষ্ট প্রাণী বধে ব্রাহ্মণকে কিঞ্চিৎ অর্থাৎ যথাশক্তি দান করিবে, আর নিরস্থি অল্পপ্রাণীবধে একবার প্রাণায়াম করিলে শুদ্ধ হয়।

বৃক্ষচ্ছেদন প্রায়শ্চিত্ত।

ফলদানাস্তু বৃক্ষাণাং চ্ছেদনে জপ্যমৃক্‌শতং।
গুল্মে বল্লীলতানাঞ্চ পুষ্পিতানাঞ্চ বিরুধাং॥

সামান্য বৃক্ষলতাদির চ্ছেদনে কিঞ্চিৎ দান করিবে, আর ফলবান বা ফলবতী বৃক্ষলতাদির চ্ছেদনে প্রাজাপত্য অর্থাৎ ৩ কাহন বরাটক দান করিবে।

অথ মহাপাতক প্রায়শ্চিত্ত।

তত্রাদৌ ব্রহ্মহত্যা প্রায়শ্চিত্তং লিখ্যতে।

যঃ কামতো মহাপাপং নরঃ কুর্য্যাৎ কথঞ্চন।
ন তস্য শুদ্ধি বিজ্ঞেয়া বহ্নৌ প্রপতনাদৃতে॥
ইতি স্মার্ত্তঃ।

যে ব্যক্তি কামতঃ অর্থাৎ জ্ঞানপূর্ব্বক মহাপাপ অর্থাৎ ব্রহ্মহত্যা করিবে তাহার অগ্নিপ্রবেশ ব্যতিরেকে প্রায়শ্চিত্ত নাই। আর ইহাতে অনুকল্পনাই, পরন্তু এই বচনার্থ চারিবর্ণের মধ্যেই বলবৎ।

অকামতঃ ব্রহ্মবধ প্রায়শ্চিত্ত।

ব্রহ্মহা দ্বাদশাব্দানি কুটিং কৃত্বা বনে বশেৎ।
ভৈক্ষাশ্যাত্মবিশুদ্ধ্যর্থং কৃত্বা শবশিরোধ্বজং॥
ইতি মনুঃ।

অজ্ঞানকৃত ব্রাহ্মণ বধে দ্বাদশ বৎসর বনে কুটির নির্ম্মাণ করিয়া হত ব্রাহ্মণের মস্তক ব্রহ্মহত্যার চিহ্নস্বরূপ ধারণ করিয়া বাস করিবে এবং উক্ত শবশিরে ভিক্ষাপ্রার্থী হইয়া আহারাদি নির্ব্বাহ

করিবে, যদি উক্ত মৃত ব্যক্তির শির না প্রাপ্ত হয় তবে অন্য ব্রাহ্মণের শবশির গ্রহণ করিবে।

যে সকল কথা উক্ত হইল তাহা নির্গুণ ব্রাহ্মণের পক্ষে, যদি সগুণ হয় তবে ইহার দ্বিগুণ। আর ক্ষত্রিয়াদি শূদ্রান্তপর্য্যন্ত নির্গুণের পক্ষে, দ্বিগুণ, ত্রিগুণ, চতুর্গুণ, সগুণ পক্ষেও দ্বিগুণ, ত্রিগুণ, চতুর্গুণ।

অত্রবিষয়ে প্রমাণং।

দ্বিগুণা ক্ষত্রিয়াণান্তু বৈশ্যানাং ত্রিগুণাস্মৃতা।
চতুর্গুণাতু শূদ্রাণাং শুদ্ধিরুক্তা মহাত্মনা॥
ইতি ভবিষ্যপুরাণং।

ব্রাহ্মণ যদি উক্ত ব্রত করিতে অপারক হয় তবে ১৮০ প্রাজাপত্য করিবে, তাহাতেও অপারক হইলে ১৮০ ধেনুদান, তাহাতেও অশক্ত হইলে উক্ত ১৮০ ধেনুর মূল্য ৫৪০ কাহন বরাটক দান ও ১০০ কাহন দক্ষিণা, ক্ষত্রিয়াদির যেরূপ উক্ত বচনে নির্দ্দিষ্ট হইয়াছে তাহাই করিবে, আর যদি জ্ঞানত ব্রাহ্মণ বধ করে তবে চতুর্ব্বিংশতি বার্ষিক ব্রত করিবে, তদশক্তিতে ১০৮০ কাহন কপর্দ্দক দান করিতে হয়।

ব্যবস্থাপত্র।

অজ্ঞানকৃতব্রহ্মহত্যাজনিতপাপক্ষয়ার্থিন্য দ্বাদশবার্ষিকীব্রতাদ্যশক্তৌ শতকার্ষাপণীদক্ষিণক চত্বারিংশদ্বার্ষিক পঞ্চশতকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি সতাং মতম্।

সকল স্থলেই স্ত্রী, শূদ্র, বাল, বৃদ্ধ ইহাদের অর্দ্ধেক প্রায়শ্চিত্ত। এস্থলে ব্রাহ্মণাদি জাতি চতুষ্টয়ের যেরূপ প্রায়শ্চিত্ত উক্ত হইল তাহার অর্দ্ধেক অর্থাৎ ব্রাহ্মণ হইলে ব্রাহ্মণের অর্দ্ধেক, ক্ষত্রিয় হইলে তন্নির্দ্দিষ্ট প্রায়শ্চিত্তের অর্দ্ধেক, বৈশ্য হইলে তাহার বিহিত প্রায়শ্চিত্তের অর্দ্ধেক ও শূদ্র হইলে শূদ্রকর্ত্তব্য প্রায়শ্চিত্তের অর্দ্ধেক করিতে হইবে।

অথ সুরাপান প্রায়শ্চিত্ত।

সুরাং পীত্বা দ্বিজো মোহাদগ্নিবর্ণাং সুরাম্পিবেৎ।
তয়া স্বকায়েনির্দ্দগ্ধো মুচ্যতে কিল্বিষাত্ততঃ॥ ইতি মনুঃ।

তথাচ বৃহস্পতিঃ।

সুরাপানে কামকৃতে জ্বলন্তীং তাং বিনিক্ষিপেৎ।
মুখে তয়াসনির্দ্দগ্ধো মৃতঃশুদ্ধি মবাপ্নুয়াৎ॥

অন্যচ্চ।

সুরাপানে বিপ্র স্তাম্র রৌপ্য সীসকানা মন্যতম।
ধাতু মগ্নিরূপং পীত্বা শরীরত্যাগাৎ শুদ্ধ্যতে॥
ইতি স্মার্ত্তঃ।

জ্ঞানকৃত ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য যদি সুরা পান করে তবে সেই সুরা অগ্নিবর্ণ করতঃ পান করিবেক এবং তাহাতে প্রাণত্যাগ করিলে সুরাপানের প্রায়শ্চিত্ত হইবে।

দ্বিতীয় বচনের অর্থ এই যে, সুরাপায়ী ব্যক্তিকে জ্বলন্ত অনলে নিক্ষেপ করিবে পরে তাহার সেই গণ্ডযুক্ত মুখ অগ্নিতে দগ্ধ হইলে সুরাপানের প্রায়শ্চিত্ত হয়।

তৃতীয় বচনের অর্থ এই যে, তাম্র রৌপ্য সীসা ইহার অন্যতম ধাতু দ্রব করতঃ পান করিলে সুরাপায়ীর প্রায়শ্চিত্ত হয়। এখানে বক্তব্য এই যে, জ্ঞানকৃত সুরাপানের ত্রিবিধ বচনার্থ লিখিত হইল, কিন্তু সুরাপায়ীর মরণান্ত প্রায়শ্চিত্ত ইহাতে অনুকল্পনার্হ, যদি অজ্ঞানকৃত হয় তবে অজ্ঞানকৃত ব্রহ্মহত্যার যে প্রায়শ্চিত্ত তাহাই করিবে তাহা পূর্ব্বে উক্ত হইয়াছে। ব্যবস্থাপত্রও সেইরূপ, কেবল (অজ্ঞানকৃত সুরাপান জন্য) এইরূপ লিখিতে হইবে।

অথ স্তেয় প্রায়শ্চিত্ত।

তপসাপনুদেদ্যস্তু সুবর্ণস্তেয়জং মলং।
চীরবাসা দ্বিজারণ্যে চরেৎ ব্রহ্মহণোব্রতম্॥
ইতি মনুসংহিতা।

যদি ব্রাহ্মণ সুবর্ণ চৌর্য্য করেন এবং তৎপাপ হইতে মুক্তিলাভ করিতে ইচ্ছা করেন তবে বল্কল পরিধানপূর্ব্বক অজ্ঞানকৃত ব্রাহ্মণ হত্যার ব্রত অর্থাৎ দ্বাদশবার্ষিকী ব্রত করিবেন, তদনুকল্প যাহা নির্দ্দিষ্ট হইয়াছে তাহাই করিবে।

ক্ষত্রিয়াদি পক্ষে।

ক্ষত্রিয়াদি পক্ষে অর্থাৎ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র ইহারা যদি বিপ্র-স্বামিক বা অন্য স্বামিক হীরক সুবর্ণাদি বহুমূল্য চুরী করে তাহা হইলে তাহাদের মরণান্ত প্রায়শ্চিত্ত।

অথ গুর্ব্বঙ্গনাগমন প্রায়শ্চিত্ত।

গুরুতল্পাভিগামী য স্বপ্তেস্বপ্যাদয়োময়ে।
শূর্ম্মীং জ্বলন্তীং বাশ্লিষ্যেন্মৃত্যুনা স বিশুদ্ধ্যতি॥
ইতি মনুসংহিতা।

মাতার ন্যায় গুরুতরা অর্থাৎ বিমাতা ইত্যাদি ইহাতে গমন করিলে ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণেরই লৌহময় অগ্নিবর্ণ শয্যাতে লৌহময়ী জ্বলন্ত স্ত্রীপ্রকৃতি নির্ম্মাণ করিয়া তাহাকে আলিঙ্গন করিয়া প্রাণ-ত্যাগ করিলে শুদ্ধ হয়।

অন্যচ্চ।

স্বয়ং বা শিশ্ন বৃষণা বুৎকৃত্যা ধায়চাঞ্জলৌ।
নৈঋ্বতী দিশমাতিষ্ঠে দানিপাতাদজিহ্মগঃ। ইতি মনুঃ।

গুরুপত্নীগামী, আপনার লিঙ্গ স্বয়ং ছেদন করিয়া বদ্ধাঞ্জলিতে উক্ত লিঙ্গ ধারণ করতঃ মৃত্যুপর্য্যন্ত নৈঋ্বতকোণে ধাবমান হইবে, এইরূপে মৃত্যু হইলে উক্ত পাপের প্রায়শ্চিত্ত হয়।

খট্বাঙ্গীচীরবাসা বা শ্মশ্রুণো বিজনেবনে।
প্রাজাপত্যঞ্চরেৎ কৃচ্ছ্রমব্দমেকং সমাহিতঃ॥ ইতিমনুঃ।

যদি আপনার পত্নীভ্রমে গুরুপত্নী গমন করে তবে জটাবল্কল শ্মশ্রু কেশাদি ধারণ করিয়া একবৎসরের মধ্যে ত্রিংশৎ প্রাজাপত্য করিবে বা তদনুকল্প ৯০ কাহন বরাটক দান করিবে ও ত্রিংশৎ কার্ষাপণী দক্ষিণা দিবে।

অসবর্ণা গুরুপত্নীগমন প্রায়শ্চিত্ত।

যদি সবর্ণাভিন্ন অসবর্ণা গুরুপত্নী গমন করে তবে নীরাদি দ্বারা যবের যাউ প্রস্তুত করিয়া আহার করতঃ মাসত্রয় চান্দ্রায়ণ করিবে। এখানে এক মাসে চান্দ্রায়ণ সম্পন্ন হয়, অতএব তিনমাসে তিন চান্দ্রায়ণ, ইহাতে অপারক হইলে এক এক চান্দ্রায়ণে ২২৷৷০ কাহন বরাটক দান করিতে হয়।

অথ সংসর্গ প্রায়শ্চিত্ত।

যো যেন পতিতেনৈষাং সংসর্গং যাতি মানবঃ।
সতস্যৈব ব্রতং কুর্য্যাৎ তৎ সংসর্গ বিশুদ্ধয়ে॥ ইতি মনুঃ।

যে ব্যক্তি পতিতের সংসর্গ করে সে পতিতের যাহা প্রায়শ্চিত্ত উক্ত হইয়াছে তাহাই করিবে।

অথ ক্ষত্রিয়াদি বধ প্রায়শ্চিত্ত।

তুরীয়ো ব্রহ্মহত্যায়াঃ ক্ষত্রিয়স্য বধে স্মৃতঃ।
বৈশ্যেঽষ্টমাংশে বৃত্তস্থে শূদ্রেজ্ঞেয়স্তু ষোড়শ॥
অকামতস্তু রাজন্যং বিনিপাত্য দ্বিজোত্তমঃ।
বৃষভৈক সহস্রগা দদ্যাৎ সুচরিতব্রতং॥
ত্র্যব্দঞ্চরেদ্বানিয়তো জটিব্রহ্মহণোব্রতং।
বসন্ দূরতরে গ্রামাদ্বৃক্ষমূল নিকেতনঃ॥
এতদেবচরেদব্দং প্রায়শ্চিত্তং দ্বিজোত্তমঃ।
প্রমাপ্য বৈশ্যং বৃত্তস্থং দদ্যাচ্চৈক শতংগবাং॥

এতদেবব্রতং কৃৎস্নং ষাণ্মাসান্ শূদ্রহা চরেৎ।
বৃষভৈকাদশাবাপি দদ্যাদ্বিপ্রায় গাঃ সিতাঃ॥
ইতি মনুসংহিতা।

ব্রাহ্মণাদি জাতিচতুষ্টয়ের পক্ষে ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত লিখিত হইয়াছে, এক্ষণে উক্ত চতুর্ব্বর্ণ যদি বৃত্তস্থ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্রহত্যা করে তবে ক্ষত্রিয় নিধনে ৩ বৎসর, বৈশ্যবধে ১।।০ বৎসর এবং শূদ্রবধে ৯ মাস, ব্রহ্মহত্যা করিলে যেরূপ ব্রত অনুষ্ঠান করিতে হয় সেইরূপ আচরণ করিতে হয়। যদি অজ্ঞানতঃ ক্ষত্রিয় বধ করে তবে শব শিরাদি ধারণ না করিয়া গ্রামের অতিদূরে কুটীর নির্ম্মাণ করিয়া তিন বৎসর ব্রহ্মহত্যা ব্রতের ন্যায় ব্রত আচরণ করিবে। অথবা এক বৃষভের সহিত সহস্রগাভী বা তন্মূল্য ১০০৫ কাহন বরাটক দান করিবে। যদি অজ্ঞানতঃ বৃত্তস্থ বৈশ্যকে নিধন করে তবে ১ বৎসর ব্রত অথবা ১০০ গো ও এক বৃষ বা তন্মূল্য ১০৫ কাহন বরাটক, ঐরূপ শূদ্রবধে ৬ মাস ব্রত বা বৃষভের সহিত শুভ্রবর্ণা ১০০ গাভীদান বা তন্মূল্য ১৫ কাহন বরাটক দান করিবে। তাহা হইলে উক্ত প্রকার পাপ হইতে মুক্ত হইবে।

ব্যবস্থাপত্র জ্ঞানকৃতপক্ষে।

জ্ঞানকৃত বৃত্তস্থক্ষত্রিয়বধজনিত পাপক্ষয়কামেন ষড়্বার্ষিকীব্রতং করণীয়মিতি বিদাংমতম্।

বৈশ্য ও ক্ষত্রিয় পক্ষেও ঐরূপ, কেবল বৎসর সংখ্যা প্রভেদ মাত্র।

ব্যবস্থাপত্র অজ্ঞানকৃতপক্ষে।

অজ্ঞানকৃতবৃত্তস্থক্ষত্রিয়বধজনিত পাপক্ষয়কামেন ত্রিবার্ষিকী ব্রতাদাশক্তৌ সবৃষভ সহস্রগোদানং কর্ত্তব্যম্। তদভাবে পঞ্চাধিকসহস্র কার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

ব্যবস্থাপত্র বৈশ্যপক্ষে॥

অজ্ঞানকৃত বৃত্তস্থবৈশ্যবধজনিত পাপক্ষয়ার্থিনা বার্ষিকীব্রতাদ্যশক্তৌ সবৃষভ শত গোদানং কর্ত্তব্যম্। তদভাবে পঞ্চাধিকশতকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাং মতম্।

ব্যবস্থাপত্র শূদ্রপক্ষে।

অজ্ঞানকৃত বৃত্তস্থশূদ্রবধজনিত পাপক্ষয়ার্থিনা ষণ্মাষিকীব্রতাদ্যশক্তৌ সবৃষভ দশধেনুগোদানং কর্ত্তব্যম্। তদভাবে পঞ্চদশকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাং মতম্।

অথ স্ত্রীবধ প্রায়শ্চিত্তং।

জ্ঞানকৃত স্ত্রীহত্যার মরণান্ত প্রায়শ্চিত্ত তাহাতে অনুকল্পনাই, অজ্ঞানকৃতে যাহা প্রায়শ্চিত্ত তাহা লিখিত হইতেছে।

ষড়্বর্ষাণি রাজন্যে ত্রীণি বৈশ্যে একং শূদ্রে, ক্ষত্রিয়-
বৎ ব্রাহ্মণীষু বৈশ্যবৎ ক্ষত্রিয়াসু শূদ্রবদিতরাসু।
ইতি স্মার্ত্তঃ।

অজ্ঞানকৃত ব্রাহ্মণীবধে ছয় বৎসর, ক্ষত্রিয়া বধে তিন বৎসর, বৈশ্যা ও শূদ্রাণি বধে এক বৎসর, যেরূপ ব্রত উক্ত হইয়াছে সেই রূপ আচরণ করিবে। ইহাতে অশক্ত হইলে ব্রাহ্মণীপক্ষে ৯০ ধেনু দান বা তন্মূল্য ২৭০ কাহন বরাটক, ক্ষত্রিয়া পক্ষে ৪৫ ধেনুদান বা তন্মূল্য ১৩৫ কাহন বরাটক, বৈশ্যা ও শূদ্রাণি বধে ১৫টী ধেনুদান বা তন্মূল্য ৪৫ কাহন বরাটক দান করিবে।

অধমানাস্তু বর্ণানা মুৎকৃষ্ট হননে গুরু।
দোষো বহুতরোজ্ঞেয়ঃ ক্ষত্রাদীনাং ন সংশয়ঃ।
ইতি স্মার্ত্তঃ।

যদি অধমবর্ণ কর্ত্তৃক উত্তমবর্ণা স্ত্রী হত হয় তবে বহুতর দোষ হেতু স্বস্ব জাত্যুক্ত প্রায়শ্চিত্তের দ্বিগুন প্রায়শ্চিত্ত করিতে হইবে। অর্থাৎ যে জাতি স্ত্রী হত সেই জাতির যাহা প্রায়শ্চিত্ত নির্দ্দিষ্ট হইল তাহার দ্বিগুণ। বাল বৃদ্ধ ইত্যাদি সর্ব্বস্থলেই অর্দ্ধেক।

ব্যবস্থাপত্র।

অজ্ঞানকৃতব্রাহ্মণীবধজনিতপাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণাদিনা ষড়্বার্ষিকী ব্রতাদ্যশক্তৌ নবতিসংখ্যক ধেনুদানং কর্ত্তব্যম্। তদভাবে তদনুকল্পসপ্তত্যধিকদ্বিশত কার্ষাপণী দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদুষাংমতম্।

ক্ষত্রিয়াদি স্থলেও ঐরূপ, কেবল বরাটক সংখ্যা, ধেনু সংখ্যা ও ব্রতের বর্ষ সংখ্যা প্রভেদ মাত্র।

অথ ব্যভিচারিণী স্ত্রীবধ প্রায়শ্চিত্ত।

অপ্রদুষ্টাং স্ত্রীয়ং হত্বা শূদ্রহত্যা ব্রতঞ্চরেৎ। ইতি স্মার্ত্তঃ।

ব্যভিচারিণী স্ত্রী অর্থাৎ একবার পর-পুরুষগামিনী যে স্ত্রী তাহাকে বধ করিলে এক শূদ্রহত্যার প্রায়শ্চিত্ত যাহা নির্দ্দিষ্ট হইয়াছে তাহা করিবে, অর্থাৎ ৯ মাস ব্রত কিম্বা ১০০ কাহন বরাটক দান করিবে।

ব্যভিচারিণী ব্রাহ্মণী বধে ৬ মাস, ক্ষত্রিয়া বধে ৪ মাস ১৫ দিন, বৈশ্যাবধে ৩ মাস, শূদ্রা বধে ১৷৹ মাস ব্রত করিবে, তাহাতে অপারক হইলে পূর্ব্বোক্ত ১০০ কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্রং পূর্ব্ববৎ।

অধমবর্ণোপগতা ব্যভিচারিণী স্ত্রীবধ প্রায়শ্চিত্ত।

জীনকার্ম্মুক বস্তাবীন্ পৃথক্ দদ্যাদ্বিশুদ্ধয়ে।
চতুর্ণামপি বর্ণনাং নারীর্হত্বানবস্থিতাঃ।
মনুসংহিতা।

অধম জাতীয় পুরুষ লোভাদিদ্বারা উত্তমবর্ণা ব্যভিচারযুক্তাস্ত্রী ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণের দ্বারা বধ্য হইলে ব্রাহ্মণ চর্ম্মপুট, ক্ষত্রিয় ধেনু, বৈশ্য ছাগ ও শূদ্র মেষ দান করিয়া শুদ্ধ হয়।

ব্যবস্থাপত্র।

উৎকৃষ্টজাতিয়াযোষিতঃ লোভেন অধমবর্ণেন সহব্যভিচারতয়াঃ স্ত্রিয়াবধজনিত পাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণাদি ক্রমেণ চর্ম্মপুটঃ ধেনুশ্ছাগমেষদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদুষাংপরামর্শঃ।

অথ গর্ব্ভপাত প্রায়শ্চিত্ত।

গর্ব্ভবধ করিলে তাহার প্রায়শ্চিত্ত অর্থাৎ জ্ঞানতঃ গর্ব্ভবধে ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত করিতে হয়। প্রমাণং যথা;—

ব্রাহ্মণহন্তা ভ্রূণহা ভবতি।

যদি অজ্ঞানতঃ গর্ভ্ভ বধ করে তবে নরহত্যার প্রায়শ্চিত্ত করিবে। জ্ঞান বিষয়ে কথিত হইয়াছে।

অথ চাণ্ডালাদি অন্নভক্ষণ প্রায়শ্চিত্ত।

অন্ত্যাবশায়িনামন্ন মশ্নীয়াদ্যস্তু কামতঃ।
সতু চান্দ্রায়ণং কুর্য্যাৎ তপ্তকৃচ্ছ্র মথাপিবা।
ইতি অঙ্গিরা।

যদি জ্ঞানপূর্ব্বক অন্ত্যাবশায়ীদিগের অন্ন ভক্ষণ করে তবে চান্দ্রায়ণ ব্রত বা তদনুকল্প ২২।।০ কাহন বরাটক দান করিতে হয়। অজ্ঞানপূর্ব্বক হইলে তপ্তকৃচ্ছ্র ব্রত অথবা ১১।০ কাহন বরাটক দান করিতে হয়।

অন্ত্যাবশায়িনমাহ।

চণ্ডালঃ শ্বপচঃ ক্ষত্তা সূতবৈদেহিকস্তথা।
মাগধায়োগবৌচৈব সপ্তৈতেঽন্ত্যাবশায়িনঃ॥

চণ্ডাল, শ্বপচ, ক্ষত্তা, সূত, বৈদেহি, মাগধ ও আয়োগব ইহারা আন্ত্যাবশায়ী।

ব্যবস্থাপত্র জ্ঞানকৃতপক্ষে।

জ্ঞানকৃতচাণ্ডালাদ্যন্নভক্ষণজনিত পাপক্ষয়ার্থিনা চান্দ্রায়ণব্রতাদ্যশক্তৌ সার্দ্ধ-সপ্তধেনুদানকর্ত্তব্যম্। তদশক্তৌসার্দ্ধদ্বাবিংশতি কার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

ব্যবস্থাপত্র অজ্ঞানকৃতপক্ষে।

সকৃদজ্ঞানকৃত চাণ্ডালাদিনামন্নভক্ষণজনিত পাপক্ষয়ার্থিনা তপ্তকৃচ্ছ্রব্রতং করণীয়ং তদভাবেপাদোন ধেনুচতুষ্টয়দানং কর্ত্তব্যম্। তদশক্তৌতন্মূল্যপাদাধিক একাদশকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাম্মতম্।

ইতি বহুসম্মতা ব্যবস্থা।

যদি অনবধানতাপ্রযুক্ত বিপ্রাদি চতুর্ব্বর্ণ চাণ্ডালাদির অন্ন ভক্ষণ করে তবে বিপ্র চান্দ্রায়ণ, ক্ষত্রিয় সান্তপন অর্থাৎ প্রাজাপত্যদ্বয়,

বৈশ্য ষড়্রাত্র ব্রত অথবা প্রাজাপত্য, শূদ্র ত্রিরাত্র ব্রত বা অর্দ্ধ প্রাজাপত্য করিবে। অস্য প্রমাণং যথা ;—

চাণ্ডালান্নং যদাভুক্তং ব্রাহ্মণাদ্যৈঃ প্রমাদতঃ।
প্রায়শ্চিত্তং কথং তত্র বর্ণে বর্ণে বিধীয়তে॥
চান্দ্রায়ণং চরেদ্বিপ্রঃ ক্ষত্রঃ সান্তপনঞ্চরেৎ।
ষড়্রাত্রঞ্চ ত্রিরাত্রঞ্চ বর্ণয়োরণুপূর্ব্বশঃ॥
ইতি প্রায়শ্চিত্তবিবেকঃ।

ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ। কেবল এখানে প্রভেদ এই যে, জাতির উল্লেখ, যে ব্রত করিতে আদেশ করিয়াছেন তাহার অনুকল্প বরাটক সংখ্যা। উক্ত ব্রত সকলের বরাটক সংখ্যা পূর্ব্বে কথিত হইয়াছে।

যদি দুর্ভিক্ষ বশতঃ ব্রাহ্মণাদি শূদ্রগৃহে অন্ন ভক্ষণ করে তবে (মনস্তাপ ও দ্রুপদাদি মুমুচান্) এই মন্ত্র জপ করিলে শুদ্ধ হয়। প্রমাণং যথা ;—

আপৎকালেতু বিপ্রেণ ভুক্তঃ শূদ্র গৃহে যদি।
মনস্তাপেন শুদ্ধ্যেত্তু দ্রুপদাম্বাশতং জপেৎ॥
ইতি স্মার্ত্তঃ।

যদি বলপূর্ব্বক চাণ্ডালাদিরা ব্রাহ্মণাদিকে আমান্ন গ্রহণ করায় তবে ত্রিরাত্র উপবাস ও সিদ্ধান্ন গ্রহণ করাইলে পরাক ব্রত করিয়া শুদ্ধ হইবে। প্রমাণং যথা ;—

চাণ্ডালানামামান্নং ভুক্তা ত্রিরাত্রমুপবসেৎ
সিদ্ধং ভুক্ত্বাপরাকঃ।
ইতি বলাদ্ভোজনবিষয়ং বিষ্ণুবচনং।

পারক ব্রতের লক্ষণ পূর্ব্বে কথিত হইয়াছে। সেই ব্রতে অপারক হইলে পঞ্চধেনু দান, অশক্তে তন্মূল্য ১৫ কাহন।

অথ সূতিকান্নভক্ষণ প্রায়শ্চিত্ত।

শূদ্রান্নং ব্রাহ্মণোভুক্ত্বা তথা রঙ্গাবতারিণঃ।
চিকিৎসকস্য ক্রূরস্য তথা স্ত্রীমৃগজীবিনঃ॥
চাণ্ডালান্নং ভূমিপান্নং অজাজীবীশ্বাজীবীনাং।
শৌণ্ডিকান্নং সূতিকান্নং ভুক্ত্বামাসং ব্রতীভবেৎ॥
ইতি স্মার্ত্তোদ্ধৃতশংখবচনং।

শূদ্র, চিকিৎসক, ক্রূর মনুষ্য, স্ত্রীজীবী, মৃগজীবী, চাণ্ডাল, ভূমিপাল, অজাজীবী, কুক্কুরজীবী ও শৌণ্ডিক ও সূতিকা প্রভৃতির অন্ন যদি ব্রাহ্মণ জ্ঞানকৃত ভক্ষণ করে তবে এক মাস ব্রত করিবে। আর যদি অজ্ঞানতঃ ভোজন করে তবে চাণ্ডালাদির অন্ন ভক্ষণে যেরূপ প্রায়শ্চিত্ত নির্দ্দিষ্ট করিয়াছেন সেইরূপ প্রায়শ্চিত্ত করিবে।

যদি চাণ্ডালাদির গৃহে অজ্ঞাত বাস করে পরে জ্ঞাত হইলে যেরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়। প্রমাণং যথা,—

অন্ত্যজাতিরবিজ্ঞাতো নিবসেৎ তস্যবেশ্মনি।
সবৈজ্ঞাত্বাতু কালেন কুর্য্যাত্তত্র বিশোধনং।
চান্দ্রায়ণং পরাকো বা দ্বিজাতীনাং বিশোধনং।
প্রাজাপত্যন্তু শূদ্রাণাং তথা সংসর্গদূষণে॥
যৈ স্তস্য ভুক্তং পক্কান্নং কৃচ্ছ্রং তত্র বিনির্দ্দিশেৎ।
তেষামপিচ যৈ ভুক্তং তেষা মর্দ্ধং বিধীয়তে।
তেষামপিচ যৈ ভুক্তং কৃচ্ছ্রাপাদো বিধীয়তে॥
ইতি আপস্তম্বঃ।

যদি অজ্ঞাননিবন্ধন জন্য চাণ্ডালাদির সহিত চাণ্ডালাদির গৃহে বাস করে, এবং পরে "আমি চাণ্ডালাদির সহিত চাণ্ডালের গৃহে বাস করিয়াছি" ইহা জানিতে পারে তবে ব্রাহ্মণাদি তিনবর্ণ চান্দ্রায়ণ করিবে, বা তদনুকল্প ২২॥০ কাহন বরাটক দান করিবে। শূদ্র প্রাজাপত্য করিবে বা তদনুকল্প ৩ কাহন বরাটক দান করিবে। যাহা লিখিত হইল তাহা জ্ঞানকৃতের পক্ষে অজ্ঞানকৃতস্থলে সকলেরই পরাকব্রত বা তদনুকল্প ১৫ কাহন বরাটক দান করা কর্ত্তব্য।

আর ইহাদের সংসর্গীকে প্রাজাপত্য করিতে হয় বা তদনুকল্প ৩ কাহন বরাটক দান করিতে হয়, এবং সেই সংসর্গীর সহিত যে সংসর্গ করে তাহাকে অর্দ্ধপ্রাজাপত্য অর্থাৎ ১৷৷০ কাহন, আর তৃতীয় সংসর্গী অর্থাৎ সংসর্গীর সংসর্গকারীর সংসর্গীকে মূল প্রাজাপত্যের পাদ অর্থাৎ ৮০ পণ দান করিতে হয়।

ব্যবস্থাপত্র।

অন্ত্যজাতেরবিজ্ঞাতে তদন্নভোজনাসজ্জনিত পাপক্ষয়কামেন ব্রাহ্মণেন চান্দ্রায়ণ ব্রতানুকল্পসার্দ্ধদ্বাবিংশতিকার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাং মতম্।

সকল স্থলেই ব্যবস্থাপত্র উক্ত মত, কেবল জাতি ও বরাটক সংখ্যা প্রভেদ মাত্র।

চাণ্ডালাদি স্পৃষ্টজলপান প্রায়শ্চিত্ত।

যস্তু চাণ্ডাল সংস্পৃষ্টং পিবেত্তোয় মকামতঃ।
সতু সান্তপনং কৃচ্ছ্রং চরেৎ শুদ্ধ্যর্থমাত্মনঃ॥
ইতি স্মার্ত্তঃ।

যদি অজ্ঞানতঃ চাণ্ডালাদি স্পৃষ্ট জল পান করে তবে কৃচ্ছ্র-সান্তপন নামক ব্রত করিবে। আর জ্ঞানপূর্ব্বক উক্ত পাপে লিপ্ত হইলে যে প্রায়শ্চিত্ত লিখিত হইল তাহার দ্বিগুণ করিবে। উক্ত ব্রতে অপারক হইলে ৬ কাহন বরাটক দান করিতে হয়।

চাণ্ডালাদির অন্নাদি ভক্ষণে যে সকল প্রায়শ্চিত্ত লিখিত হইল সেই সকল জ্ঞানাজ্ঞানকৃত সকল স্থলেই।

অথ চাণ্ডালাদির উচ্ছিষ্টভক্ষণ প্রায়শ্চিত্ত।

চাণ্ডাল পতিতাদীনা মুচ্ছিষ্টান্নস্য ভক্ষণে।
দ্বিজঃ শুদ্ধ্যেৎ পরাকেণ শূদ্রঃ কৃচ্ছ্রেণ শুদ্ধ্যতি।
ইতি অঙ্গিরাঃ।

জ্ঞানকৃত চাণ্ডাল ও পতিতাদির উচ্ছিষ্ট ব্রাহ্মণাদি তিন বর্ণের যে কেহ ভক্ষণ করে তাহাকে পরাকব্রত বা তদনুকল্প ১৫ কাহন

বরাটক দান করিতে হইবে। আর শূদ্রস্থলে প্রাজাপত্য অর্থাৎ ৩ কাহন বরাটক, অজ্ঞানকৃতে ইহার অর্দ্ধেক। আর যদি বমন করিয়া ফেলে তথাপিও উক্ত প্রায়শ্চিত্ত কর্ত্তব্য।

ব্যবস্থা পত্র।

চাণ্ডালপতিতাদীনামুচ্ছিষ্টান্ন জ্ঞানকৃত ভক্ষণজনিত পাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণাদিনা পরাকব্রতং করণীয়ং। তদশক্তৌ তদনুকল্প পঞ্চদশকার্যাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

শূদ্রেণপ্রাজাপত্যব্রতং করণীয়ং। অশক্তৌ ত্রিকার্ষাপণী বরাটকদানং কর্ত্তব্যম্। দক্ষিণাচ যথাশক্তি দেয়েতি।

আত্মোচ্ছিষ্টভক্ষণ প্রায়শ্চিত্ত।

আত্মানাং ভুক্তশেষন্তু ভক্ষয়িত্বা দ্বিজাতয়ঃ।
চান্দ্রং কৃচ্ছ্রং তদর্দ্ধন্তু ব্রহ্মক্ষত্রবিশাং বিধিঃ॥
ইতি আপস্তম্বঃ।

আহার করিতে করিতে উঠিয়া গিয়া পুনর্ব্বার যদি সেই পাত্রে উচ্ছিষ্ট বস্তু ভক্ষণ করে তবে ব্রাহ্মণ চান্দ্রায়ণ বা তদনুকল্প ২২॥০ কাহন, ক্ষত্রিয় ও বৈশ্য তপ্তকৃচ্ছ্র বা তদনুকল্প ৯ কাহন, শূদ্র তদর্দ্ধ ৪॥০ কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্র।

আত্মোচ্ছিষ্টভক্ষণজনিতপাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণেন চান্দ্রায়ণব্রতাদ্যশক্তৌ সার্দ্ধদ্বাবিংশতিকার্ষাপণীবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়ং ক্ষত্রবৈশ্যাভ্যান্তু তপ্তকৃচ্ছ্র ব্রতাদ্যশক্তৌ নবকার্ষাপণীদানং কর্ত্তব্যম্ শূদ্রেণ তদর্দ্ধং সার্দ্ধচতুঃকার্ষাপণী দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

চাণ্ডালাদি স্ত্রীগমন প্রায়শ্চিত্ত।

চাণ্ডালান্ত্যস্ত্রিয়োগত্বা ভুক্ত্বাচ প্রতিগৃহ্যচ।
পতত্যজ্ঞানতো বিপ্রো জ্ঞানাৎ সাম্যন্তু গচ্ছতি॥
ইতি মনুঃ।

যদি অজ্ঞানতঃ ব্রাহ্মণ চাণ্ডালাদির গৃহে ভোজন ও তন্নারীগমন এবং তাহাদের দান গ্রহণ করে তবে পতিত এবং জ্ঞানকৃতে তজ্জা-তিত্ব প্রাপ্ত হইবে, ইহা মনু কহিয়াছেন।

কেহ কেহ ব্যবস্থা দেন যে (এই পাপে ব্রহ্মহত্যা পাপের চতু-র্থাংশ করিবে অর্থাৎ ছয়বৎসর কৃচ্ছ্রাচারী হইয়া থাকিবে বা ৫৪০ কাহন বরাটক দান করিবে।) কিন্তু তাহা তাঁহাদের ভুল, কারণ ব্রহ্মহত্যার চতুর্থাংশ, তাহা নয়, মূল ব্রহ্মহত্যা পাপে ১৮০ প্রাজা-পত্য বা তদনুকল্প ৫৪০ কাহন বরাটক। এখানে চতুর্থাংশ ৪৫ প্রাজাপত্য বা অনুকল্প ১৩৫ কাহন বরাটক, যাহা কথিত হইল তাহা অজ্ঞানকৃতপক্ষে, জ্ঞানকৃতে সম্যক ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত, আর পুনর্ব্বার উক্ত পাপে লিপ্ত হইলে জ্ঞানকৃত হইয়া তজ্জাতিত্ব প্রাপ্ত হইবে।

পতিত স্ত্রীসম্ভোগ প্রায়শ্চিত্ত।

ব্রতং যচ্চোদিতং পুংসাং পতিত স্ত্রীনিষেবনাৎ।
তচ্চাপি কারয়েন্মূঢ়াং পতিতা সেবনাৎ স্ত্রিয়ং॥
ইতি অঙ্গিরাঃ।

পূর্ব্বে যে প্রকার প্রায়শ্চিত্ত কথিত হইয়াছে এখানেও সেইরূপ প্রায়শ্চিত্ত কর্ত্তব্য।

যদি উত্তমবর্ণা স্ত্রী অধম বর্ণে উপগতা হয় তবে তাহাকে নিবা-রণ করিবে। তাহাতে শান্ত না হইলে তাহাকে বধ করিলে স্ত্রী হত্যার পাপী হইতে হয় না। প্রমাণং যথা—

হীনবর্ণোপভুক্তায়া ত্যজ্যা বধ্যাপি বা ভবেৎ।
ইতি অঙ্গিরাঃ।

অন্ত্যজাস্ত্রীগমন প্রায়শ্চিত্ত।

নটীং শৈলুষিকীঞ্চৈব রজকীং বেণুজীবীনীং।
গত্বাচান্দ্রায়ণং কুর্য্যাৎ তথা চর্ম্মোপজীবীনীং।
কামতস্তু যদা গচ্ছেৎ চরেৎ চান্দ্রায়ণদ্বয়ং॥
ইতি স্মার্ত্তঃ।

নটী, শৈলূষিকী, রজক, ডোম, চর্ম্মকার ইহাদের স্ত্রীতে গমন করিলে জ্ঞানকৃতে চান্দ্রায়ণদ্বয় করিতে হয় অর্থাৎ ৪৫ কাহন বরাটক দান করিতে হয়। আর অজ্ঞানকৃতে এক চান্দ্রায়ণ অর্থাৎ ২২॥০ কাহন দান করিতে হয়। পরন্তু যম ইহাদের স্ত্রীগমন, বা তৎসহ ভোজন অথবা দানপ্রতিগ্রহ করিলে জ্ঞানতঃ পতিত ও অজ্ঞানতঃ তজ্জাতিত্ব প্রাপ্ত হয় ইহাও ব্যবস্থা করিয়াছেন। যথা—

রজকশ্চর্ম্মকারশ্চ নটোবরুড় এবচ।
কৈবর্ত্তোমেধিভিল্লাশ্চ সপ্তৈতে চান্ত্যকাঃ স্মৃতাঃ।
এতেষান্তু স্ত্রিয়োগত্বা ভুক্ত্বাচ প্রতিগৃহ্য চ।
পতত্য জ্ঞানতো বিপ্রো জ্ঞানাৎ সাম্যন্তু গচ্ছতি॥

ইতি যমঃ।

ব্যবস্থাপত্র।

নটীত্যাদিনাংস্ক্রিয়োগত্বা ব্রাহ্মণাদিতৎপাপক্ষয়কামেন চান্দ্রায়ণদ্বয়াদ্যশক্তৌ পঞ্চচত্বারিংশৎকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়ং, অজ্ঞানতং চান্দ্রায়ণ মেকং বা তদনুকল্পসার্দ্ধদ্বাবিংশতি কার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

অথ ম্লেচ্ছাদি দাস্যকরণ প্রায়শ্চিত্ত।

দাসীকৃতো বলবান্ ম্লেচ্ছৈশ্চাণ্ডালাদৈঃ দস্যুভিঃ।
অশুভং কারিতং কর্ম্ম গবাদেঃ প্রাণহিংসনং।
উচ্ছিষ্ট মার্জ্জনঞ্চৈব তথা তস্যৈব ভক্ষণং।
খরোষ্ট্র বিড়্বরাহাণা মামিষস্যৈব ভক্ষণং।
তৎস্ত্রীণাঞ্চ তথাসঙ্গস্তাভিশ্চ সহভোজনং।
মাসোষিতে দ্বিজাতৌতু প্রাজাপত্যং বিশোধনং।
চান্দ্রায়ণন্ত্বাহিতাগ্নেঃ পরাকস্ত্বথবা ভবেৎ।
চান্দ্রায়ণ পরাকয়াচরেৎ সম্বৎসরোষিতঃ।
সম্বৎসরোষিতঃ শূদ্রো মাসার্দ্ধং যাবকং পিবেৎ।
মাসং বিপ্রোষিতঃ শূদ্রঃ কৃচ্ছুপাদৈর্বিশুদ্ধতি।

বিপ্রোষিত বিশেষেণ বিপ্রকর্ষেণ উষিতঃ।
ঊর্দ্ধং সম্বৎসরাৎ কল্পং প্রায়শ্চিত্তং দ্বিজোত্তমৈঃ।
সম্বৎসরৈশ্চতুর্ভিশ্চ তদ্ভাবং সোঽধিগচ্ছতি।
ত্রাসো ন বিদ্যতে তস্য প্রায়শ্চিত্তং দুরাত্মনঃ॥
ইতি দেবলঃ।

ম্লেচ্ছবিষয়ে প্রমাণমাহ বৌধায়ন।

গোমাংসখাদকো যস্তু বিরুদ্ধং বহুভাষতে।
সর্ব্বাচার বিহীনশ্চ ম্লেচ্ছইত্যভিধীয়তে॥

যদি নিরগ্নিক ব্রাহ্মণ ম্লেচ্ছ, যবন ও চাণ্ডালাদির কি দস্যুর উচ্ছিষ্ট মার্জ্জনা, গর্দ্দভ, উষ্ট্র, বিড়াল, বরাহ উহাদের মাংস ভক্ষণ, ম্লেচ্ছজাতীয় কি অন্ত্যজা স্ত্রীর সহিত ভোজন বা তৎসঙ্গকরণ বা তাহাদের দান প্রতিগ্রহ করে তবে প্রাজাপত্য করিবে এবং সাগ্নিক হইলে চান্দ্রায়ণ করিবে। ক্ষত্রিয় বৈশ্যের পরাকব্রত। নিরগ্নিক ব্রাহ্মণ সম্বৎসর উক্ত জাতিদের দাসত্ব করিলে চান্দ্রায়ণ করিবে, ক্ষত্রিয় বৈশ্য পরাক ব্রত করিবে। শূদ্র যদি এক মাস উক্ত জাতি-দের দাসত্ব করে তবে কৃচ্ছ্রব্রতের এক পাদ করিবে। এক বৎসর করিলে মাসার্দ্ধ যবের যাউ খাইয়া উক্ত ব্রত করিবে, এতদ্ভিন্ন ব্রাহ্মণ চারি বৎসর করিলে চারি চান্দ্রায়ণ, ক্ষত্রিয় বৈশ্যের চারি পরাক ও শূদ্রের চারি প্রাজাপত্য ইহার ঊর্দ্ধ হইলে মরণান্ত প্রায়শ্চিত্ত।

ব্যবস্থাপত্র।

ম্লেচ্ছাদিদাস্যকরণজনিতপাপক্ষয়কামেন ব্রাহ্মণেনচান্দ্রায়ণং ক্ষত্রিয়বৈশ্যাভ্যাং পরাকব্রতং শূদ্রেণ প্রাজাপত্যব্রতং করণীয়মিতি বিদাংমতম্।

অথোচ্ছিষ্টমুখে চাণ্ডালাদি স্পর্শজন্য প্রায়শ্চিত্ত।

ভুক্তোচ্ছিষ্টস্ত্বনাচান্ত শ্চাণ্ডালৈঃ শ্বপচেন বা।
প্রমাদস্পর্শনং গচ্ছেত্তত্র কুর্য্যাদ্বিশোধনং।
গায়ত্র্যষ্ট সহস্রন্তু দ্রুপদাং বা শতং জপেৎ।
ত্রিরাত্রোপোষিতোভূত্বা পঞ্চগব্যেন শুদ্ধ্যতি॥

ভুক্তোচ্ছিষ্টোন্ত্যজৈঃস্পৃষ্টং প্রাজাপত্যং সমাচরেৎ।
অর্দ্ধোচ্ছিষ্টে স্মৃতঃ পাদঃ পাদ আমাসনে তথা ॥
ইতি আপস্তম্বঃ।

যদি চাণ্ডাল ও শ্বপচজাতি উচ্ছিষ্টাস্যে ব্রাহ্মণ ক্ষত্রিয়াদিকে স্পর্শ করে, তবে ব্রাহ্মণ অষ্টাধিকসহস্র গায়ত্রী ও দ্রুপদাদি মন্ত্র শতবার জপ করিয়া শুদ্ধ হইবে।

আর ক্ষত্রিয়াদি বর্ণত্রয় তিনদিন উপবাস করিয়া পঞ্চগব্য পান করিয়া শুদ্ধ হইবে। আর অন্ত্যজ ব্যক্তিকে স্পর্শ করিলে ব্রাহ্মণ প্রাজাপত্য বা ৩ কাহন বরাটক দান করিবে। ক্ষত্রিয়াদিরা পাদ হীন। আর আম দ্রব্য ভক্ষণ ও স্পর্শ করিলে পাদ প্রায়শ্চিত্ত করিবে।

অন্যচ্চ।

পানেমৈথুন সংসর্গে তথা মূত্রপুরীষয়োঃ।
সংস্পর্শং যদি গচ্ছেত্তু শবোদক্যান্ত্যজৈঃ সহ।
দিনমেকঞ্চরেৎ মূত্রে পুরীষে চ দিনদ্বয়ং।
দিনত্রয়ং মৈথুনেস্যাৎ পানেস্যাত্তু চতুষ্টয়ং ॥
ইতি দক্ষঃ।

যদি মূত্রত্যাগ পুরীষত্যাগ কিম্বা মৈথুন সময়ে কিম্বা পানীয় বস্তুর পান সময়ে উক্ত জাতিকে বা উক্ত জাতিতে স্পর্শ করে তবে মূত্রত্যাগে এক দিন, পুরীষত্যাগে দুই দিন, মৈথুনকালে তিন দিন, পানীয় বস্তুর পান কালে চারিদিন, চারিবর্ণেই উপবাস করিয়া থাকিবে।

অন্যচ্চ।

শ্বশূকরান্ত্য চাণ্ডাল মদ্যভাণ্ড রজস্বলাঃ।
যদ্যুচ্ছিষ্টঃ স্পৃশেত্তত্র কৃচ্ছ্রং সান্তপনঞ্চরেৎ ॥
ইতি কশ্যপঃ।

কুক্কুর, শূকর, চাণ্ডাল, মদ্যভাণ্ড ও রজস্বলা স্ত্রী ইহাদিগকে

অভ্যাসতঃ সর্ব্বদা স্পর্শ করিলে কৃচ্ছ্র সান্তপনব্রত করিবে। অশক্ত হইলে ৬ কাহন বরাটক দান করিবে। ইহা চারিবর্ণেরই কর্ত্তব্য।

তথাচ ব্রহ্মপুরাণং।

উচ্ছিষ্টেন তু শূদ্রেণ বিপ্রস্পৃষ্টস্তু তাদৃশঃ।
উপবাসেন শুদ্ধিস্যাৎ শুনাসংস্পৃষ্ট এবচ।
উচ্ছিষ্টেন তু বিপ্রেণ বিপ্রঃস্পৃষ্টস্তু তাদৃশঃ।
উভৌ স্নানং প্রকুরুতঃ সদ্যএব সমাহিতৌ।।

যদি উচ্ছিষ্টমুখ ব্রাহ্মণাদিকে শূদ্র উচ্ছিষ্টমুখে স্পর্শ করে তবে একরাত্র উপবাস করিয়া শুদ্ধ হয়। আর যদি ব্রাহ্মণ ব্রাহ্মণকে উচ্ছিষ্টমুখে স্পর্শ করে তবে উভয়েই স্নান করিয়া শুদ্ধ হয়, আর অনুচ্ছিষ্ট মুখে উচ্ছিষ্টমুখ ব্রাহ্মণকে স্পর্শ করে তবে ব্রাহ্মণ নক্তব্রত অর্থাৎ উপবাস করিয়া শুদ্ধ হইবে।

অথ রজস্বলা স্ত্রী স্পর্শ প্রায়শ্চিত্ত।

রজস্বলেতু যে নার্য্যা বন্যোঽন্যং স্পৃশতো যদি।
সবর্ণে পঞ্চগব্যন্তু ব্রহ্মকূর্চ্চমতঃপরং।।
ইতি বৃদ্ধশাতাতপঃ।

ব্রহ্মকূর্চ্চমাহ জাবালিঃ।

অহোরাত্রোষিতোভূত্বা পৌর্ণমাস্যাং বিশেষতঃ।
পঞ্চগব্যং পিবেৎপ্রাতঃ ব্রহ্মকূর্চ্চ বিধিঃস্মৃতঃ।।

যদি রজস্বলা স্ত্রীকে রজস্বলাস্ত্রী স্পর্শ করে তবে সেই স্ত্রী সবর্ণা হইলে পঞ্চগব্য পান করিবে। আর অসবর্ণা হইলে ব্রহ্মকূর্চ্চ অর্থাৎ অহোরাত্র উপবাস করিয়া প্রাতে পঞ্চগব্য পান করিবে।

বিশেষমাহ।

রজস্বলাতু সংস্পৃষ্টা ব্রাহ্মণ্যাব্রাহ্মণী যদি।
একরাত্রং নিরাহারা পঞ্চগব্যেন শুদ্ধ্যতি।।

রজস্বলাতু সংস্পৃষ্টা রাজন্যা ব্রাহ্মণী যদি।
ত্রিরাত্রেণ বিশুদ্ধিঃ স্যাদ্ব্যাসস্য বচনং যথা।
রজস্বলাতু সংস্পৃষ্টা বৈশ্যয়া ব্রাহ্মণী চ যা।
পঞ্চরাত্রং নিরাহারা পঞ্চগব্যেন শুদ্ধ্যতি।
রজস্বলাতু সংস্পৃষ্টা শূদ্রয়া ব্রাহ্মণী যদি।
ষড়্রাত্রেণ বিশুদ্ধ্যেত্তু ব্রাহ্মণী কামচারতঃ।
অকামতশ্চরেদর্দ্ধং ব্রাহ্মণী সর্ব্বজাতিষু।
চাণ্ডালেন শ্বপাকেন সংস্পৃষ্টা চেদ্রজস্বলা।
অতিক্রম্যতান্যহানি প্রায়শ্চিত্তং সমাচরেৎ।
ত্রিরাত্রমুপবাসঃস্যাৎ পঞ্চগব্যেন শুদ্ধ্যতি।
তাংনিশান্ত ব্যতিক্রম্য অজাঘ্রাণন্তু কারয়েৎ॥
ইতি কশ্যপঃ।

যদি ব্রাহ্মণী রজস্বলা ব্রাহ্মণীকে, ক্ষত্রিয়াকে, বৈশ্যাকে বা শূদ্রাণিকে স্পর্শ করে তবে ক্রমান্বয়ে একরাত্র, ত্রিরাত্র, পঞ্চরাত্র ও ষড়্রাত্র উপবাস ও সকল পক্ষেই পঞ্চগব্য পান করিয়া শুদ্ধ হইবে। এই ব্যবস্থা সকলের পক্ষে সমান অর্থাৎ ক্ষত্রিয়াদিরা যদি স্পর্শ করে তবে তাহাদের পক্ষেও ঐ ব্যবস্থা, যাহা লিখিত হইল তাহা জ্ঞানকৃতে অজ্ঞানকৃতে অর্দ্ধ, সর্ব্ববর্ণের পক্ষেই। যদি চাণ্ডাল ও শ্বপচ স্ত্রীকে রজস্বলাবস্থায় স্পর্শ করে তবে সর্ব্ববর্ণেই ত্রিরাত্র উপবাস করিয়া পঞ্চগব্য পান করিয়া শুদ্ধ হইবে।

অথাভক্ষ্যভক্ষণ প্রায়শ্চিত্ত।

গোমাংস ভক্ষণে প্রাজাপত্যং ভবেৎ। ইতি সুমন্তু।

যদি অজ্ঞানতঃ গোমাংস একবার ভক্ষণ করে তবে প্রাজাপত্য ব্রত, অশক্তে ৩ কাহন বরাটক দান করিবে। আর জ্ঞানকৃতে এক বার ভক্ষণে দুই প্রাজাপত্য করিবে, অশক্তে ৬ কাহন বরাটক দান

ব্যবস্থাপত্র।

সকৃদজ্ঞানতঃ গোমাংসভক্ষণজনিত পাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণাদিনা প্রাজাপত্য ব্রতং করণীয়ং। তদভাবে ত্রকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়ং। জ্ঞানতঃ প্রাজাপত্য ব্রতদ্বয়ং করণীয়ম্ তদশক্তৌ ষট্‌কার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্য-মিতি বিদাংমতম্।

চিরতরকাল অর্থাৎ একবৎসর গোমাংস ভক্ষণ করিয়া পরে শুদ্ধ হইবার ইচ্ছা করিলে একবৎসর ব্রত করিবে। তদভাবে ১৫ পঞ্চদশ ধেনু বা তন্মূল্য ৪৫ কাহন বরাটক দান করিবে দক্ষিণা যথাশক্তি।

গোমাংস খাদকের প্রায়শ্চিত্ত করণানন্তর পুনর্ব্বার উপনয়ন দিতে হয়। প্রমাণং যথা;—

গ্রাম্যকুক্কুট নরমাংস ভক্ষণেষু সর্ব্বেষু দ্বিজাতিনাং
প্রায়শ্চিত্তান্তে ভুয়ঃ সংস্কারং কুর্য্যাৎ। ইতি বিষ্ণুঃ।

যদি গ্রাম্যকুক্কুট ও নরমাংস কি গোমাংস ভক্ষণ করে তবে উক্ত রূপ প্রায়শ্চিত্ত করিয়া পুনর্ব্বার সংস্কার করিবে। আর যদি সংস্কার করণে অশক্ত হয় তবে এক চান্দ্রায়ণ অর্থাৎ ২২॥০ কাহন বরাটক দান কর্ত্তব্য।

অন্যচ্চ।

গোমশ্বং কুঞ্জরোষ্ট্রৌ চ সর্ব্বং পঞ্চনখন্তথা।
ক্রব্যাদং কুক্কুটং গ্রাম্যং কুর্য্যাৎ সম্বৎসরং ব্রতং॥
ইতি শংখঃ।

গো, অশ্ব, হস্তী, উষ্ট্র, পঞ্চনখ, অর্থাৎ মনুষ্য, বানর, হস্তী ও ব্যাঘ্র ও গ্রাম্যকুক্কুট ইহাদের মাংস জ্ঞানকৃত ভক্ষণ করিয়া শুদ্ধ হইবার ইচ্ছা হইলে একবৎসর ব্রত বা তদনুকল্প ৪৫ কাহন বরাটক উৎসর্গ করিবে। অজ্ঞানকৃতে অৰ্দ্ধেক। আর প্রায়শ্চিত্তান্তে দ্বিজাতির উপনয়ন করিবে। এই ব্যবস্থা বারম্বার ভক্ষণ করিলে।

অলেহ্যানামপেয়ানামভক্ষণাঞ্চ ভক্ষণে।
রেতমূত্রপুরীষাণাং শুদ্ধ্যৈ চান্দ্রায়ণঞ্চরেৎ॥
ইতি স্মার্ত্তঃ।

যদি অলেহ্য, অপেয়, অভক্ষ্য বা রেত ও মূত্র পুরীষাদি জ্ঞানকৃত ভক্ষণ করে তবে চান্দ্রায়ণ বা তদনুকল্প ২২॥০ কাহন বরাটক দান করিবে। ইহাতে বৃদ্ধাদি প্রভেদ নাই, যাহা প্রভেদ আছে তাহা লিখিত হইল।

অম্বুবাচীদিনেচৈব পাকং কৃত্বা ন ভক্ষয়েৎ।
স্বপাকং পরপাকম্বা চাণ্ডালান্ন সমং স্মৃতং॥
তিথিতত্ত্বোদ্ধৃতবচনং।

অম্বুবাচীর দিনে স্বকীয় কি পরকীয় কোন প্রকারে পক্কবস্তু ভক্ষণ করিতে নাই, করিলে চাণ্ডালান্ন ভক্ষণের প্রায়শ্চিত্ত করিতে হয়। যতি, ব্রহ্মচারী, বিধবা স্ত্রী ইত্যাদি সকলের পক্ষে এই ব্যবস্থা অর্থাৎ কেহই সেই দিনে অন্নভক্ষণ করিবে না।

মৎস্য কণ্টক সশম্বূক শংখ শুক্তি কপর্দ্দকান্।
পিত্বানবোধকঞ্চৈব পঞ্চগব্যেন শুদ্ধ্যতি॥
ইতি হারীতঃ।

মৎস্য, কন্টক, শম্বূক, শঙ্খ, শুক্তি, কপর্দ্দক ইহাদের ভক্ষণ আর নূতন জল (১) অর্থাৎ যে পুষ্করিণী নূতন হইয়াছে তাহার জলপান করিলে পঞ্চগব্য পানে শুদ্ধি প্রাপ্ত হয়।

অথ সভার্য্যায়াং মাতৃত্বাদিনাবদতঃ প্রায়শ্চিত্ত।

ক্রোধান্মোহাদ্বদন্ ভার্য্যাং কাতরং ভগিনীমপি।
প্রাজাপত্য ব্রতং কুর্য্যাৎ সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিঃ॥
ইতি স্মৃতিসাগরে যমঃ।

যদি ক্রোধ বা মোহপ্রযুক্ত স্বীয় ভার্য্যাকে মাতা বা ভগিনী বলিয়া সম্বোধন করে তবে ব্রাহ্মণাদি চারিবর্ণেরই পক্ষে প্রাজাপত্য ব্রত করণ কর্ত্তব্য, বা তদনুকল্প ৩ কাহন বরাটক দান করা বিধেয়।

(১) কেহ কেহ বৃষ্টিজলকেও নবোদক কহেন।

অন্যচ্চ।

ত্যাগানান্তরং সংগ্রাহ মৎস্যসূক্তং।
ক্রোধাদ্যদি ত্যজেদ্ভার্য্যাং বয়স্থাঞ্চ গুণাধিকং।
ঋষিচান্দ্রায়ণং কৃত্বা পুনঃ সংগ্রহণাদিশেৎ॥
ইতি মৎস্যপুরাণং।

যদি ক্রোধ বশতঃ গুণবতী বয়স্থা ভার্য্যাকে মা কি ভগিনী সম্বোধনপূর্ব্বক পরিত্যাগ করিয়া পুনর্ব্বার উপভোগ করে তবে ঋষিচান্দ্রায়ণ করিয়া পুনর্ব্বার তাহাকে গ্রহণ করিবে। ঋষি-চান্দ্রায়ণ অর্থাৎ একমাস পর্য্যন্ত প্রতিদিন তিন তিন গ্রাস অন্ন ভক্ষণ করিবে বা তদনুকল্প ২৩ ধেনুদান করিবে তদশক্তিতে ৬৭৷৷৹ কাহন বরাটক দান করিবে।

ব্যবস্থাপত্র।

ক্রোধান্মোহাদ্বাস্বভার্য্যায়াং মাতৃত্বাদিবদতা ব্রাহ্মণাদি সর্ব্ববর্ণেন প্রাজাপত্য ব্রতং করণীয়ং। তদশক্তৌ ত্রিকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতম্।

অনাশ্রমিত্ব প্রায়শ্চিত্তং।

পিতৃ পুত্র সুহৃদ্ভ্রাতৃ দম্পত্যাচার্য্যশিষ্যকাঃ।
এষাম পতিতানাঞ্চ ত্যাগী চ শতদণ্ডভাক্।

যদি কেহ অপতিত পিতৃ, পুত্র, সুহৃদ, ভ্রাতৃ, স্ত্রী, আচার্য্য, শিষ্য ইহাদিগকে ত্যাগ করিয়া আশ্রম ত্যাগ করে তবে ১০০ পণ বরাটক প্রায়শ্চিত্ত করিবে।

ব্যবস্থাপত্র।

পিতৃপুত্রসুহৃদ্ভ্রাতৃদম্পত্যাচার্য্যশিষ্যত্যাগিনা ব্রাহ্মণাদিনা শতপণবরাটকদান-রূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

অথ ব্রাত্য প্রায়শ্চিত্ত।

যেষাং দ্বিজানাং সাবিত্রীনানুতিষ্ঠেদ্ যথাবিধি।
তাং শ্চারয়িত্বাত্রীন্ কৃচ্ছ্রান্ যথাবিধ্যুপনায়য়েৎ॥
ইতি মনুঃ॥

যে ব্যক্তি যথাবিহিত কালে অর্থাৎ ব্রাহ্মণ ১৫ বৎসরের মধ্যে, ক্ষত্রিয় ২২ বৎসরের মধ্যে ও বৈশ্য ২৪ বৎসরের মধ্যে উপনীত না হয় তবে তাহাকে ব্রাত্য কহে। তাহার প্রায়শ্চিত্ত এই যে, উক্ত অনুপনীত বালককে, তিন প্রাজাপত্য ব্রত অর্থাৎ ৯ কাহন বরাটক দানরূপ প্রায়শ্চিত্ত করাইয়া পরে উপনয়ন করাইতে হয়। এই ব্যবস্থা পিতৃ মাতৃবিহীন দরিদ্রের পক্ষে। প্রমাণং যথা ;—

পিতৃ মাতৃ রহিতস্য নিস্বজনস্য প্রাজাপত্যত্রয়ং
প্রায়শ্চিত্তান্তে উপনয়নমিতি। ইতি স্মার্ত্তঃ।

ব্রাত্য ব্যক্তি দরিদ্র না হইলে চান্দ্রায়ণ করিয়া গো দক্ষিণা দিবে। প্রমাণং যথা ;—

ব্রাত্যশ্চান্দ্রায়ণঞ্চরেৎ গোপ্রদানঞ্চ কুর্য্যাৎ।
ইতি শংখ লিখিতৌ।

ব্যবস্থাপত্র।

বিহিতকালেনানুপনীতেন পিতৃমাতৃবিহীন নির্ধনবিপ্রাদি বালকেন ত্রিপ্রাজাপত্যব্রতং করণীয়ং তদভাবে নবকার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যম্ সপিতৃক ধনশালিনাতু গোদক্ষিণক চান্দ্রায়ণ ব্রতং কর্ত্তব্যং তদশক্তেন এক কার্ষাপণী দক্ষিণক সার্দ্ধদ্বাবিংশতি কার্ষাপণী দানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি ব্যবস্থা।

অথ দিবামৈথুন প্রায়শ্চিত্ত।

দিবাতু মৈথুনং গত্বা নগ্নঃ স্নাত্বা তথাপ্সু সি।
নগ্নাং পরাস্ত্রিয়ং দৃষ্ট্বা দিনমেকং ব্রতীভবেৎ॥

দিবাতে স্ত্রীসঙ্গ, উলঙ্গ হইয়া স্নান ও পরস্ত্রীকে উলঙ্গাবস্থায় দৃষ্টি করিলে একদিন উপবাস করিবে। আর যদি নিষিদ্ধ দিনে অর্থাৎ অষ্টমী, চতুর্দ্দশী ও পূর্ণিমা ও অমাবস্যা এই কয়দিনে মৈথুন করে তবে একদিন উপবাস করিবে। অশক্তিতে ৮৷৹ কাহন বরাটক দান করিবে। আর যদি জানিয়া উক্ত কর্ম্ম করে তবে এক প্রাজাপত্য করিবে অর্থাৎ ৩ কাহন বরাটক দান করিবে। অত্যন্তাভ্যাসে চান্দ্রায়ণ অর্থাৎ ২২৷৹ কাহন বরাটক দান করিবে।

অথাতিপাতক প্রায়শ্চিত্ত।

অর্শ আদ্যানৃণাং রোগা অতিপাপাদ্ভবন্তিহি।
অন্যেচ বহুধারোগা জায়ন্তে রোগশঙ্করাঃ।
ইতি শাতাতপীয়কর্ম্মবিপাকে।

ইহ জন্মের কৃত অতিপাতকের প্রায়শ্চিত্ত কথিত হইয়াছে, এক্ষণে রোগদৃষ্টে পূর্ব্বজন্মকৃতাতিপাতকের প্রায়শ্চিত্ত কথিত হইতেছে। যে ব্যক্তি পূর্ব্বজন্মে অতিপাতকের কার্য্য করে অর্থাৎ মাতৃগমন, কন্যাগমন ও পুত্রবধুগমন করে তাহাকে ইহ জন্মে বৃহৎ কুষ্ঠ ও অর্শরোগাক্রান্ত হইয়া তত্তৎ পাপের ফলভোগ করিতে হয় এই জন্য উক্ত পাপক্ষয়ার্থ পূর্ব্বোক্ত রোগের প্রায়শ্চিত্ত যাহা নির্দ্দিষ্ট করিয়াছেন তাহা লিখিত হইতেছে।

ব্যবস্থাপত্র।

বৃহৎ কুষ্ঠরোগসূচিতাতিপাতক শেষ পাপক্ষয়কামেন পরাকব্রতদ্বয়াদ্যশক্তৌ যৎকিঞ্চিদ্দাক্ষিণকং ত্রিংশৎকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাং মতম্।

অর্শোরোগে পরাকদ্বয়মেব।

অকৃত প্রায়শ্চিত্ত অশুচি শুক্রোৎপন্ন পুত্র কন্যাকেও প্রায়শ্চিত্ত করিতে হয়। পণ্ডিতেরা তাহাদের পক্ষে পূর্ব্বোক্ত প্রায়শ্চিত্তের তৃতীয় ভাগ করিতে কহিয়াছেন। কন্যাপক্ষে এই ব্যবস্থার তিন ভাগ অর্থাৎ তৃতীয় ভাগের এক ভাগ।

ব্যবস্থাপত্র।

অকৃতপ্রায়শ্চিত্তার্শোরোগযুক্তোৎপন্নেন পুত্রেণ তৎপাপক্ষয়ায় পরাকব্রতদ্বয় তৃতীয়ভাগাদ্যশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণকং দশকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

দুহিত্রীপক্ষেতু ষড়্‌বিংশতিকপর্দ্দকাধিক ত্রিকার্ষাপণীতি লিখিতব্যম্।

স্বল্পকুষ্ঠ প্রায়শ্চিত্ত। ব্যবস্থাপত্র।

স্বল্পকুষ্ঠরোগসূচিত মহাপাতকশেষপাপক্ষয়কামেন পরাকব্রতাদ্যশক্তৌ যৎ কিঞ্চিদ্দক্ষিণক পঞ্চদশকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

ইতি কাশীনাথ শর্ম্মনঃ ব্যবস্থা।

সর্ব্বাঙ্গশ্বিত্রে পরাকদ্বয়ং অল্পেতু পরাকং।

ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ কেবল রোগ ও বরাটক সংখ্যা ভিন্ন মাত্র।

ইতি কাশীনাথ শর্ম্মণঃ ব্যবস্থা।

অথ মহাপাতক প্রায়শ্চিত্ত।

ইহ জন্মে মহাপাতকীর মরণান্ত প্রায়শ্চিত্ত, তাহা পূর্ব্বে লিখিত হইয়াছে। আর পূর্ব্বজন্মকৃত মহাপাপে ইহজন্মে রোগ দৃষ্ট হইবে। উক্ত রোগ সকলও পূর্ব্বে লিখিত হইয়াছে।

ব্যবস্থাপত্র।

যক্ষ্মারোগসূচিতমহাপাতকশেষপাপক্ষয়কামেন পরাকব্রতংকরণীয়ং। তদভাবে পঞ্চধেনুমূল্য পঞ্চদশকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি বিদাং মতম্।

কুষ্ঠরোগের পক্ষে এইরূপ ব্যবস্থা করিয়াছেন যে, সর্ব্বাঙ্গশ্বিত্রিতে পরাকদ্বয় ও অল্পে এক পরাক। ব্যবস্থাপত্র উক্ত প্রকার, কেবল (শ্বিত্র কুষ্ঠরোগসূচিত) এই, আর বরাটক সংখ্যা প্রভেদ মাত্র।

মহাপাতকস্থলে যে সকল রোগ লিখিত হইয়াছে তাহাতে সকলের পক্ষেই পরাক ব্রত। অশক্তে পঞ্চদশ কার্ষাপণী বরাটক দান। ব্যবস্থাপত্র পূর্ব্বোক্ত প্রকার, কেবল রোগ নামমাত্র প্রভেদ।

উপপাতক প্রায়শ্চিত্ত।

জলোদর, যকৃৎ, প্লীহা, শূল, ব্রণ, শ্বাস, অজীর্ণ, জ্বর, ছর্দ্দি, ভ্রম, মোহ এই সকল রোগ পূর্ব্বজন্মকৃত উপপাতকোদ্ভব। এই সকল রোগবিশিষ্ট ব্যক্তিকে উপপাতকের প্রায়শ্চিত্ত করিতে হয়, শাস্ত্রকারেরা এতৎ প্রায়শ্চিত্ত পরাকব্রতের অর্দ্ধেক অর্থাৎ ৭॥০ কাহন বরাটক ব্যবস্থাপিত করিয়াছেন।

ব্যবস্থাপত্র।

জলোদররোগসূচিতোপপাতক শেষপাপক্ষয়কামেন পরাকব্রতার্দ্ধাদ্যশক্তৌ যৎ কিঞ্চিদ্দক্ষিণকং সার্দ্ধসপ্তকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

অন্য রোগের পক্ষে ব্যবস্থাপত্রও উক্ত প্রকার, কেবল রোগের নাম মাত্র প্রভেদ। আর শূলরোগের পক্ষে কিঞ্চিৎ বিশেষ আছে। যথা অল্প হইলে উক্ত প্রকার। (তস্য বলবত্যেতু দ্বিগুণং) বালক হইলে দ্বিগুণ প্রায়শ্চিত্ত শাস্ত্রকারেরা ইহা কহিয়া থাকেন।

যে মহাপাতকীর সংসর্গে থাকে তাহাকে অনুপাতকী কহে। অনুপাতকীর প্রায়শ্চিত্ত মহাপাতকীর সমান। তদ্ভিন্ন গায়ত্র্যাদি জপ করিলেও অনুপাতকীর পাপের প্রায়শ্চিত্ত হয়। প্রমাণং যথা—

শতং জপ্তাতু সাদেবী সর্ব্বপাপ বিনাশিনী।
সহস্রং জপ্তাতু দেবী পাতকেভ্যং প্রমোচনী।
দশ সহস্র জপ্যেন সর্ব্ব কল্মষ নাশিনী।
লক্ষং জপ্তাতু সাদেবী মহাপাতক নাশিনী॥
ইতি মিতাক্ষরায়াং শঙ্খঃ।

গায়ত্রী শতবার জপ করিলে প্রকীর্ণ অপাত্রীকরণ ইত্যাদি পাপ মুক্ত। সহস্রবার জপ করিলে উপপাতক নাশ, দশসহস্রবার জপ করিলে অনুপাতকীর পাপ বিনষ্ট হয়, আর লক্ষবার জপ করিলে মহাপাতক নাশ হয়। এতদ্ভিন্ন বৈধ গঙ্গাস্নান ও উক্ত প্রকার জপ করিলেও পূর্ব্বপ্রকার পাপ নাশ হয়।

অথ দদ্রুরোগ প্রায়শ্চিত্ত।

দার্ব্বাহারীচ পুরুষো জায়তে দদ্রুরোগবান্।
স তু পাপবিশুদ্ধ্যর্থং দদ্যাত্তৈল ঘটদ্বয়ং॥
ইতি শাতাতপঃ।

যে ব্যক্তি কাষ্ঠ অপহরণ করে তাহার সর্ব্ব শরীর দদ্রুরোগযুক্ত হয়। তাহার প্রায়শ্চিত্ত এই যে, অশীতিপল পরিমিত তিল তৈল পূর্ণ ঘটদ্বয় দান করিতে হয়। এক পল পরিমাণ, অর্থাৎ তিনতোলা আট রতি দুই মাসা।

ব্যবস্থাপত্র।

দদ্রুরোগসূচিতপাপক্ষয়কামেন যৎকিঞ্চিদ্দক্ষিণক দ্বিকলসপরিপূর্ণতিলতৈলদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

অথ প্রকীর্ণ পাপ প্রায়শ্চিত্ত।

বিধবার একাদশীদিবসে অন্নভক্ষণ, গর্ভ্ভাবস্থায় স্ত্রীলোক মরিলে সগর্ভ্ভদাহ, আর শ্রাদ্ধকরণে অধিকারসত্বে শ্রাদ্ধ না করণ, এই সকলকে প্রকীর্ণকরণ পাপ কহে, অর্থাৎ ইহাদের আচরণে প্রকীর্ণ পাপের পাপী হইতে হয়।

তাহার প্রায়শ্চিত্ত এই যে, বিধবার একাদশী দিবসে অন্নাশন জন্য চান্দ্রায়ণ, গর্ব্ভবতী স্ত্রীর সগর্ভ্ভ দাহে প্রাজাপত্য ও শ্রাদ্ধ অকরণে অহোরাত্র উপবাস, তদশক্তে ৮ পণ বরাটক দান।

ব্যবস্থাপত্র।

প্রকীর্ণপাপক্ষয়কামেন চান্দ্রায়ণব্রতাদ্যশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণক সার্দ্ধদ্বাত্রিংশতিকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্।

অথ যজ্ঞোপবীত ছেদন প্রায়শ্চিত্ত।

ব্রাহ্মণেন যদা দৈবাৎ ছিন্নং যজ্ঞোপবীতকং।
মনস্তাপেন শুদ্ধিঃ স্যাৎ আপস্তম্বোঽব্রবীন্মুনিঃ।
প্রাণায়াম ত্রয়ং কৃত্বা নীরাহারং ক্ষিপেদ্দিনং॥
ইতি স্মৃতিসাগরে আপস্তম্ব।

যদি দৈবাৎ কোন কারণ বশতঃ ব্রাহ্মণের যজ্ঞোপবীত ছিন্ন হয় তবে উপবাস ও মনস্তাপ করিয়া তিনবার প্রাণায়াম করিলেই শুদ্ধ হইবে।

অন্যচ্চ।

উপবীতং ব্রাহ্মণস্য ছিন্নং শূদ্রেণ কামতঃ।
অন্যদাদায় মন্ত্রেণ জপেন্নুপবসেদ্দিনং॥ ইতি বৃহন্মনুঃ।

যদি শূদ্র কর্ত্তৃক ব্রাহ্মণের উপবীত ছিন্ন হয় তবে ব্রাহ্মণ অন্য যজ্ঞোপবীত ধারণ করিয়া একশতবার গায়ত্রী জপ করিয়া সমস্ত দিন উপবাস করিয়া থাকিবে।

অবিবাহিতা কন্যার সপিণ্ডত্ব সাতপুরুষপর্য্যন্ত থাকে, তাহা পূর্ব্বে অশৌচ ব্যবস্থাতে কথিত হইয়াছে, আর মাতামহ পক্ষে সাপিণ্ড্য পাঁচপুরুষপর্য্যন্ত থাকে এজন্য পিতৃপক্ষে সপ্তমী ও মাতৃপক্ষে পঞ্চমী কন্যা বিবাহ করিতে নিষেধ করিয়াছেন। প্রমাণং যথা;—

মতামহপক্ষেতু সাপিণ্ড্যং পাঞ্চপৌরুষং।
পঞ্চমাৎ সপ্তমাদূর্দ্ধং মাতৃতঃ পিতৃতঃ ক্রমাৎ॥
ইতি বিবেকসারে।

সপিণ্ডতা নিবর্ত্তেত সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিরিতি হরিনাথ মহামহোপাধ্যায়ধৃতবচনাৎ, পিণ্ডনিবৃত্তিঃ সপ্তমে পঞ্চমেবেতি হারলতাধৃতগৌতমসূত্রে পঞ্চমাৎ ইতো-তস্য মাতামহপক্ষবিষয়াত্বাচ্চ পিণ্ডনিবৃত্তিরিত্যত্র সাপিণ্ড্যনিবৃত্তিরিত্যাচারমাধবীয়ে পাঠঃ তদাব্যক্ত এবার্থঃ। এবঞ্চাদত্ত কন্যায়াং পিতৃপক্ষে সাপিণ্ড্যং সাপ্তপৌরুষং মাতামহপক্ষে পাঞ্চপৌরুষং সাপিণ্ড্যঞ্চ বিবাহ মাত্রে পূর্ব্বোক্ত বিষ্ণুপুরাণ বিষ্ণুসূত্রাভ্যাং অসমানার্ষেয়ীং কন্যাং বরয়েৎ।

যদি কোন ব্রাহ্মণ অজ্ঞানতঃ সগোত্রা বা সমান প্রবরা স্ত্রীকে বিবাহ করে তবে সেই স্ত্রীকে পরিত্যাগ করিয়া চান্দ্রায়ণ (১) ব্রত করিবে। প্রমাণং যথা;—

পরিণীয় সগোত্রান্তু সমান প্রবরান্তথা।
তস্যাঃ কৃত্বা সমুৎসর্গং দ্বিজশ্চান্দ্রায়ণঞ্চরেৎ॥
ইতি মেধাতিথি ও বশিষ্ঠঃ।

অথ বিবাহস্য প্রকার নির্ণয়ঃ।

ব্রাহ্মোদৈবস্তথৈবার্ষঃ প্রাজাপত্যস্তনাসুরঃ।
গান্ধর্ব্বোরাক্ষসশ্চৈব পৈশাচশ্চাষ্টমোঽধমঃ॥
ইতি মনুসংহিতা ৩ অ, ২১ শ্লোক।

ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস ও পৈশাচ এই আট প্রকার বিবাহ হয়। ইহার মধ্যে পৈশাচ বিবাহ সর্ব্বাপেক্ষা অধম।

(১) প্রায়শ্চিত্তখণ্ডে চান্দ্রায়ণ ব্রতের অনুকল্প বর্ণিত আছে।

অথ ব্রাহ্ম বিবাহ নিরূপণং।

আচ্ছাদ্য চার্চ্চয়িত্বা চ শ্রুতশীলবতে স্বয়ং।
আহুয় দানং কন্যায়া ব্রাহ্মোধর্ম্মঃ প্রকীর্ত্তিতঃ॥
ইতি মনুসংহিতা ৩অ, ২৭ শ্লোক।

বস্ত্রালঙ্কারাদি দ্বারা বরকে আচ্ছাদন ও পূজন পূর্ব্বক, বিদ্যাদি সদাচার সম্পন্ন বরকে আবাহন করিয়া যে কন্যা দান করা যায় তাদৃশ সম্প্রদান বিবাহকে ব্রাহ্মবিবাহ বলে।

অথ দৈববিবাহ।

যজ্ঞেতু বিততে সম্যগৃত্বিজে কর্ম্মকুর্ব্বতে।
অলঙ্কৃত্য সুতাদানং দৈবং ধর্ম্মঃ প্রচক্ষতে॥
ইতি মনুসংহিতা ৩অ, ২৮ শ্লোক।

অতি বিস্তৃত জ্যোতিষ্টোমাদি যজ্ঞারম্ভ কালে সেই যজ্ঞে কর্ম্ম-কর্ত্তা পুরোহিতকে সালঙ্কৃত কন্যার যে দান উক্ত দান সম্পাদ্য বিবাহকে দৈব বিবাহ বলা যায়।

অথ আর্ষবিবাহ।

একং গোমিথুনং দ্বে বা বরদাদায় ধর্ম্মতঃ।
কন্যাপ্রদানং বিধিবদার্ষো ধর্ম্মঃ স উচ্যতে॥
ইতি মনুসংহিতা ৩অ, ২ শ্লোক।

একগাভী ও এক বৃষ ইহাকে গোমিথুন বলা যায়। ধর্ম্মার্থে (অর্থাৎ যাগাদি সিদ্ধির নিমিত্ত কন্যা বিক্রয় মূল্য স্বরূপ নহে) এই রূপ এক বা দুই গোমিথুন বরপক্ষ হইতে লইয়া ঐ বরকে যে কন্যা দান, উক্ত দান সম্পাদ্য বিবাহকে আর্ষবিবাহ বলা যায়।

অথ প্রাজাপত্য বিবাহ।

সহোভৌ চরতাং ধর্ম্মমিতি বাচানুভাষ্য চ।
কন্যা প্রদানমভ্যর্চ্চ্য প্রাজাপত্যো বিধিঃ স্মৃতঃ।
ইতি মনুসংহিতা ৩অ, ৩০ শ্লোকঃ।

তোমরা উভয়ে গার্হস্থ্য ধর্ম্মাচরণ কর, এই কথা বলিয়া বর কন্যাকে অর্চ্চনা পূর্ব্বক বরকে যে কন্যা দান, উক্ত দান সম্পাদক বিবাহকে প্রাজাপত্য বিবাহ বলা যায়।

অথ আসুর বিবাহ।

জ্ঞাতিভ্যো দ্রবিণং দত্ত্বা কন্যায়ৈ চৈব শক্তিতঃ।
কন্যা প্রদানং স্বাচ্ছন্দ্যা দাসুরো ধর্ম্ম উচ্যতে॥
ইতি মনুসংহিতা ৩অ, ৩২ শ্লোক।

কন্যার পিত্রাদিগকে এবং কন্যাকে যথাশক্তি শুল্ক দিয়া বরের স্বেচ্ছানুসারে যে কন্যা গ্রহণ, তাদৃশ কন্যাগ্রহণ সম্পাদ্য বিবাহকে আসুর বিবাহ বলা যায়।

অথ গান্ধর্ব্ব বিবাহ।

ইচ্ছয়ান্যোন্য সংযোগঃ কন্যাশ্চ বরস্য চ।
গান্ধর্ব্বঃ সতু বিজ্ঞেয়ো মৈথুন্যঃ কামসম্ভবঃ॥
ইতি মনুসংহিতা ৩অ, ৩২ শ্লোক।

কন্যা ও বরের পরস্পর অনুরাগ সহকারে যে বিবাহ হয় তাহার নাম গান্ধর্ব্ব বিবাহ। এই বিবাহ কামবশতঃ মৈথুনেচ্ছায় ঘটিয়া থাকে।

অথ রাক্ষস বিবাহ।

হত্বা ছিত্বা চ ভিত্বা চ ক্রোশন্তীং রুদতীং গৃহাৎ।
প্রহস্য কন্যাহরণং রাক্ষসো বিধি রুচ্যতে॥
ইতি মনুসংহিতা ৩অ, ৩৩ শ্লোক।

বলপূর্ব্বক কন্যা গ্রহণকালে কন্যা রোদনপর হইলে তাহার পিতৃ ভ্রাতৃ ও বান্ধব সমূহ দ্বারা হারক ব্যক্তি আক্রান্ত হইয়াও কন্যা বলপূর্ব্বক আনয়ন করিয়া বিবাহ করার নাম রাক্ষস বিবাহ।

অথ পৈশাচ বিবাহ।

সুপ্তাং মত্তাং প্রমত্তাং বা রহো যত্রোপগচ্ছতি।
সপাপিষ্ঠো বিবাহানাং পৈশাচশ্চাষ্টমোঽধমঃ॥
ইতি মনুসংহিতা ৩অ, ৩২ শ্লোক।

নিদ্রায় অভিভূতা বা মদ্যপানে বিহ্বলা অথবা অনবধানযুক্তা স্ত্রীকে নির্জ্জনপ্রদেশে গমন করার নাম পৈশাচ বিবাহ, এই আট প্রকার বিবাহের মধ্যে এই প্রকার বিবাহ অতি পাপজনক ও অতি অধম।

—

অথ কন্যা গ্রহণ নিষেধ।

সপ্তপৌনর্ভবাঃ কন্যা বর্জ্জনীয়াঃ কুলাধমাঃ।
বাচা দত্তামনোদত্তা কৃতকৌতুক মঙ্গলা॥
উদক স্পর্শিতা যাতু যাচ পাণিগৃহীতিকা।
অগ্নিংপরিগতা যাতু পুনর্ভু প্রসবা চ যা॥
ইত্যেতাঃ কাশ্যপেনোক্তা দহন্তি কুলমগ্নিবৎ॥
ইতি কাশ্যপঃ।

যাহাকে বাক্যদ্বারা, বা মনোদ্বারা দান করা হইয়াছে আর যাহার মাঙ্গল্যসূত্রবদ্ধ হইয়াছে, যে কন্যা উদকাদিদ্বারা দানকৃত হইয়াছে, আর যে কন্যার পাণিগ্রহণ ক্রিয়া নিষ্পন্ন হইয়াছে ও যে কন্যা অগ্নি সাক্ষ্যরূপে বিবাহে প্রতিশ্রুতা হইয়াছে, এই কয় প্রকার কন্যাকে পুনর্ভূ কহে, এই রূপ কন্যা বিবাহ করিবে না। আর পুনর্ভূ স্ত্রী যে কন্যাকে প্রসব করিয়াছে, তাহাকেও বিবাহ করিলে বিবাহকর্ত্তার কুল অগ্নির সদৃশ দহন করে।

—

অথ অকৃতবিবাহে জ্যেষ্ঠে কনিষ্ঠস্য বিবাহে দোষশ্রুতিঃ।

জ্যেষ্ঠেঽনির্ব্বিষ্টে কনিয়ান্নির্ব্বিশন্ পরিবেত্তা-ভবতি। পরিবিন্নোজ্যেষ্ঠঃ পরিবেদনীয়া কন্যা পরি-দায়ীদাতা পরিকর্ত্তা যাজকঃ, তে সর্ব্বে পতিতাঃ॥
ইতি হারীতঃ।

জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহ করা কর্ত্তব্য নহে। যদি বিবাহ করে তবে কনিষ্ঠ পরিবেত্তা জ্যেষ্ঠ পরিবিত্তি, কন্যা পরিবেদনীয়া, দানকারী পরিদায়ী ও যাজক পরিকর্ত্তা ইহারা সকলেই পতিত, ইহাদের সংসর্গীকেও পতিত হইতে হয় (১)।

দেশান্তরস্থ ক্লীবৈক বৃষণা ন সহোদরান্।
বেশ্যাভিশক্ত পতিত শূদ্রতুল্যাতিরোগিনঃ॥
জড়মূকান্ধ বধির কুব্জ বামন কুণ্ঠকান্।
অতিবৃদ্ধানভার্য্যাংশ্চ কৃষি শক্তান্ নৃপস্যচ॥
ধনবৃদ্ধি প্রসক্তাংশ্চ কামতঃ কারিণস্তথা।
কুলটোন্মত্তচৌরাংশ্চ পরিবিন্দন্ন দুষ্যতি (২)॥
ইতি ছন্দগপরিশিষ্ট।

(১) প্রায়শ্চিত্তখণ্ডে ইহাদের প্রায়শ্চিত্ত বর্ণিত আছে অনুসন্ধান কর।

(২) দেশান্তর পরিভাষায়াং বৃহন্মনুঃ। বাচো যত্র বিভিদ্যন্তে গিরির্ব্বাব্যবধায়ক। মহনদ্যন্তরং যচ্চ তদ্দেশান্তরমুচ্যতে। দেশনাম নদী ভেদন্নিকটাপি ভবেদ্যদি॥ তচ্চ দেশান্তরং প্রোক্তং স্বয়মেব স্বয়ম্ভুবা। দশরাত্রেণ যা বার্ত্তা যত্র ন শ্রূয়তেঽথবা॥ বৃহস্পতিঃ॥ দেশান্তরং বদন্ত্যেকে ষষ্টিযোজন মায়তাং। চত্বারিংশদ্বদন্ত্যেকে ত্রিংশদেকে তথৈবচ॥ মুনিদয়বচনোক্ত বাগাদি যোজনাদি ভেদানাং সামঞ্জস্যার্থমেবং ব্যাখ্যায়তে।ত্রতয় বৈশিষ্টে ত্রিংশদ্‌যোজনাভ্যন্তরে দ্বিতীয়বৈশিষ্টে তদুপরি, একবৈশিষ্টে চত্বারিংশদ্‌যোজনোপরি॥ বাণীগিরি মহানদ্যন্তরিতত্ব ভেদকা ভাবেতু ষষ্টিযোজনোপরি বৈদেশ্যমিতি শুদ্ধিচিন্তামণিঃ। ক্লীবমাহ কাত্যায়নঃ॥ ন মূত্রং ফেনিলং যস্য বিষ্ঠাচাপ্সু নিমজ্জতি। মেঢ়্রুঞ্চোন্মাদশুক্রাভ্যাং হীনং ক্লীবঃ স উচ্যতে॥ একবৃষণত্রকাণ্ডঃ ষণ্ডবিশেষ ইতি রত্নাকরঃ। শূদ্রতুল্যমাহ মনুঃ। গোরক্ষকাবানূর্ণিজিকাং স্তথা কারুকুশীলবান্। প্রেষ্যান্ বার্দ্ধুশিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ। জড়ো বিকলান্তঃকরণঃ হিতাহিতাবধারণাক্ষম ইতি মিতাক্ষরা। কুণ্ঠঃ সর্ব্ব ক্রিয়াস্বলসঃ কুণ্ঠো মন্দঃক্রিয়াসু যঃ ইত্যমরোক্তেঃ। অভার্য্যান্ শাস্ত্রবিরুদ্ধ ভার্য্যা সম্বন্ধান্ নৈষ্ঠিক ব্রহ্মচারি বানপ্রস্থ ভিক্ষু স্বরূপান্। নৃপস্য চেতি চ কারণে শক্তা নিত্যনুবৃষ্যতে। কামতঃ কারিণঃ শ্রৌতস্মার্ত্ত নিরপেক্ষ স্বচ্ছন্দ ব্যবহারিণঃ। কুলটঃ কুলান্যটতিতী পরকুলাটনশীল ইতি নারায়ণোপাধ্যায়াঃ তেষাময় মাশয়ঃ পরকুলং পরগোত্রং অটতি প্রাপ্নোতি যো দত্তকঃ স কুলটঃ। চৌরানিত্যত্র পৌরাণিতি পাঠে পুরঃজন প্রেষ্যান্ ধনবার্দ্ধুষিকাদিত্রয়ঃ দেশান্তরস্থিতং চ জ্যেষ্ঠভ্রাতরমপি বর্ষত্রয়ং প্রতীক্ষেৎ। ততশ্চ পূর্ব্ববচনে এতান্ পরিবিন্দন্নদূষ্যতীত্যুক্তং। অত্রপরেলক্ষণার্থত্বাৎ দ্বিতীয়া তেন দেশান্তরস্থ কৃষিশক্ত ধনবৃদ্ধি শক্তান্ প্রতি বর্ষত্রয়াদূর্দ্ধমিতি বোদ্ধব্যং।

যদি জ্যেষ্ঠভ্রাতা বিদেশস্থ হয় কি ক্লীব বা পতিত হয় কি অতিরোগী, জড়, মূক, অন্ধ, বধির, কুব্জ; কুণ্ঠক, বামন, অতিশয় বৃদ্ধ বা যথেষ্টাচারী হয় বা বেশ্যাভিশক্ত হয় বা চোর হয় তাহা হইলে পরিবেত্তা দোষ ঘটে না, অর্থাৎ এইরূপ জ্যেষ্ঠ বিবাহ না করিলে কনিষ্ঠ বিবাহ করিতে পারে।

পূর্ব্বে বিবাহে পুরুষের পক্ষে যেরূপ পরিবেত্তাদি দোষ কথিত হইল সেইরূপ কন্যার পক্ষেও দিধিষু ইত্যাদি দোষ হয়; অর্থাৎ জ্যেষ্ঠা ভগিনী অবিবাহিতা থাকিলে কনিষ্ঠা ভগিনীর বিবাহ হইলে কনিষ্ঠা দিধিষু ও তৎপতি দিধিষুপতি হয়। প্রমাণং যথা;—

জ্যেষ্ঠায়াং বিদ্যমানায়াং কন্যায়া মুহ্যতেঽনুজা।
সাচাগ্রে দিধিষুর্জ্ঞেয়া পূর্ব্বাচ দিধিষুঃ স্মৃতা॥

ইতি দেবলঃ।

প্রায়শ্চিত্তমাহ বশিষ্ঠ।

তথাগ্রে দিধিষুপতিঃ কৃচ্ছ্রং দ্বাদশ রাত্রঞ্চরিত্বানির্ব্বিশেৎ। তাঞ্চৈবোপযচ্ছেদ্দিধিষুঃ কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রৌচরিত্বা তস্মৈদত্বা পুনর্নিবিশেদে‌তি (১)।

——

অথ কন্যায়া বিবাহ কাল।

অষ্টবর্ষাভবেদ্গৌরী নব বর্ষাতুরোহিণী।
দশমে কন্যকাপ্রোক্তা অতউর্দ্ধং রজস্বলা।
তস্মাৎ সম্বৎসরে প্রাপ্তে দশমে কন্যকা বুধৈঃ।
প্রদাতব্যা প্রযত্নেন ন দোষঃ কালদোষজ॥

ইতি অঙ্গিরাঃ।

অষ্টবর্ষবয়স্কা কন্যাকে গৌরী বলে, নববর্ষবয়স্কা কন্যাকে রোহিণী বলে, দশবর্ষবয়স্কা কন্যাকে কন্যা বলে, তাহার পর কন্যা রজস্বলা। অতএব কন্যার দশম বৎসর বয়স হইলে পণ্ডিতেরা যত্নশীল হইয়া উক্ত কন্যাকে দান করিবেন তখন আর চৈত্র পৌষভিন্ন আষাঢ়াদি নিষিদ্ধ কাল দোষ জন্য দোষ হয় না। পরন্তু কন্যাদানের

(১) প্রায়শ্চিত্তকাণ্ডে কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র ব্রতের বিষয় বিশেষ বর্ণিত আছে।

প্রশস্তকাল অষ্টমবর্ষ হইতে দশমবর্ষপর্য্যন্ত তাহার পর গৌণকাল হয়। গৌণকালে অশুদ্ধকাল জন্য দোষ হয় না। কিন্তু দশমবর্ষ প্রাপ্তে যুগ্মবর্ষ বিচার নাই, কারণ দশম বর্ষের পর স্ত্রীধর্ম্ম হইবার সম্ভাবনা। সপ্তমবর্ষে দান ও যুগ্মবর্ষের প্রমাণ এই যথা;—

সপ্তসম্বৎসরাদূর্দ্ধং বিবাহ সার্ব্ববর্ণিকঃ।
কন্যায়াঃ শস্যতে রাজন্নন্যথাধর্ম্মগর্হিতঃ॥
ইতি স্মৃতিঃ।

অযুগ্মে দুর্ভগানারী যুগ্মে চ বিধবা ভবেৎ।
তস্মাৎ গর্ভান্বিতেযুগ্মে বিবাহে সা পতিব্রতা॥
ইতি রাজমার্ত্তণ্ডঃ।

কন্যার সপ্তম বৎসরের পর বিবাহের প্রশস্তকাল, তৎপরে যুগ্মাযুগ্ম উভয় বর্ষেই বিবাহের দোষশ্রুতি আছে, অতএব গর্ভান্বিত যুগ্ম বর্ষে (অর্থাৎ গর্ভস্থ ৯ মাস ধরিয়া গণনাতে যুগ্মবর্ষ হইলে বিবাহ দেওয়া বিধেয়) ইহাতে ৬ বৎসর ৩ মাসের পর ৭ বৎসর ৩ মাসপর্য্যন্ত ও ৮ বৎসর ৩ মাসের পর ৯ বৎসর ৩ মাস পর্য্যন্ত বিবাহের প্রশস্ত কাল ধার্য্য হইল।

মাসত্রয়াদূর্দ্ধমযুগ্মবর্ষে, যুগ্মে তু মাসত্রয় মেব যাবৎ।
বিবাহ শুদ্ধিং মুনয়ো বদন্তি, গর্গাদয়ো জ্যোতিষিজন্মমাসাৎ॥
ইতি জ্যোতিষঃ।

——

অথ অবিবাহিতা কন্যার রজোযোগে দোষশ্রুতি।

পিতৃ গৃহে চ যা কন্যা রজঃ পশ্যত্যসংস্কৃতা।
ভ্রূণহত্যাপিতুস্তস্যাঃ সাকন্যা বৃষলী স্মৃতা।
যস্তু তাং বরয়েৎ কন্যাং ব্রাহ্মণো জ্ঞানদুর্ব্বলঃ।
অশ্রাদ্ধেয় মপাঙ্‌ক্তেয়ং তং বিদ্যাদ্বৃষলীপতিং॥
ইতি অত্রিকাশ্যপৌ।

যদি পিতৃগৃহে অবিবাহিতা কন্যার ঋতুসংস্কার হয় তবে সেই কন্যার পিতা ভ্রূণহত্যা পাপে লিপ্ত হন। আর ঐ কন্যার নাম

বৃষলী তাহাকে যে ব্রাহ্মণ অজ্ঞানতঃ বিবাহ করে সে বর বৃষলী-পতি ও সেই ব্যক্তি অশ্রাদ্ধেয় ও অপাংক্তেয় অর্থাৎ তাহাকে পিত্রাদির শ্রাদ্ধে নিমন্ত্রণ করিতে নাই এবং তাহার সহিত আহার ব্যবহার করিতে নাই।

কামমামরণাত্তিষ্ঠেৎ গৃহে কন্যর্তুমত্যপি।
নচৈ বৈনাং প্রযচ্ছেত্তু গুণহীনায় কর্হিচিৎ ॥
ইতি মনুবচনং।

এবং অবিবাহিতা কন্যা গৃহে মরণপর্য্যন্ত থাকিবে তথাপি গুণহীন বরে কখনই প্রদান করিবে না।

উৎকৃষ্টায়াভিরূপায় বরায় সদৃশায় চ।
অপ্রাপ্তামপিতাং কন্যাং তস্মৈদদ্যাদ্যথাবিধি ॥
ইতি মনুবচনং।

যদি উৎকৃষ্ট ও গুণজ্ঞ পাত্র পাওয়া যায় তবে কন্যার বিবাহ কাল না হইলেও কন্যা প্রদান করিতে পারে, তাহাতে তাহার দোষ হয় না। সামান্যতঃ ব্যবস্থা এই যে, উত্তম যোগ্য পাত্র প্রাপ্ত হইবামাত্র কন্যা দান করিবে তাহাতে যুগ্ম অযুগ্ম দেয় কাল অদেয় কাল বিচার নাই।

অথ বৈবাহিকমাসাদিবিচারঃ।

আষাঢ়ে ধনধান্যভোগরহিতা নষ্টপ্রজা শ্রাবণে,
বেশ্যা ভাদ্রপদে ইষে চ মরণ রোগান্বিতা কার্ত্তিকে।
পৌষে প্রেতবতী বিয়োগবহুলা চৈত্রেমদোন্মাদিনী,
অন্যেষ্বেব বিবাহিতা সুতবতী নারী সমৃদ্ধাভবেৎ ॥
ইতি জ্যোতিষং।

আষাঢ় মাসে কন্যার বিবাহ দিলে ধনধান্য ভোগরহিত হয়, শ্রাবণ মাসে বিবাহ দিলে তাহার সন্তান নষ্ট হয়, ভাদ্রে বিবাহ হইলে বেশ্যা, আশ্বিন মাসে কন্যার বিবাহ হইলে কন্যার মৃত্যু হয়, কার্ত্তিক মাসে বিবাহ হইলে কন্যা অতিশয় রোগযুক্ত হয়, পৌষ মাসে

বিবাহ হইলে প্রেতবতী অর্থাৎ মৃতবৎসাদোষযুক্তা ও বিয়োগী হয়, চৈত্রমাসে বিবাহ হইলে মদোন্মাদিনী অর্থাৎ প্রমত্তা হয়। এই কয় মাস ভিন্ন বৈশাখ, জ্যৈষ্ঠ, অগ্রহায়ণ মাস ও ফাল্গুনমাসে কন্যার বিবাহ হইলে কন্যা পুত্রবতী ও ধনবতী হয়। জ্যেষ্ঠ পুত্রের ও জ্যেষ্ঠ কন্যার বিবাহ জ্যৈষ্ঠমাসে দিতে নাই। প্রমাণং যথা ;—

জ্যৈষ্ঠমাসি তথামার্গে ক্ষৌরং পরিণয়ং ব্রতং।
জ্যেষ্ঠপুত্র দুহিত্রোশ্চ যত্নতঃ পরিবর্জ্জয়েৎ।
ইতি গর্গঃ।

এতদ্ভিন্ন মলমাস ও কালাশুদ্ধিতে কন্যা দান করিবে না। কিন্তু দশমোত্তীর্ণ বয়সে মাসাদির বিচার নাই। প্রমাণং যথা ;—

গ্রহশুদ্ধি মব্দশুদ্ধিং শুদ্ধিং মাসায়নর্ত্তু দিবসানাং,
অর্ব্বাগ্‌দশবর্ষেভ্যো মুনয়ঃ কথয়ন্তি কন্যকানাং।
ইতি ভুজবলভীম।

অথ বিবাহে বিহিত নক্ষত্রাদি।

রোহিণী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, উত্তরফল্গুনি, মূলা, রেবতী, মৃগশিরা, মঘা, হস্তা, অনুরাধা, স্বাতি এই কয় নক্ষত্রই বিবাহের সুপ্রশস্ত নক্ষত্র। আর পারস্করের মতে ধনিষ্ঠা, শ্রবণা, চিত্রা, অশ্বিনী এই কয় নক্ষত্র যজুর্ব্বেদীদিগের বিবাহে মধ্যম হয় অর্থাৎ সুপ্রশস্তও নয়, ও অপ্রশস্তও নয়। আর জ্যোতিষের মতে মঘা ও মূলার আদ্যপাদ ও রেবতীর চতুর্থাংশ ত্যাগ করিয়া বিবাহের নক্ষত্র স্থির করিবে।

বিবাহে শুক্র, বুধ, সোম ও বৃহস্পতি এই কয়টীবার জ্যোতিষের মতে প্রশস্ত। আর রবি, শনি ও মঙ্গলবারে বিবাহ হইলে বেশ্যা হয়। কিন্তু শনিবারে যদি রিক্তাতিথি হয় তবে সেই দিনে বিবাহ হইলে সেই দিন সর্ব্বাপেক্ষা প্রশস্ত। প্রমাণং যথা ;—

শনৈশ্চর দিনেচৈব যদা রিক্তাতিথির্ভবেৎ।
তস্যাং বিবাহিতা কন্যা পতিসন্তানবর্দ্ধিনী॥
ইতি জ্যোতিষঃ।

আর অমাবস্যা ও বিষ্টিভদ্রা (১) ও রিক্তা এই তিন তিথি ব্যতিরেকে সকল তিথিতেই বিবাহ প্রশস্ত, কিন্তু উক্ত তিন তিথিতে বিবাহ হইলে পরমায়ু হীন হয়।

অথ বিবাহে বৃদ্ধিশ্রাদ্ধাদি বিচার।

স্ব পিতৃভ্যঃ পিতা দদ্যাৎ সুতসংস্কার কর্ম্মসু।
পিণ্ডানোদ্বহনাত্তেষাং তস্যা ভাবেঽপি তৎক্রমাৎ।
ইতি ছান্দোগপরিশিষ্টঃ॥

পুত্রের নামকরণ, চূড়াকরণ, উপনয়ন ও বিবাহ ইত্যাদি সংস্কার কার্য্যে পিতাই আপনার পিতা পিতামহ প্রভৃতিকে পিণ্ডদান করিবেন; অর্থাৎ পুত্র কন্যার বিবাহাদিতে পিতা স্বয়ং বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন। কন্যার কেবল বিবাহেই বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন, পুত্রের নামকরণ, চূড়াকরণ, উপনয়নে উক্ত শ্রাদ্ধ করিবেন, অন্য সংস্কার অর্থাৎ জাতকর্ম্মে বৃদ্ধিশ্রাদ্ধ নাই। আর যদি পিতা স্বয়ং শ্রাদ্ধাদি করিতে না পারেন অর্থাৎ রোগ বশতঃ কি দেশান্তরস্থ জন্য উক্ত কর্ম্মকালে উপস্থিত হইতে না পারেন তবে অন্য ব্যক্তি তাহার প্রতিনিধি স্বরূপ হইয়া শ্রাদ্ধাদি করিবে। প্রমাণ শুদ্ধিতত্ত্বে উক্ত হইয়াছে।

ব্রত যজ্ঞ বিবাহেষু শ্রাদ্ধে হোমার্চ্চনে তথা।
আরব্ধে সূতকং নস্যাদনারব্ধেতু সূতকং॥
ইতি বিষ্ণুসূত্র।

বিবাহের নিমিত্ত বৃদ্ধিশ্রাদ্ধ করিলে পর যদি কোন প্রকার অশৌচপাত হয় অর্থাৎ জাতাশৌচ বা মৃতাশৌচ পাত হয় তবে তাহাতেও পূর্ব্বোক্ত কর্ম্ম সকল অর্থাৎ ব্রত, যজ্ঞ, বিবাহ, শ্রাদ্ধ, হোম ও দেবার্চ্চন করিতে পারিবে। কিন্তু আরম্ভ না করিলে যদি অশৌচপাত হয় তবে সেই কর্ম্ম করিতে পারিবে না।

---

(১) কৃষ্ণপক্ষের তৃতীয়া ও দশমীর শেষার্দ্ধ, আর সপ্তমী ও চতুর্দ্দশীর পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা শুক্লপক্ষের একাদশী ও চতুর্থীর শেষ আর অষ্টমী ও পূর্ণিমার পূর্ব্বার্দ্ধ, বিষ্টিভদ্রা। কিন্তু বিষ্টিভদ্রার প্রতি আরও উপদেশ আছে যে, শেষ তিন দণ্ড উত্তম, ইহা জ্যোতিষের মতে ব্যবস্থা।

অথ বিবাহ মাসোল্লেখ ক্রমঃ।

আব্দিকে পিতৃকৃত্যেতু মাসশ্চান্দ্রসমঃ স্মৃতঃ।
বিবাহাদৌ স্মৃতঃ সৌরো যজ্ঞাদৌ সাবনোমতঃ॥
ইতি পিতামহবচনং।

বার্ষিক পিতৃশ্রাদ্ধ অর্থাৎ একোদ্দিষ্ট শ্রাদ্ধে চান্দ্রমাস, বিবাহাদিতে অর্থাৎ বিবাহ জন্য বৃদ্ধিশ্রাদ্ধে সৌরমাস উল্লেখ করিবে, আর যজ্ঞাদিতে সাবন মাস গণনা করিবে। ইহা পিতামহ ব্রহ্মার বচন।

অথ বিবাহে উপবেশন ক্রমঃ।

সর্ব্বত্র প্রাঙ্মুখোদাতা গৃহীতাচ উদঙ্মুখঃ।
এষ এব বিধির্দানে বিবাহেতু ব্যতিক্রমঃ॥
ইতি দানধর্ম্মোত্তরং।

সমস্ত দানকার্য্যে দাতা পূর্ব্বমুখ ও গৃহীতা উত্তরমুখ হইবে অর্থাৎ দাতা পূর্ব্বমুখে ও গৃহীতা উত্তরমুখে দান গ্রহণ করিবে এই বিধি। কিন্তু বিবাহে তাহার বিপর্য্যয়। (প্রত্যঙ্মুখঃ সম্প্রদাতা গৃহীতা প্রাঙ্মুখস্তথা) বিবাহের সময় দাতা পশ্চিমমুখে ও গৃহীতা পূর্ব্বমুখে দান গ্রহণ করিবে। আর কন্যা উত্তরাস্যা হইবে। প্রমাণং যথা:—

প্রাঙ্মুখায়াভিরূপায় বরায় শুচি সন্নিধৌ।
দদ্যাৎ প্রত্যঙ্মুখঃ কন্যাং ক্ষণে লক্ষণ সংযুতা।
ইতি ভবদেবভট্টীয় সম্বন্ধবিবেক।

এই ব্যবস্থা স্মার্ত্তমতে ও প্রাচীনমতে, দাতা উত্তরমুখে ও গৃহীতা পূর্ব্বমুখে বসিবে এই প্রাচীনসম্মত ব্যবস্থাই সর্ব্বত্র প্রচলিত। যে পর্য্যন্ত কন্যার পুত্রাদি না জন্মে সে পর্য্যন্ত জামাতার গৃহে ভোজন করিবে না। প্রমাণ (অপ্রজায়াস্তু কান্যায়াং নাশ্নীয়াত্তস্য বৈগৃহে। ইতি আদিত্যপুরাণং) পরে দৌহিত্র জন্মিলে জামাতার গৃহে ভোজন করিবে।

অথ দানাধিকার ব্যবস্থা।

পিতাদদ্যাৎ স্বয়ং কন্যাং ভ্রাতা বানুমতঃ পিতুঃ।
মাতামহো মাতুলশ্চ সকুল্যো বান্ধবস্তথা॥
মাতাত্বভাবে সর্ব্বেষাং প্রকৃতৌ যদি বর্ত্ততে।
তস্যামপ্রকৃতিস্থায়াং কন্যাং দদ্যুঃ স্বজাতয়॥
ইতি নারদঃ।

অন্যচ্চ।

পিতা পিতামহো ভ্রাতা সকুল্যো মাতামহোমাতা-
চেতি কন্যাপ্রদঃ পূর্ব্বনাশে প্রকৃতিস্থঃ পরঃ পরঃ।

প্রথমতঃ কন্যাদান পিতাই করিবে। পিতার অনুমতিতে ভ্রাতা দান করিতে পারে। আর পিতার অবর্ত্তমানে পিতামহ, তদভাবে কন্যার ভ্রাতা দান করিতে পারে। তদভাবে মাতামহ, তদভাবে মাতুল, তদভাবে কন্যার মাতা। আর মাতার অভাবে স্বজাতীয়েরা দান করিতে পারিবে।

যদি মাতা স্বয়ং কন্যাদান করে তবে বৃদ্ধি শ্রাদ্ধ করিবে না কারণ তাঁহার বৃদ্ধিশ্রাদ্ধ করিতে অধিকার নাই। প্রমাণং যথা;—

মাতুঃ কন্যা দাতৃত্বে বৃদ্ধিশ্রাদ্ধাভাবো বোধ্যঃ।
ইতি মাধবীভাষ্য।

ইত্যুদ্বাহব্যবস্থা সমাপ্তা।

দশবিধসংস্কার ব্যবস্থা।

তত্র গর্ব্বাধানং।

জ্যেষ্ঠা মূল। মঘাশ্লেষা রেবতী কৃত্তিকাশ্বিনী।
উত্তরাত্রিতয়ং ত্যক্ত্বা পর্ব্ববর্জ্জ্যং ব্রজেদৃতৌ।
ষোড়শর্ত্তুনিশা স্ত্রীণাং তাসু যুগ্মাসু সংবিশেৎ।
ইতি স্মার্ত্তঃ।

জ্যেষ্ঠা, মূলা, মঘা, অশ্লেষা, রেবতী, কৃত্তিকা, রোহিণী ও অশ্বিনী আর উত্তরা ত্রিতয় অর্থাৎ উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তর-ভাদ্রপদ এই সকল নক্ষত্র ও পঞ্চপর্ব্ব (১) পরিত্যাগ করিয়া ষোড়শ দিনের মধ্যে যুগ্ম দিনেই গর্ত্তধানের মুখ্য কাল। অযুগ্ম দিনে নিষে-ধের কারণ যে, তাহাতে কন্যা উৎপত্তি হয়।

গর্ত্তাধানে সামবেদীয়দিগের বৃদ্ধিশ্রাদ্ধ নাই, তাহারা যথোক্ত তিথি নক্ষত্রে পূর্ব্বোক্ত দিন সকল পরিত্যাগ করিয়া উক্ত কার্য্য করিবে।

অথ পুংসবনং।

তৃতীয় গর্ত্তমাসে পুংসবনস্য কালঃ। ইতি স্মার্ত্তঃ।

যে মাসে গর্ত্তধারণ করিয়াছে সেই মাস হইতে গণনা করিয়া তৃতীয় মাসের মধ্যেই পুংসবন করিবে।

---

(১) চতুর্দ্দশ্যষ্টমীচৈব অমাবস্যাথ পূর্ণিমা।
পর্ব্বাণ্যেতানি রাজেন্দ্র রবিসংক্রান্তি রেবচ। ইতি জ্যোতিষং।

অথ সীমন্তোন্নয়নং।

ষষ্ঠ বা অষ্টমমাসে সীমন্তোন্নয়ন কর্ত্তব্য যদি তাহা না হইয়া প্রসব হয়, তাহা হইলে প্রসূতবালককে ক্রোড়ে লইয়া সীমন্তোন্নয়ন করা কর্ত্তব্য। প্রমাণং যথা;—

যা নার্য্য কৃত সীমন্তা প্রসূতে চ কদাচন।
অঙ্কে নিধায় তং বালং পুনঃ সংস্কার মর্হতি॥

ইতি স্মার্ত্তঃ।

যদি সীমন্তোন্নয়নের পূর্ব্বে পুংসবন না হইয়া থাকে, তবে সীমন্তোন্নয়নের পূর্ব্বে প্রায়শ্চিত্ত হোম করিয়া পরে সীমন্তোন্নয়ন করিবে। প্রমাণং যথা;—

সংস্কারা অতিপাত্যেরন্ স্বকালাচ্চেৎ কথঞ্চন।
হুত্বৈ তদেব কুর্ব্বীত যেতুপনয়নাদধঃ॥

অথ জাতকর্ম্ম।

জাতকর্ম্ম অর্থাৎ পুত্র কন্যা জন্মিলে পিতা সচেল স্নান করিয়া জাতকর্ম্ম সম্পাদন করিবে প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

অথ নামকরণং।

একাদশে বা দ্বাদশে হনি পিতানাম কূর্য্যাৎ।।

ইতি স্মার্ত্তঃ॥

জন্মের পর একাদশ কিম্বা দ্বাদশদিনে জাতবালকের নামকরণ করিবে।

ধ্রুবচর মৃদুবর্গে বাজিহস্তা সমেতে,
ক্ষণ মুদয় মথৈবাং সৎসু কেন্দ্রস্থিতেষু।
দিগবিশিবশতাহেতৎ কুলাচারতোবা,
শুভদিন তিথিযোগে নাম কূর্য্যাৎ প্রশস্তং॥

ইতি জ্যোতিষঃ॥

ধ্রুব, চর, ও মৃদুগণে (১) অর্থাৎ উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তর-ভাদ্রপদ, রোহিণী, স্বাতি, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, হস্তা এই কয়েক নক্ষত্রে ও শুভদিনে জাতবালকের নামকরণ কর্ত্তব্য। আর যাহার যে রূপ কুলাচার তিনি সেই প্রকারে করিতে পারেন, করিলেও হানি নাই।

ততস্তু নাম কুর্ব্বীত পিতৈব দশমেঽহনি।
দেব পূর্ব্ব নরাখ্যংহি শর্ম্ম বর্ম্মাদি সংযুতং॥
শর্ম্মা দেবশ্চ বিপ্রস্য বর্ম্মত্রাতাচ ভূভুজঃ।
ভূতির্দ্দত্তশ্চ বৈশ্যস্য দাসঃ শূদ্রস্য কারয়েৎ॥
ইতি স্মার্ত্তঃ।

ব্রাহ্মণেরা দেবশর্ম্মা, ক্ষত্রিয়েরা ত্রাতা ও বর্ম্মা, বৈশ্যেরা ভূতি ও দত্ত, আর শূদ্র দাস এই উপাধিযুক্ত করিয়া নাম করিবে।

অথান্নপ্রাশনং।

অন্নস্য প্রাশনং প্রোক্তং মাসিষষ্ঠেঽষ্টমেবুধৈঃ।
স্ত্রীণাঞ্চ পঞ্চমে মাসি সপ্তমে প্রজগৌ মুনিঃ॥

বালকের ছয় বা অষ্টম মাসে, বালিকার পাঁচ কি সপ্তম মাসে অন্নপ্রাশন করাইবে।

পূর্ব্বে শান্তক সর্প মূল রহিতে ধ্রুক্ষেস্বরিক্তেতিথৌ।
ষষ্ঠে মাসি শিতেজীব দিবসে গোজ্জক্ষ মীনোদয়ে॥
কেন্দ্রাষ্টন্যত্রিকোণভৈঃশুভযুতৈঃ তৈরেব পাপোজ্ঝিতৈঃ।
হিত্বেন্দুং রিপুরন্ধ্রগং শিশু জনস্যান্নাশনং শোভনং॥
ইতি জ্যোতিষরত্ন॥

(১) উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী ধ্রুবগণ। স্বাতি, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা চরগণ। চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী মৃদুগণ।

দ্বাদশী সপ্তমী নন্দা রিক্তাসু পঞ্চপর্ব্বসু।
বলমায়ুর্যশোহন্যাৎ শিশুনামন্নভোজনং ॥
ইতি জ্যোতিষরত্ন।

অথ চূড়াকরণং।

চূড়াকর্ম্ম দ্বিজাতীনাং সর্ব্বেষা মেব ধর্ম্মতঃ।
প্রথমাব্দে তৃতীয়ে বা কর্ত্তব্যং শ্রুতি দর্শনাৎ ॥
ইতি মনুসংহিতা।

জন্মের তৃতীয় বৎসরে চূড়াকরণ করিবে। কেহ কুলাচার বশতঃ প্রথম বৎসরে ও পঞ্চম বৎসরেও চূড়াকরণ করিয়া থাকে।

জন্মর্ক্ষে জন্মবারে চ যুগ্মে মাসেহথ বৎসরে।
ন কুর্য্যাৎ প্রথমং ক্ষৌরং বিশেষা চৈত্রপৌষয়োঃ ॥
ইতি জ্যোতিষরত্ন।

জন্মমাস, ও জন্মতিথি জন্মনক্ষত্র ও দক্ষিণায়নে চূড়াকরণ করিবে না, যুগ্ম বৎসরেও করিবে না, আর চৈত্র ও পৌষ মাসেও করিবে না। (জ্যেষ্ঠপুত্রস্য জ্যৈষ্ঠে দশাহাভ্যান্তরেহপি চূড়ানিষেধঃ) জ্যেষ্ঠ পুত্রের জ্যৈষ্ঠমাসে চূড়াকরণ করিবে না, যদি করে তবে প্রথম দশদিন পরিত্যাগ করিয়া উক্ত কার্য্য সম্পাদন করিবে। এতদ্ভিন্ন রবি, মঙ্গল ও শনি ভিন্ন বারে ও রিক্তা, প্রতিপদ, ষষ্ঠী, অষ্টমী, পূর্ণিমা ভিন্ন তিথিতে চূড়াকরণ করিবে।

শ্রাবণাদিত্রয় স্বাতী চিত্রাপুষ্যাশ্বি চন্দ্রকে।
আদিত্যে রেবতী হস্তা জ্যেষ্ঠা মূলেচ চৌড়কং।
ইতি জ্যোতিষরত্ন।

শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, স্বাতি, চিত্রা, পুষ্যা, অশ্বিনী, হস্তা, রেবতী, রোহিনী, জ্যেষ্ঠা, মূলা, মৃগশিরা, পুনর্ব্বসু এই কয়েক নক্ষত্রে চূড়াকরণ করিবে। আর কৃত্তিকাতে রবি থাকিলে চূড়াকরণ করিবে না। আর জ্যৈষ্ঠমাস বিষয়ে যে ব্যবস্থা পূর্ব্বে কথিত হইয়াছে তদ্বিষয়ে প্রমাণং যথা;—

কৃত্তিকাস্থ রবিং ত্যক্ত্বা জ্যৈষ্ঠে জ্যেষ্ঠস্তকারয়েৎ।
উৎসবানি চ কার্য্যাণি দিক্‌দিনানি বিবর্জ্জয়েৎ॥
ইতি জ্যোতিষরত্ন।

—

অথ কর্ণবেধ।

অযুগ্ম বৎসরে উত্তরায়ণে, চৈত্র, পৌষ ও অগ্রহায়ণ ভিন্ন মাসে শুক্লপক্ষে সোম, বুধ, বৃহস্পতি ও শুক্রবার রিক্তাভিন্ন তিথিতে পুষ্যা, শ্রবণা, ধনিষ্ঠা, রেবতী, অশ্বিনী, হস্তা, পুনর্ব্বসু, মৃগশিরা, অনুরাধা, চিত্রা ও স্বাতি নক্ষত্রে চন্দ্র ও তারা শুদ্ধ হইলে কর্ণবেধ কর্ত্তব্য।

—

অথোপনয়নং।

অধ্যাপনার্থ মাচার্য্য সমীপং নীয়তে যেন কর্ম্মণা
তদুপনয়ন মিতি। ইতি স্মার্ত্তঃ।

যে কর্ম্ম দ্বারা অধ্যয়নের নিমিত্ত আচার্য্য সমীপে নীত হয় তাহার নাম উপনয়ন। প্রমাণং যথা;—

গৃহ্যোক্তকর্ম্মণা যেন সমীপং নীয়তে গুরোঃ।
বালোদেবায় তদ্যোগ্যং তস্যোপনয়নং বিদুরিতি॥

সেই উপনয়ন নিম্নলিখিত সময়ে হইয়া থাকে।

গর্ব্ভাষ্টমেষু ব্রাহ্মণ মুপনয়েৎ গর্ব্ভৈকাদশেষু
ক্ষত্রিয়ং, গর্ব্ভদ্বাদশেষু বৈশ্যং। ইতি গোভিলঃ।

গর্ভাষ্টমে ব্রাহ্মণের উপনয়নের কাল, গর্ভৈকাদশ অর্থাৎ গর্ভ মাস সহিত একাদশ বর্ষে ক্ষত্রিয়ের, আর গর্ভ দ্বাদশে বৈশ্যের উপনয়নের প্রশস্ত কাল, আর গৌণকাল এই প্রকার। প্রমাণং যথা;—

আষোড়শাদ্ব্রাহ্মণস্যা ন তীতঃ কালোভবতি।
আদ্যাবিংশাৎ ক্ষত্রিয়স্য আচতুর্ব্বিংশাদ্বৈশ্যস্য,
অতউর্দ্ধ পতিত সাবিত্রীকো ভবতি। ইতি গোভিলঃ।

গৌণকালে এই প্রকার হয়। প্রমাণং যথা :—

যোড়শ বৎসর পর্য্যন্ত ব্রাহ্মণের গৌণকাল জন্য উপনয়নের কাল দ্বাবিংশতি বর্ষপর্য্যন্ত ক্ষত্রিয়ের, আর চতুর্বিংশতি বৎসরপর্য্যন্ত বৈশ্যের, ইহার পর সাবিত্রী পতিত হয় ইহার প্রমাণ বিষ্ণুধর্ম্মোত্তরে আছে। প্রমাণং যথা—

যোড়শাব্দাহিবিপ্রস্য রাজন্যস্য দ্বিবিংশতি।
বিংশতিঃ সচতুর্থীচ বৈশ্যস্য পরিকীর্ত্তিতা॥
সাবিত্রা নাতিবর্ত্তেত অতঃ ঊর্দ্ধং নিবর্ত্ততে।
ইতি বিষ্ণুধর্ম্মোত্তরং

যোড়শ বৎসরের ঊর্দ্ধ হইলে ব্রাত্য প্রায়শ্চিত্ত করিতে হয়। প্রমাণং যথা—যোড়শবর্ষোপরি গুরুপ্রায়শ্চিত্তমিতি শঙ্খলিখিতৌ।

ব্রাত্যশ্চান্দ্রায়ণঞ্চরেৎ গোপ্রদানঞ্চ কুর্য্যাৎ, চান্দ্রায়ণাশক্তৌ ধেন্বষ্টকং তন্মূল্যং বা সার্দ্ধদ্বাবিংশতি কার্ষাপণী গোমূল্যং কার্ষাপণ একঃ মিলিত্বা সার্দ্ধত্রয়োবিংশতি কার্ষাপণী দেয়া (১)।

ব্রাত্য ব্যক্তি চান্দ্রায়ণ করিবে বা গোপ্রদান করিবে, তাহাতে অশক্ত হইলে অষ্টসংখ্যক ধেনু বা তন্মূল্য সার্দ্ধদ্বাবিংশতি বরাটক ২২॥০ ও দক্ষিণা ১ কাহন সর্ব্বসুদ্ধ ২৩॥০ কাহন বরাটক উৎসর্গ করিয়া উপনীত হইবে।

পিতৃমাতৃরহিতস্য নিঃস্বস্য দেশোপপ্লবাদিনা
পতিত সাবিত্রীকস্য বা বিষয়েতু। মনুবিষ্ণুঃ।

যে বালকের পিতা মাতা নাই, কি যাহার সম্পত্তি নাই কিম্বা রাজবিপ্লব দ্বারা যাহার নিয়মিত সময়ে উপনয়ন হয় নাই, তাহাদের পক্ষে মনু ও বিষ্ণু নিম্নলিখিত প্রকার ব্যবস্থা করিয়াছেন।

যেষাং দ্বিজানাং সাবিত্রী নানুতিষ্ঠেৎ যথাবিধি।
তাং শ্চারয়িত্বা ত্রীন্ কৃচ্ছান্ যথাবিধ্যুপনায়য়েৎ॥

যে দ্বিজের পূর্ব্বোক্ত প্রকার বিঘ্ন হেতু উপনয়ন না হয়, সেই দ্বিজ তিন প্রাজাপত্য করিয়া যথাবিধি উপনয়ন করাইবে।

(১) এতদ্ভিন্ন প্রায়শ্চিত্তখণ্ডে বিশেষ বিবৃত আছে। এবং ব্যবস্থা পত্রও তাহাতে লিখিত আছে।

তত্তয়াশক্তৌ ধেনুত্রয়ং বা তন্মূল্যং নবকার্ষাপণীদেয়া।

তাহাতে অশক্ত হইলে তিনটী ধেনু দান করিবে বা তন্মূল্য ৯ কাহন বরাটক দান করিবে।

তথাচ স্মৃত্যন্তর।

ব্রাত্যাচার্য্যস্য ভুক্তান্নঃ কৃচ্ছ্রপাদেন শুদ্ধ্যতি।
যশ্চোপনয়তেব্রাত্যান্ ত্রিভিঃ কৃচ্ছ্রৈঃ সশুদ্ধ্যতি॥

উপনয়ন সময়ে উপনয়ন না হইলে প্রায়শ্চিত্ত না করিয়া যে উপনীত হয় তাহার আচার্য্যের যে অন্ন ভোজন করে তাহাকে কৃচ্ছ্র পাদ অর্থাৎ ৫/ আর আচার্য্যকে ত্রিভিঃ কৃচ্ছ্র অর্থাৎ ৯ কাহন বরাটক দানরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়।

অথোপনয়নস্য বিহিত তিথিনক্ষত্রাদি।

স্বাতী শক্র ধনাশ্বি মিত্রকরভে পৌষ্ণজ্যচিত্রা হরিষ্বিন্দৌ,
তোয়ংতোভগেদিতিসুতে ভাদ্রদ্বয়ে সাগরে।
কেন্দ্রস্থে ভৃগুজেঽঙ্গিরে শশিসুতে চন্দ্রে চ তারে শুভে,
কর্ত্তব্যং ব্রতকর্ম্ম মঙ্গল তিথৌবারাঃসিতার্কেজ্যকাঃ॥
ইতি জ্যোতিষঃ।

স্বাতী, জ্যেষ্ঠা, ধনিষ্ঠা, অশ্বিনী, অনুরাধা, রেবতী, পুষ্যা, চিত্রা, শ্রবণা, মৃগশিরা, শতভিষা, উত্তরফল্গুনী (১) উত্তরভাদ্রপদ, পূর্ব্বভাদ্রপদ পূর্ব্বাষাঢ়া এই সকল নক্ষত্রে শুক্র, বৃহস্পতি, বুধ ইহার লগ্নের চতুর্থ সপ্তম দশম স্থানে হইলে আর সোম, বুধ, বৃহস্পতিবারে এবং চন্দ্র তারা শুদ্ধ হইলে উপনয়ন দিবে অর্থাৎ এইরূপ দিনই উপনয়নের প্রশস্তকাল।

প্রমাণমন্যচ্চ।

জীবার্কেন্দুবুশুদ্ধৌ হরিশয়নবহির্ভাস্করেচোত্তরেস্থে।
স্বাধ্যায়ে বেদবর্ণাধিপইহশুভদে ক্ষৌরিভেনাদিতৌচ॥

(১) বচনে অদিতিসুতে প্রয়োগ আছে, ঐ বাক্যের প্রকৃত অর্থ এই যে পুনর্ব্বসু, কিন্তু রাজমার্ত্তণ্ডে পুনর্ব্বসু নক্ষত্রকে উপনয়ন নিষিদ্ধার্থে টীকাকার উত্তরফল্গুনী লিখিয়াছেন তাহাতেই এই স্থলে উত্তরফল্গুনী লিখিত হইল।

শুক্রার্কেজ্যক্ষলগ্নে রবিমদনতিথিং প্রাহষষ্ঠাষ্টমেন্দুং।
নোজীবাস্তাতিচারেৰ্ক সিতগুরুদিনে কাল শুদ্ধৌ-
ব্রতংস্যাৎ ॥

ইতি জ্যোতিষঃ।

পূর্ব্বোক্ত সকল নক্ষত্রে এবং এস্থলে অধিক যে রবি মদন তিথি অর্থাৎ সপ্তমী ও ত্রয়োদশী এই দুই তিথি ও পূর্ব্বে তিথিকৃত্য খণ্ডে যে স্মৃত্যুক্ত অনধ্যায় যাহা লিখিত হইয়াছে সেই সকল তিথি ভিন্ন অন্য তিথিতে উপনয়ন দিবে। আর (পুনর্ব্বসৌক্রুতোবিপ্রঃ পুনঃ সংস্কারমর্হতীতি রাজমার্ত্তণ্ডে) পুনর্ব্বসু নক্ষত্রে উপনয়ন দিবে না।

অথোপনয়নস্য মাসবিচারঃ।

মাঘে দ্রবিণশীলাঢ্যঃ ফাল্গুনে চ দৃঢ়ব্রতঃ।
চৈত্রে ভবতি মেধাবী বৈশাখে কোবিদোভবেৎ।
জৈষ্ঠে গহননীতিজ্ঞ আষাঢ়ে ক্রতুভাজনঃ।
শেষেষ্বন্যেষু রাত্রিঃস্যান্নিষিদ্ধং নিশি চ ব্রতং।

ইতি কৃত্যচিন্তামণি।

মাঘমাসে উপনয়ন হইলে ধনাঢ্য ও সচ্চরিত্র হয়, ফাল্গুনে দৃঢ়ব্রত, চৈত্রে অত্যন্ত মেধাবী, বৈশাখে অতিশয় পণ্ডিত, জ্যৈষ্ঠমাসে অতিশয় নীতিজ্ঞ, আষাঢ়ে অতিশয় যজ্ঞশীল হয়। এতদ্ভিন্ন অন্য অন্য মাসে উপনয়ন নিষিদ্ধ, কারণ তখন দক্ষিণায়ন এই জন্য উপনয়ন সিদ্ধ হয় না।

স্মৃতিযুক্তাননধ্যায়ান্ সপ্তমীঞ্চ ত্রয়োদশীং।
পক্ষয়োর্ম্মাঘমাসস্য দ্বিতীয়াং পরিবর্জ্জয়েৎ।

চৈত্রে শুক্লাতৃতীয়া, আষাঢ়স্য শুক্লাদশমী,(মন্বন্তরাদিত্বেন নিষিদ্ধা, বৈশাখ শুক্লাতৃতীয়া যুগাদিত্বেন নিষিদ্ধেতি। বৃদ্ধগর্গস্মৃত্যুক্ত) অনধ্যায় সপ্তমী ও ত্রয়োদশী আর মাঘমাসের উভয়পক্ষীয় দ্বিতীয়া বর্জ্জন করিবে। মন্বন্তরা জন্য চৈত্রের শুক্লাতৃতীয়া, আষাঢ়ের শুক্লাদশমী নিষিদ্ধ। আর যুগাদির জন্য বৈশাখের শুক্লাতৃতীয়া নিষিদ্ধ।

এতদ্ভিন্ন মঙ্গলবারে সামবেদীদিগের উপনয়ন হইতে পারে কারণ শাখাদিগের ব্যবস্থা আছে। তৎপ্রমাণং যথা;—

সামগানাং কুজবারেঽপ্যুপনয়নং
শাখাধিপে বলিনীত্যাদিবচনাৎ।
ইতি ভৌমশাখাধিপস্য ব্যবস্থা।

বিপ্রস্য ক্ষত্রিয়স্যাপি মৌঞ্জী স্যাদুত্তরায়ণে।
দক্ষিণে চ বিশাং কার্য্যং নানধ্যায়েন সংক্রমে।
ইতি স্মার্ত্তঃ।

ব্রাহ্মণের ও ক্ষত্রিয়ের উত্তরায়নে মৌঞ্জী গ্রহণ করিবে, আর বৈশ্যেরা দক্ষিণায়নেও গ্রহণ করিতে পারে কিন্তু অনধ্যায় ও সংক্রান্তি দিবসে গ্রহণ করিবে না।

অনধ্যায়েঽপি কুর্ব্বীত যস্য নৈমিত্তিকং ভবেৎ।

যাহার নৈমিত্তিক অর্থাৎ প্রায়শ্চিত্তাত্মক উপনয়ন হয় তাহার উপনয়নের কালাকাল বিচার নাই অর্থাৎ তাহার উপনয়ন সকল সময়েই হইতে পারে।

অথ বিবাহ।

উদ্বাহখণ্ডে এ বিষয়ের বিশেষ বর্ণন করা হইয়াছে। এই দশবিধ সংস্কার ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের সমন্ত্রক হয়। শূদ্রের বিবাহ সংস্কারই প্রধান, অন্যান্য সংস্কার অবশ্য কর্ত্তব্য নহে।

ইতি দশবিধসংস্কার ব্যবস্থা সমাপ্তা।

কর্ম্মবিপাকোক্ত রোগসূচিত জন্মান্তরীয় পাপপ্রায়শ্চিত্ত।

—০০—

প্রায়শ্চিত্তবিহীনানাং মহাপাতকিনামপি।
নরকান্তে ভবেজ্জন্ম চিহ্নাঙ্কিতশরীরিণাং।
প্রতিজন্ম ভবেত্তেষাং চিহ্নং তৎপাপসূচিতং।
প্রায়শ্চিত্তে কৃতে যাতি পশ্চাত্তাপবতাং পুনঃ।

প্রায়শ্চিত্তহীন মহাপাতকীদিগের নরকভোগাবসানে মনুষ্য শরীর গ্রহণ করতঃ প্রতি জন্মে পাপসূচিত চিহ্নস্বরূপ রোগ জন্মে তাহার প্রতিকারপ্রায়শ্চিত্তাধীন হয় তাহা পশ্চাৎ ব্যক্ত করিতেছেন।

অথ পাপবিশেষের ভোগ কথন।

মহাপাতকজং চিহ্নং সপ্তজন্মনি জায়তে।
উপপাপোদ্ভবং পঞ্চ ত্রীণি পাপসমুদ্ভবং।
দুষ্কর্ম্মজা নৃণাং রোগা যান্তি চোপক্রমৈঃ শমং।

মহাপাপোদ্ভব চিহ্ন সপ্তজন্মাবধি প্রকাশ পায়, এবং উপপাপোদ্ভব চিহ্ন পঞ্চজন্মাবধি প্রাকাশ পায়, সমান্য পাপোদ্ভব চিহ্ন তিন জন্মাবধি প্রকাশ পায়।

অথ রোগের শমতা।

জপৈঃ সুরার্চ্চনৈর্হোমৈর্দানৈস্তেষাং শমো ভবেৎ।
পূর্ব্বজন্মকৃতং পাপং নরকস্য পরিক্ষয়ে।
বধিতে ব্যাধিরূপেণ তস্য জপ্যাদিভিঃ শমঃ॥

পূর্ব্বজন্মকৃত যে পাপ নরকভোগানন্তর ব্যাধিরূপে জন্মান্তরে বাধা জন্মায় তাহার শমতা কৃচ্ছ্রাদিব্রতের দ্বারা এবং জপ, দেবপূজা, হোম, দান দ্বারা হয়।

অথ মহাপাতকাদি উদ্ভব রোগাদিনিরূপণং।

কুষ্ঠঞ্চ রাজযক্ষ্মা চ প্রমেহো গ্রহণী তথা।
মূত্রকৃচ্ছ্রাশ্মরীকাসা অতীসারভগন্দরৌ॥
দুষ্টব্রণং গণ্ডমালা পক্ষাঘাতোঽক্ষিনাশনং।
ইত্যেবমাদয়ো রোগা মহাপাপোদ্ভবাঃ স্মৃতাঃ।

কুষ্ঠাদি অক্ষিনাশপর্য্যন্ত ত্রয়োদশ রোগ এবং আর অন্যান্য রোগ মহাপাপোদ্ভব হয়।

অথ উপপাপোদ্ভব রোগ।

জলোদরীং যকৃৎ প্লীহা শূলরোগব্রণানি চ।
শ্বাসাজীর্ণজ্বরচ্ছর্দ্দিভ্রমমোহগলগ্রহাঃ।
রক্তার্ব্বুদবিসর্পাদ্যা উপপাপোদ্ভবা গদাঃ॥

জলোদরীত্যাদি বীসর্পপর্য্যন্ত চতুর্দ্দশ রোগ উপপাপোদ্ভব হয়

অথ সামান্য পাপোদ্ভব রোগ।

দণ্ডাপতানকশ্চিত্রবপুঃ কম্পবিচর্চ্চিকা।
বল্মীকপুণ্ডরীকাদ্যারোগাঃ পাপসমুদ্ভবাঃ॥

দণ্ডাপতানক অর্থাৎ মেরুদণ্ড দণ্ডাকার হয়, চিত্রবপু অর্থাৎ শরীরে চিত্র বিচিত্র হয়, আর সর্ব্বদা কম্প বিচর্চ্চিকা অর্থাৎ চুলি, বল্মীক রোগবিশেষ, পুণ্ডরীক রোগবিশেষ ইত্যাদি আর বহু প্রকার রোগ সামান্য পাপোদ্ভব হয়।

অথ অতিপাপোদ্ভব রোগ।

অর্শ আদ্যানৃণাং রোগা অতিপাপাদ্ভবন্তিহি।

অর্শ আদি রোগ অতিপাপোদ্ভব আদি পদে গলিত কুষ্ঠ ইত্যাদি।

অন্যে চ বহবো রোগা জায়ন্তে বর্ণসঙ্করাঃ।

অন্যান্য রোগাদি বহুবিধ পাপ হইতে জন্মে তাহা পশ্চাৎ ব্যক্ত করিতেছেন।

অথ সামান্য প্রায়শ্চিত্ত নিরূপণ।

উচ্যন্তে চানি দানানি প্রায়শ্চিত্তানি বৈ ক্রমাৎ।
মহাপাপেষু সর্ব্বং স্যাত্তদর্দ্ধমুপপাতকে।
দদ্যাৎ পাপেষু ষষ্ঠাংশং কল্প্যং ব্যাধিবলাবলং॥

পাপের প্রতিকার দানাদিরূপ প্রায়শ্চিত্ত করিতেছেন। মহা-পাতক প্রায়শ্চিত্ত ব্রতাদিতে অশক্ত হইলে তাহার নিরূপিত দানাদি করিবে, তাহাতে অশক্ত হইলে সর্ব্বস্ব দান করিবে, উপপাতকী সর্ব্বস্বার্দ্ধ দান করিবে এবং ব্যাধির বলাবল বুঝিয়া ষষ্ঠাংশ দানাদি করিবে, তৎপর এই বচন জানিবা, নতুবা যথোক্ত দানাদিতে সক্ষম পর নয়।

অথ সাধারণ মন্ত্র এবং দানাদির নিরূপণ।

অথ সাধারণং তেষু গোদানাদিষু কথ্যতে।
গোদানে বৎসযুক্তা গৌঃ সুশীলা চ পয়স্বিনী।
বৃষদানে শুভোহনড্বান্ শুক্লাম্বর সকাঞ্চনঃ।
নিবর্ত্তনানি ভূদানে দশ দদ্যাৎ দ্বিজাতয়ে।
দশহস্তেন দণ্ডেন ত্রিংশদ্দণ্ডান্নিবর্ত্তনং।
দশতান্যেব গোচর্ম্ম দত্ত্বা স্বর্গে মহীয়তে
সুবর্ণশতনিষ্কন্তু তদর্দ্ধার্দ্ধপ্রমাণতঃ।
অশ্বদানে মৃদুশ্লক্ষ্মমশ্বং সোপস্করং দিশেৎ।
মহিষীং মাহিষে দানে দদ্যাৎ স্বর্ণায়ুধান্বিতাং।
দদ্যাদ্গজং মহাদানে সুবর্ণফলসংযুতং।
ধান্যদানে শুভং ধান্যং খারীষষ্টিমিতং স্মৃতং।
বস্ত্রদানে পট্টবস্ত্রদ্বয়ং কর্পূরসংযুতং।

সাধারণ প্রায়শ্চিত্তাত্মক মন্ত্র ও দানাদি নিরূপণ করিতেছেন। যথা,—যে স্থানে প্রায়শ্চিত্তাত্মক গোদান করিবে সে স্থলে বৎস-যুক্ত দুগ্ধবতী গো দিবে। যে স্থলে বৃষদান করিবে সে স্থলে শুক্ল বস্ত্র ও কাঞ্চনের সহিত শুভ অনড়ান্ দিবে। ভূমিদান স্থলে দশনিবর্ত্ত পরিমিত ভূমি দিবে। নিবর্ত্ত শব্দে দশহস্ত পরিমাণে এক দণ্ড হয়, ত্রিংশদ্দণ্ডে এক নিবর্ত্ত হয়, দশ নিবর্ত্তে এক গোচর্ম্ম, এক গোচর্ম্ম পরিমিত ভূমিদানে স্বর্গে গমন করে। সুবর্ণদানস্থলে শতনিষ্কপরি-মিত সুবর্ণ দিবে কিম্বা তদর্দ্ধ দিবে অথবা শক্তাশক্ত প্রভেদে তাহার অর্দ্ধ দিবে। অশ্বদান স্থলে উত্তম অশ্ব আভরণাদিযুক্ত করিয়া দিবে। মহিষ দানে স্বর্ণ বস্ত্রাদিযুক্তা মহিষী প্রদান করিবে। মহাদানস্থলে সুবর্ণফলসংযুক্ত গজদান করিবে। ধান্যদানস্থলে ষষ্টি-খারী পরিমিত ধান্যদান করিবে। বস্ত্রদান স্থলে শুক্লবর্ণ পট্টবস্ত্রদ্বয় প্রদান করিবে। ইতি দান বিধিঃ।

অথ দেবপূজারূপ প্রায়শ্চিত্ত।

লক্ষসংখ্যাহর্ণং পুষ্পং প্রদদ্যাদ্দেবতার্চ্চনে।
দদ্যাদ্দ্বিজ সহস্রায় মিষ্টান্নং দ্বিজভোজনে॥

যে স্থলে পূজাত্মক প্রায়শ্চিত্ত হইবে সেস্থলে লক্ষ পুষ্প বিষ্ণুকে প্রদান করিবে, অথবা মিষ্টান্নের দ্বারা সহস্র ব্রাহ্মণ ভোজন করাইবে।

অথ প্রায়শ্চিত্তাত্মক জপঃ।

রুদ্রং জপেল্লক্ষপুষ্পৈঃ পূজয়িত্বা চ ত্র্যম্বকং।
একাদশ জপেদ্রুদ্রান্ দশাংশং গুগ্গুলৈর্ঘৃতৈঃ।
হুত্বাভিষেচনং কুর্য্যান্মন্ত্রৈর্বরুণদৈবতৈঃ।
শান্তিরষ্টৌ মহাশান্তিগ্রহশান্তিপ্রপূর্ব্বিকা॥

লক্ষ পুষ্পের দ্বারা ত্র্যম্বক মহাদেবের পূজানন্তর একাদশ রুদ্রের মন্ত্র লক্ষ সংখ্যক জপ করিয়া দশাংশ গুগ্গুল ও ঘৃতের দ্বারা হোম

করিয়া তদনন্তর যজমানের অভিষেক করিবে। তদনন্তর গ্রহশান্তি-পূর্ব্বক অষ্ট মহাশান্তি করতঃ শুদ্ধ হইবে।

অথ প্রায়শ্চিত্তের কর্ত্তব্যতা।

দশপঞ্চাষ্টচতুর উপবেশ্য দ্বিজান্ শুভান্।
তেষামনুজ্ঞয়া সর্ব্বং প্রায়শ্চিত্তমুপক্রমেৎ।
বিধায় বৈষ্ণবীং পূজাং সংকল্প্য নিজকাম্যয়া।
ধেনুং দদ্যাদ্দ্বিজাতিভ্যো দক্ষিণাঞ্চাপি শক্তিতঃ।
অলঙ্কৃত্য যথাশক্তি বস্ত্রালঙ্কারৈর্দ্বিজান্।
যাচেদ্দণ্ডপ্রমাণেন প্রায়শ্চিত্তং যথোদিতং।
তেষামনুজ্ঞয়া কৃত্বা প্রায়শ্চিত্তং যথাবিধি॥

প্রথমতঃ প্রায়শ্চিত্তারম্ভে দশ কিম্বা পঞ্চ কিম্বা অষ্ট কিম্বা চত্বার শ্রেষ্ঠ ব্রাহ্মণকে উপবেশন করাইয়া তাহাদিগের অনুমতি গ্রহণ-পূর্ব্বক বিষ্ণুপূজানন্তর নিজ কামনাপূর্ব্বক সঙ্কল্প করণানন্তর প্রায়-শ্চিত্ত করিবে, তদনন্তর শক্ত্যানুসারে ব্রাহ্মণকে দক্ষিণাস্বরূপ ধেনু প্রদান করিবে। তদনন্তর যথাশক্তি বস্ত্র অলঙ্কার দ্বারা ব্রাহ্মণদিগের পরিতোষ করিয়া দণ্ডবৎ প্রণাম পূর্ব্বক যথোচিত প্রায়শ্চিত্ত যাচ্ঞা করিবে, তাহাদিগের অনুজ্ঞাতেই সম্পূর্ণ হইবে।

জপচ্ছিদ্রং তপশ্ছিদ্রং যচ্ছিদ্রং যজ্ঞকর্ম্মণি।
সর্ব্বং ভবতি নিশ্ছিদ্রং যস্যেচ্ছন্তি দ্বিজাতয়ঃ।
উপবাসব্রতঞ্চৈব স্নানং তীর্থফলং তপঃ।
বিপ্রৈঃ সম্পাদিতং সর্ব্বং সম্পন্নং তস্য তৎফলং।
ব্রাহ্মণা যানি ভাষন্তে মন্যন্তে তানি দেবতাঃ।
সর্ব্বদেবময়াবিপ্রাঃ ন তদ্বচনমন্যথা।
সম্পন্নমিতি যদ্বাক্যং বদন্তি ক্ষিতিদেবতাঃ।
প্রণম্য শিরসা ধার্য্যমগ্নিষ্টোমফলং লভেৎ।
ভোজয়িত্বা দ্বিজান্ শক্ত্যা ভুঞ্জীত সহবন্ধুভিঃ।

জপের ছিদ্র অর্থাৎ জপ ভঙ্গ এবং তপস্যার ছিদ্র এবং যজ্ঞাদি কর্ম্মের ছিদ্র সে সকলি নিশ্ছিদ্র হয়, অর্থাৎ ব্রাহ্মণে যদি সম্পূর্ণ ইচ্ছা করেন এবং উপবাস, ব্রত, স্নান, দান তপস্যাদি কর্ম্ম ব্রাহ্মণ কর্ত্তৃক সম্পাদিত হইলে সম্পূর্ণ হয়, অর্থাৎ ব্রাহ্মণে যাহা কহেন তাহা তাবতই দেবতারা মানেন, অতএব সর্ব্বদেবতাময় ব্রাহ্মণ জানিবে এবং তাঁহাদিগের বাক্য অন্যথা করিবে না, এবং প্রনাম-পূর্ব্বক মস্তকে গ্রহণ করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল হয়। তদনন্তর ব্রাহ্মণ ভোজন করাইবে, যথাশক্তি ব্রাহ্মণ ভোজন পূর্ব্বক বন্ধু-গণের সহিত স্বয়ং ভোজন করিবে।

ইতি শাতাতপীয় কর্ম্মবিপাকে সাধারণবিধি
নাম প্রথমোধ্যায়ঃ।

অথ ব্রহ্মবধজন্য কুষ্ঠরোগ প্রায়শ্চিত্ত।

ব্রহ্মহা নরকস্যান্তে পাণ্ডুকুষ্ঠী প্রজায়তে।
প্রায়শ্চিত্তং প্রকুর্ব্বীত স তৎপাতকশান্তয়ে॥

ব্রহ্মঘ্ন ব্যক্তির নরকভোগানন্তর জন্মান্তরে সর্ব্বাবয়ব পাণ্ডু বর্ণ কুষ্ঠরোগ গ্রস্ত হয়। অতএব তৎপাপ শুদ্ধি নিমিত্তক অবশ্য প্রায়-শ্চিত্ত করিবে।

চত্বারঃ কলসাঃ কার্য্যা গৌরবস্ত্রসমন্বিতাঃ।
পঞ্চপল্লবসংযুক্তাঃ স্থাপ্যাঃ প্রতিদিশং দ্বিজৈঃ।
রৌপ্যমষ্টদলং পদ্মং মধ্যকুম্ভোপরি ন্যসেৎ।
তস্যোপরি ন্যসেদ্দেবং দশহস্তং চতুর্ম্মুখং।
পলার্দ্ধার্দ্ধ প্রমাণেন সুবর্ণেন বিনির্ম্মিতং।
অর্চ্চয়েৎ পুরুষসূক্তেন ত্রিকালং প্রতিবাসরং।
যজমানঃ সুভৈর্গন্ধৈঃ পুষ্পৈর্ধূপৈর্যথাবিধি।
পলাশসমিধা হোমং কুর্য্যাচ্চৈব যথাবিধি॥

পূর্ব্বাদিকুম্ভেষু ততো ব্রাহ্মণা ব্রহ্মচারিণঃ।
পঠেয়ুঃ স্বস্ববেদাংস্তে ঋগ্বেদপ্রভৃতীন্ শনৈঃ।
দশাংশেন ততো হোমো গ্রহশান্তিপুরঃসরঃ।
মধ্যকুম্ভে বিধাতব্যা ঘৃতাক্তৈস্তিলহেমভিঃ।
দ্বাদশাহমিদং কর্ম্ম সমাপ্য দ্বিজপুঙ্গবঃ।
তত্র পীঠে যজমানমভিষিঞ্চেদ্যথাবিধি।
ততো দদ্যাদ্যথাশক্তি গোভূহেমতিলাদিকং।
ব্রাহ্মণেভ্যস্তথা দেয়মাচার্য্যায় নিবেদয়েৎ।
এবং বিধানে বিহিতে শ্বেতকুষ্ঠী বিশুদ্ধ্যতি॥

সঙ্কল্পাদিপূর্ব্বক যাগস্বরূপ প্রায়শ্চিত্ত কহিতেছেন। প্রথমতঃ পীতবস্ত্রাচ্ছাদিত কলসচতুষ্টয় পঞ্চপল্লবাদি সংযুক্ত করিয়া তন্মোপরি রৌপ্যময় অষ্টদলপদ্ম মধ্যকুম্ভের উপরিভাগে সংস্থাপন করিয়া ঐ পদ্মের উপরি পলার্দ্ধ স্বর্ণনির্ম্মিত চতুর্ম্মুখ দশহস্ত প্রতিমা স্থাপনা করিবে। তদনন্তর ধূপ গন্ধাদি দ্বারা ষোড়শোপচারে বা পুরুষসূক্ত মন্ত্রদ্বারা প্রত্যহ ত্রিকালীন পূজা ও ঋগ্বেদবিহিত চতুর্ব্বেদোক্তমন্ত্র কলসচতুষ্টয়ে পাঠ করিবে। তদনন্তর অনুক্ত হেতু অযুতসংখ্যক পুরুষসূক্তমন্ত্র জপ করণান্তর গ্রহশান্তিপূর্ব্বক তদ্দশাংশ পলাশ সমিধদ্বারা হোম করিবে, কিন্তু হুতশেষ মধ্য কুম্ভে সংস্থাপন করিবে। এইরূপ দ্বাদশ দিবস যাগ করিয়া যথাশক্তিক্রমে আচার্য্যকে গো, ভূমি, হিরণ্য, তিল দক্ষিণা দিবে। তদনন্তর আচার্য্য যজমানকে অভিষেক করিবে, এইরূপ কর্ম্ম করতঃ পাপক্ষয় হইবেক।

অথ ব্রাহ্মণস্বামিকজ্ঞানকৃত গোবধজনিত কুষ্ঠরোগ প্রায়শ্চিত্ত।

কুষ্ঠী গোবধকারী স্যান্নরকান্তেঽন্তনিষ্কৃতিঃ।

জন্মান্তরীয় গোবধকারী ব্যক্তি নরকভোগানন্তর তৎপাপচিহ্ন সামান্য কুষ্ঠরোগগ্রস্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত কহিতেছেন।

স্থাপয়েদ্ঘটমেকন্তু পূর্ব্ববদ্দ্রব্যসংযুতং।
রক্তচন্দনলিপ্তাঙ্গং রক্তপুষ্পাম্বরান্বিতং।
রক্তকুম্ভন্তু তং কৃত্বা স্থাপয়েদ্দক্ষিণাং দিশং।
তাম্রপাত্রং ন্যসেত্তত্র তিলচূর্ণেন পূরিতং।
তস্যোপরি ন্যসেদ্দেবং হেমনিষ্কময়ং যমং।
যজেৎ পুরুষসূক্তেন পাপং মে শাম্যতামিতি।
সামপারায়ণং কুর্য্যাৎ কলসে তত্র সামবিৎ।
দশাংশং সর্ষপৈর্হুত্বা পাবমান্যাভিষেচয়েৎ।
বিহিতে ধর্ম্মরাজানমাচার্য্যায় নিবেদয়েৎ।
যমোপি মহিষারূঢ়ো দণ্ডপাণির্ভয়াবহঃ।
দক্ষিণাধিপতির্দেবো মম পাপং ব্যপোহতু।
ইত্যুচ্চার্য্য বিসৃজ্যৈনং মাসং সদ্ভক্তিমাচরেৎ।
ব্রহ্মগোবধয়োরেষা প্রায়শ্চিত্তেন নিষ্কৃতি॥

পূর্ব্ববৎ অর্থাৎ পঞ্চপল্লবাদি সংযুক্ত রক্তচন্দনলিপ্ত ও রক্তপুষ্প বস্ত্রান্বিত ঘটপাত্র দক্ষিণদিকে সংস্থাপনানন্তর তদুপরি এক তাম্রপাত্র তিলচূর্ণদ্বারা পূরিত করিয়া সংস্থাপন করিবে, তদুপরি নিষ্কপরিমিত স্বর্ণরচিত যমপ্রতিমা পুরুষসূক্ত মন্ত্রদ্বারা পূজা করিয়া তৎ কলস মধ্যে সামগ ব্রাহ্মণ সামবেদ পাঠানন্তর পুরুষসূক্ত মন্ত্র জপ এবং দশাংশ সর্ষপ দ্বারা হোম করিবে। অত্র স্থলে সংখ্যার অনুক্ত হেতু অযুত সংখ্যক জপ জানিবে। তদনন্তর যজমানকে অভিষেকপূর্ব্বক "ওঁ যমোপি মহিষারূঢ়ো দণ্ডপাণির্ভয়াবহঃ। দক্ষিণাধিপতির্দেবো মম পাপং ব্যপোহতু।" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বিসর্জ্জন করিবে। তদনন্তর যমপ্রতিমা এবং দক্ষিণা আচার্য্যকে প্রদান করত ব্রাহ্মণ-স্বামিক গোবধ পাপ হইতে নিষ্কৃতি হইবে। ব্রাহ্মণস্য বধে অর্থাৎ ব্রাহ্মণ স্বামিক গোবধে॥

অথ মাতৃ পিতৃ বধ জন্য জড় ও জন্মান্ধ রোগ প্রায়শ্চিত্ত।

পিতৃহা চেতনাহীনো মাতৃহান্ধঃ প্রজায়তে।
নরকান্তে প্রকুর্ব্বীত প্রায়শ্চিত্তং যথাবিধি॥

জন্মান্তরীয় পিতৃঘাতক ব্যক্তি নরকভোগানন্তর তৎ পাপচিহ্ন চেতনাহীন অর্থাৎ জড় হয় এবং মাতৃঘাতক ব্যক্তি অন্ধ হয়, এতদুভয় প্রায়শ্চিত্ত যথাবিধি কহিতেছেন।

প্রাজাপত্যানি কুর্ব্বীত ত্রিংশচ্চৈব বিধানতঃ।
ব্রতান্তে কারয়েন্নাবং সৌবর্ণপলসম্মিতাং।
কুম্ভং রৌপ্যময়ঞ্চৈব তাম্রপাত্রে চ স্থাপয়েৎ।
নিষ্কহেম্না তু কর্ত্তব্যো দেবঃ শ্রীবৎসলাঞ্ছনঃ।
পট্টবস্ত্রেণ সংবেষ্ট্য পূজয়েত্তং বিধানতঃ।
নাবং দ্বিজায় তাং দদ্যাৎ সর্ব্বোপকারসংযুতাং॥
ইত্যুদীর্য্য প্রণম্যাথ ব্রাহ্মণায় বিসর্জ্জয়েৎ।
অন্যেভ্যোপি যথাশক্তি বিপ্রেভ্যো দক্ষিণাং দদেৎ॥

বিধানক্রমে ত্রিংশৎ প্রাজাপত্য ব্রত কিম্বা তদভাবে ত্রিংশৎ ধেনু দান করণানন্তর এক পলপরিমিত স্বুবর্ণনির্ম্মিত নৌকা এবং রৌপ্যময় কুম্ভ নির্ম্মাণ করিয়া তাম্রপাত্রোপরি স্থাপনা করিবে, তদনন্তর নিষ্কপরিমিত স্বর্ণময় শ্রীকৃষ্ণমূর্ত্তি পট্টবস্ত্র দ্বারা বেষ্টিত করতঃ তত্রোপরি স্থাপন করিয়া যথাবিধি পূজা হোমাদি করিবে, তদনন্তর বিসর্জ্জনপূর্ব্বক অভিষেক করণান্তর আচার্য্যকে সর্ব্বোপকরণ সহিত নৌকা প্রদান করিবে এবং অন্য ব্রাহ্মণকে বহুতর দক্ষিণা প্রদান করিবে।

অথ ভগ্নী এবং ভ্রাতৃবধজন্য মূকরোগ প্রায়শ্চিত্ত।

স্বসৃঘাতী তু বধিরো নরকান্তে প্রজায়তে।
মূকো ভ্রাতৃবধে চৈব তস্যেয়ং নিষ্কৃতিঃ স্মৃতা॥

অথ রাজহত্যাজন্য ক্ষয়রোগ প্রায়শ্চিত্ত।

রাজহা ক্ষয়রোগী স্যাদেষা তস্য চ নিষ্কৃতিঃ।
গোভূহিরণ্যমিষ্টান্নজলবস্ত্রপ্রদানতঃ।
ঘৃতধেনুপ্রদানেন তিলধেনু প্রদানতঃ।
ইত্যাদিনা ক্রমেণৈব ক্ষয়রোগঃ প্রশাম্যতি।

জন্মান্তরীয় রাজবধকারী ব্যক্তি নরকভোগানন্তর তৎপাপ-চিহ্ন ক্ষয়রোগ প্রাপ্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত এই প্রথমতঃ গো, ভূমি হিরণ্য, মিষ্টান্ন দ্রব্য, জল, বস্ত্র এবং ঘৃতধেনু ও তিলধেনু প্রদান করতঃ ক্ষয়রোগ হইতে মুক্ত হইবে।

অথ বৈশ্যবধজন্য রক্তস্রাব প্রায়শ্চিত্ত।

রক্তার্ব্বুদী বৈশ্যহন্তা জায়তে স চ মানবঃ।
প্রাজাপত্যানি চত্বারি সপ্তধান্যানি চোৎসৃজেৎ।

বৈশ্যবধজন্য পাপসূচিত জন্মান্তরে রক্তস্রাব রোগ প্রাপ্ত হয় তাহার প্রায়শ্চিত্ত কথিত হইতেছে, চতুষ্টয় প্রাজাপত্য ব্রত করণানন্তর সপ্তখারী পরিমিত ধান্য উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ শূদ্রবধজন্য দণ্ডাপতানকরোগ প্রায়শ্চিত্ত।

দণ্ডাপতানকযুতঃ শূদ্রহন্তা ভবেন্নরঃ।
প্রাজাপত্যং সকৃচ্চৈব দদ্যাদ্ধেনুং সদক্ষিণং।

জন্মান্তরে শূদ্রঘাতক ব্যক্তি নরকভোগানন্তর তৎপাপচিহ্ন দণ্ডাপতানক রোগবিশেষ প্রাপ্ত হয় তাহার প্রায়শ্চিত্ত এই, প্রাজাপত্য ব্রতানন্তর দক্ষিণার সহিত ধেনু প্রদান করিবে।

অথ কারুবধজন্য রুক্ষভাষ প্রায়শ্চিত্ত।

কারূণাঞ্চ বধেচৈব রুক্ষভাষঃ প্রজায়তে।
তেন তৎপাপশুদ্ধ্যর্থং দাতব্যো বৃষভঃসিতঃ।

কারু অর্থাৎ শিল্পকারক ঘাতকের জন্মান্তরে তৎপাপচিহ্নরূপ সর্ব্বদা রুক্ষভাষা হয় তাহার প্রায়শ্চিত্ত, শুক্লবর্ণ বৃষভ প্রদান করিলে শুদ্ধ হইবে।

অথ গজবধজন্য জড়রোগ প্রায়শ্চিত্ত।

সর্ব্বকার্য্যেষ্বসিদ্ধার্থো গজঘাতি ভবেন্নরঃ।
প্রাসাদং কারয়িত্বা তু গণেশপ্রতিমাং ন্যসেৎ।
গণনাথস্য মন্ত্রস্তু মন্ত্রং লক্ষমিতং জপেৎ।
কুলত্থশাকৈঃ পূপৈশ্চ গণশান্তিপুরঃসরং॥

গজহননকর্ত্তার জন্মান্তরে তৎপাপচিহ্নস্বরূপ সর্ব্ব কার্য্যে অক্ষম অর্থাৎ জড় হয় তাহার প্রায়শ্চিত্ত এই, প্রাসাদ নির্ম্মাণ করিয়া তন্মধ্যে গণেশ প্রতিমা স্থাপন করিবে, অথবা লক্ষসংখ্যক গণেশ-মন্ত্র জপ তদ্দশাংশ কুলথশাক এবং পূপদ্বারা হোম করিয়া গণেশ-মন্ত্র দ্বারা শান্তি করিবে।

অথ উষ্ট্রবধজন্য বিকৃতিস্বর প্রায়শ্চিত্ত।

উষ্ট্রে বিনিহতে চৈব জায়তে বিকৃতস্বরঃ।
স তৎপাপবিশুদ্ধ্যর্থং দদ্যাৎ কর্পূরকং পলং॥

উষ্ট্রহননজন্য জন্মান্তরে তৎপাপচিহ্নস্বরূপ বিকৃতস্বর প্রাপ্ত হয়। তৎপাপক্ষয়ার্থ একপলপরিমিত কর্পূর প্রদান করিবে।

অথ অশ্বহননজন্য বক্রমুখ প্রায়শ্চিত্ত।

অশ্বে বিনিহতে চৈব বক্রতুণ্ডঃ প্রজায়তে।
শতং পলানি দদ্যাচ্চ চন্দনান্যঘমুক্তয়ে॥

অশ্বঘাতক ব্যক্তির জন্মান্তরে তৎপাপচিহ্ন বক্রতুণ্ড হয়, তাহার প্রায়শ্চিত্তস্বরূপ শতপলপরিমিত চন্দনকাষ্ঠ দান করতঃ শুদ্ধ হইবে।

অথ মহিষবধজন্য কৃষ্ণগুল্মরোগ এবং খরবধজন্য খররোম প্রায়শ্চিত্ত।

মহিষীঘাতনে চৈব কৃষ্ণগুল্মঃ প্রজায়তে।
খরে বিনিহতে চৈব খররোমা প্রজায়তে।
নিষ্কত্রয়প্রতিকৃতীং সম্প্রদদ্যাদ্দ্বিরণ্ময়ীং॥

মহিষীবধকারকের জন্মান্তরে তৎপাপসূচিত কৃষ্ণগুল্ম রোগ হয়

এবং গর্দ্দভবধে জন্মান্তরে খররোমা হয়, উভয় প্রায়শ্চিত্তার্থ নিষ্কত্রয় পরিমিত স্বর্ণনির্ম্মিত প্রতিকৃতি প্রদান করিলে নিষ্কৃতি হইবে।

অথ তরক্ষুবধজন্য কাকদৃষ্টি প্রায়শ্চিত্ত।

তরক্ষৌ নিহতে চৈব জায়তে কাকবীক্ষণঃ।
দদ্যাদ্রত্নময়ীং ধেনুং স তৎপাতকশান্তয়ে॥

তরক্ষু অর্থাৎ মৃগবিশেষ বধকারকের জন্মান্তরে তৎপাপ চিহ্ন কাকের ন্যায় দৃষ্টি হয়, তাহার প্রায়শ্চিত্তার্থ স্বর্ণময় ধেনু প্রদান করিবে।

অথ শূকরবধজন্য দন্তুর প্রায়শ্চিত্ত।

শূকরে নিহতে চৈব দন্তুরোজায়তে নরঃ।
স দদ্যাত্তু বিশুদ্ধ্যর্থং ঘৃতকুম্ভং স দক্ষিণং॥

শূকর বধকারক ব্যক্তি জন্মান্তরে দন্তুর হয়, তৎপাপ ক্ষয়ার্থ দক্ষিণার সহিত ঘৃতকুম্ভ প্রদান করিবে।

হরিণবধজন্য খঞ্জ এবং শৃগালবধজন্য বিগতপাদ প্রায়শ্চিত্ত।

হরিণে নিহতে খঞ্জঃ শৃগালে তু বিপাদকঃ।
অশ্বস্তেন প্রদাতব্যঃ সৌবর্ণপলনির্ম্মিতঃ॥

হরিণ-হননকারক ব্যক্তি জন্মান্তরে তৎপাপসূচিত খঞ্জ হয়, এবং শৃগালবধে বিগতপাদ হয়, উভয় পাপ ক্ষয়ার্থ একপল স্বর্ণের সহিত অশ্ব প্রদান করিবে।

অথ ছাগবধজন্য অধিকাঙ্গ প্রায়শ্চিত্ত।

অজাভিঘাতনে চৈব অধিকাঙ্গঃ প্রজায়তে।
অজা তেন প্রদাতব্যা বিচিত্রবস্ত্রসংযুতা॥

অবৈধছাগবধে জন্মান্তরে তৎপাপচিহ্ন অধিকাঙ্গ হয়, তাহার প্রায়শ্চিত্ত জন্য বিচিত্র বসনান্বিত ছাগ প্রদান করিবে।

অথ উরভ্রবধ জন্য পাণ্ডুরোগ প্রায়শ্চিত্ত।

উরভ্রে নিহতে চৈব পাণ্ডুরোগঃ প্রজায়তে।
কস্তুরিকাপলং দদ্যাদ্ব্রাহ্মণায় বিশুদ্ধয়ে॥

উরভ্র অর্থাৎ মেষবধে জন্মান্তরে তৎপাপচিহ্ন পাণ্ডুরোগ প্রাপ্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত একপলপরিমিত মৃগনাভি ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ মার্জ্জারবধজন্য পিঙ্গলচক্ষুঃপ্রায়শ্চিত্ত।

মার্জ্জারে নিহতে চৈব পীতচক্ষুঃ প্রজায়তে।
পারাবতং স সৌবর্ণং প্রদদ্যান্নিষ্কমাত্রকং॥

জন্মান্তরে মার্জ্জারবধজন্য তৎপাপসূচিত পিঙ্গললোচন চিহ্ন হয়, তৎপাপ ক্ষয়ার্থ নিষ্কপরিমিত স্বর্ণসহিত পারাবত প্রদান করিবে।

অথ শশকবধ জন্য কুব্জকর্ণরোগ প্রায়শ্চিত্ত।

শশকে নিহতে চৈব কুব্জকর্ণঃ প্রজায়তে।
শয্যাং দদ্যাৎ স বিপ্রায় সোপাধানং সতুলিকাং॥

শশকবধকারকের জন্মান্তরে পাপচিহ্ন কুব্জকর্ণ হয়, তাহার প্রায়শ্চিত্ত স্বরূপ উপাধানের সহিত সতুলিকা শয্যা প্রদান করিবে।

অথ সর্পবধজন্য নিদ্রালু প্রায়শ্চিত্ত।

শয়ালুঃ সর্পহা দদ্যাৎ লোহদংশং স দক্ষিণং॥

সর্পবধকারক ব্যক্তি জন্মান্তরে তৎপাপসূচিত অতিশয় নিদ্রাতুর হয়, তাহার প্রায়শ্চিত্তার্থ দক্ষিণার সহিত লৌহনির্ম্মিত সর্প প্রদান করিবে।

অথ বৃকবধজন্য কুব্জরোগ প্রায়শ্চিত্ত।

কুব্জকো বৃকহা দদ্যাৎ সপ্তধান্যং সকাঞ্চনং।

বৃক অর্থাৎ আততায়ী ভিন্ন ক্ষুদ্র ব্যাঘ্রবধকারক ব্যক্তি জন্মান্তরে পাপচিহ্ন স্বরূপ কুব্জ রোগ প্রাপ্ত হয়, তৎপাপ ক্ষয়ার্থ কাঞ্চনের সহিত সপ্তখারীপরিমিত ধান্য প্রদান করিবে।

অথ ময়ূরবধজন্য কৃষ্ণমণ্ডল প্রায়শ্চিত্ত।

ময়ূরঘাতনে চৈব জায়তে কৃষ্ণমণ্ডলঃ।
নিষ্কত্রয়মিতো দেয়ঃ স্বর্ণেন নির্ম্মিতঃ শিখী॥

জন্মান্তরীয় ময়ূরবধজন্য তৎপাপ চিহ্ন স্বরূপ শরীরে কৃষ্ণবর্ণ মণ্ডলাকৃতি রোগবিশেষ প্রাপ্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত নিষ্কত্রয়পরিমিত ময়ূর প্রদান করিবে।

অথ হংসবধজন্য জাতুমণ্ডল প্রায়শ্চিত্ত।

হংসঘাতী ভবেদ্যস্তু তস্য স্যাজ্জতুমণ্ডলং।
পলত্রয়মিতং দদ্যাৎ রৌপ্যহংসং বিশুদ্ধয়ে॥

জন্মান্তরীয় হংসবধজন্য তৎপাপচিহ্ন জাতুমণ্ডল রোগ হয়, তাহার প্রায়শ্চিত্ত তিনপল পরিমিত রৌপ্যময়হংস প্রদান করিবে।

অথ কুক্কুটবধ জন্য বক্রনাসপ্রায়শ্চিত্ত।

কুক্কুটে নিহতে চৈব বক্রনাসঃ প্রজায়তে।
তেন নিষ্কঃ প্রদাতব্যো ব্রাহ্মণায় হিরণ্ময়ঃ॥

জন্মান্তরীয় কুক্কুটঘাতকের তৎপাপচিহ্ন বক্রনাস হয়, তাহার প্রায়শ্চিত্ত নিষ্কত্রয়পরিমিত স্বর্ণময় কুক্কুট প্রদান করিবে।

অথ পারাবতবধজন্য পীতপাণি প্রায়শ্চিত্ত।

পারাবতে বিনিহতে পীতপাণিঃ প্রজায়তে।
পারাবতং সসৌবর্ণং প্রদদ্যাৎ নিষ্কমাত্রকং॥

জন্মান্তরীয় পারাবত বধকারকের তৎপাপসূচিত হস্তে পীতবর্ণ চিহ্ন হয়, তাহার প্রায়শ্চিত্ত নিষ্কপরিমিত স্বর্ণনির্ম্মিত পারাবত প্রদান করিবে।

অথ শুকশারীবধজন্য স্খলিতবাক্য প্রায়শ্চিত্ত।

শুকশারিকয়োর্ঘাতে নরঃ স্খলিতবাগ্ভবেৎ।
সচ্ছাস্ত্রপুস্তকং দদ্যাৎ স বিপ্রায় সদক্ষিণং॥

জন্মান্তরীয় শুকশারীবধকারক ব্যক্তির তৎপাপচিহ্ন স্খলিতবাক্য হয়, অর্থাৎ তোতলা হয়, তাহার প্রায়শ্চিত্ত দক্ষিণার সহিত সৎশাস্ত্র পুস্তক প্রদান করিবে।

অথ বকবধজন্য দীর্ঘনাস প্রায়শ্চিত্ত।

বকঘাতী দীর্ঘনাসোদদ্যাদ্গাং ধবলপ্রভাং॥

জন্মান্তরীয় বকঘাতীর পাপচিহ্ন দীর্ঘনাসিকা হয়, তাহার প্রায়শ্চিত্ত শুক্লবর্ণ গো দান করিবে।

অথ কাকবধজন্য কর্ণহীন প্রায়শ্চিত্ত।

কাকঘাতী কর্ণহীনোদদ্যাদ্গামসিতপ্রভাং॥

জন্মান্তরীয় কাকবধকারকের পাপচিহ্ন কর্ণহীন হয়, তাহার প্রায়শ্চিত্ত কৃষ্ণবর্ণ গো প্রদান করিবে।

অথ প্রায়শ্চিত্তাপবাদ।

হিংসায়া নিষ্কৃতিরিয়ং ব্রাহ্মণে সমুদাহৃতা।
তদর্দ্ধার্দ্ধপ্রমাণেন ক্ষত্রিয়াদিষ্বনুক্রমাৎ।
ক্ষত্রিয়ো মৃগয়াযান্তু মৃগং নিঘ্নন্ন দুষ্যতি॥

জন্মান্তরীয় হিংসার নিষ্কৃতি যেরূপ কথিত হইল তাহা ব্রাহ্মণের জানিবা। ক্ষত্রিয়াদি অর্দ্ধার্দ্ধ প্রমাণে প্রায়শ্চিত্ত করিবে। হীনবর্ণ হইলে প্রায়শ্চিত্তের হীন হইবে, কিন্তু ক্ষত্রিয়ের মৃগয়াতে কিম্বা যুদ্ধে বধ করিলে দোষ হইবেক না।

যন্ত্রযোদ্ধাঙ্গমে যুদ্ধে ব্রাহ্মণস্তান্ প্রমারয়েৎ।
গজাদিকান্ চতুর্দ্দশ সপ্তসপ্তোত্তরক্রমাৎ।
নিঘ্নন্নবাপ্নোতি নরচিহ্নানি কথিতানি চ।
ময়ূরাণাং তথা সপ্ত চতুর্দ্দশোত্তরক্রমাৎ॥

যদি ব্রাহ্মণ যন্ত্রাতিরিক্ত যুদ্ধস্থলে গজাদি চতুর্দ্দশ বধ করে তত্রাপি উত্তরোত্তর সপ্ত সপ্ত বধ কথিত চিহ্ন হইবে, এবং ময়ূরাদি সপ্ত বধে উত্তরোত্তর চতুর্দ্দশ বধের চিহ্ন হইবেক।

ইতি শাতাতপীয় কর্ম্মবিপাকে বধপ্রায়শ্চিত্তং নাম দ্বিতীয়োধ্যায়ঃ।

অথ জন্মান্তরীয় সুরাপানজন্য শ্যাবদন্ত প্রায়শ্চিত্ত।

সুরাপঃ শ্যাবদন্তঃস্যাৎ প্রাজাপত্যন্তরন্তথা।
শর্করায়াস্তুলাঃ সপ্ত দদ্যাৎ পাপবিশুদ্ধয়ে।
জপিত্বা তু মহারুদ্রং দশাংশং জুহুয়াত্তিলৈঃ।
ততোঽভিষেকঃ কর্ত্তব্যো মন্ত্রৈর্বরুণদৈবতৈঃ॥

জন্মান্তরীয় সুরাপান জন্য নরকভোগানন্তর তৎপাপ চিহ্ন শ্যাবদন্ত হয় তাহার প্রায়শ্চিত্ত প্রথমতঃ প্রাজাপত্য ব্রত, তদভাবে ধেনু তন্মূল্য অথবা দানানন্তর শর্করার তুলাপুরুষ দান করিবে। তদনন্তর

অনুক্ত হেতু অযুতসংখ্যক মহারুদ্র মন্ত্র জপ তদ্দশাংশ তিলাজ্য হোম করিবে। তদনন্তর বরুণ মন্ত্রের দ্বারা যজমান অভিষিক্ত হইয়া শুদ্ধ হইবে।

অথ মদ্যপান জন্য রক্তপিত্তরোগ প্রায়শ্চিত্ত।

মদ্যপো রক্তপিত্তঃস্যাৎ স দদ্যাৎ সর্পিষোঘটং।
মধুনোঽর্দ্ধঘটঞ্চৈব সহিরণ্যং বিশুদ্ধয়ে॥

গৌড়ী পৌষ্ঠী ভিন্ন বারুণী, যন্ত্রোদ্ভব মাদক দ্রব্যের নাম মদ্য, তৎপানে তৎপাপচিহ্ন জন্মান্তরে রক্তপিত্ত রোগ হয়, তৎপাপ ক্ষয়ার্থ ঘৃতকুম্ভ এবং অর্দ্ধঘটপূরিত মধু হিরণ্যের সহিত প্রদান করিবে।

অথ ক্রমিকোদর প্রায়শ্চিত্ত।

অভক্ষ্যভক্ষণে চৈব জায়তে ক্রমিকোদরঃ।
যথাবর্ত্তেন শুদ্ধ্যর্থমুপোষ্যং ভীষ্মপঞ্চকং।
উদক্যাবীক্ষিতং ভুক্ত্বা জায়তে ক্রমিকোদরঃ।
গোমূত্রযাবকাহারস্ত্রিরাত্রেণৈব শুদ্ধ্যতি।
ভুক্ত্বা চাস্পৃশ্য সংস্পৃষ্টং জায়তে ক্রমিকোদরঃ।
ত্রিরাত্রং সমুপোষ্যাথ স তৎপাপাৎ প্রমুচ্যতে।
অন্নং কাকাদ্যুপহতমাখুমার্জ্জারভক্ষিতং।
ভুক্ত্ব ত্রিকালং গোমূত্রং ভোজয়েৎ ব্রাহ্মণত্রয়ং॥

জন্মান্তরীয় অভক্ষ্যভক্ষণে তৎপাপচিহ্ন ক্রমিকোদর রোগ হয়, তাহার প্রায়শ্চিত্ত পঞ্চরাত্রোপবাস; এবং রজস্বলা স্পৃষ্টান্ন ভোজনে ক্রমিকোদর রোগগ্রস্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত গোমূত্রসিদ্ধ যাবক ত্রিরাত্র ভোজন, এবং অস্পৃশ্য স্পৃষ্টান্ন ভোজনে ক্রমিকোদর রোগগ্রস্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত ত্রিরাত্র উপবাস মাত্র, এবং কাক মার্জ্জার ইন্দুরাদি আহতান্ন ভোজনে ত্রিকাল গোমূত্র পান এবং ব্রাহ্মণত্রয় ভোজন প্রায়শ্চিত্ত, এই কর্ম্মত্রয়জন্য ক্রমিকোদর রোগ ত্রিবিধ প্রকার কহিয়াছেন, তাহাতে রোগের ন্যূনাধিক্য বোধ পুরঃসর কর্ম্মের ন্যূনাধিক্য জানিয়া প্রায়শ্চিত্ত করিবে।

অথ অনিবেদিতদ্রব্য ভোজনজন্য অলস প্রায়শ্চিত্ত।

অনিবেদ্য সুরাদিভ্যো ভুঞ্জানো জায়তেঽলসঃ।
ভোজয়েৎ দ্বিশতং বিপ্রান্ সহস্রং বা প্রমাণতঃ॥

দেবতাদিগের অনিবেদিত দ্রব্য ভোজনে জন্মান্তরে তৎপাপ চিহ্ন আলস্যবিশিষ্ট হয়, তাহার প্রায়শ্চিত্ত সহস্র ব্রাহ্মণভোজন অশক্তে দ্বিশত ব্রাহ্মণ ভোজন করাইবে।

অথ পরান্ন বিঘ্নকরণজন্য অজীর্ণরোগ প্রায়শ্চিত্ত।

পরান্নবিঘ্নকরণাদজীর্ণমভিজায়তে।
লক্ষহোমং স কুর্ব্বীত প্রায়শ্চিত্তং যথাবিধি॥

পরকীয় ভোজনে বিঘ্নকারি ব্যক্তি জন্মান্তরে তৎপাপ চিহ্ন অজীর্ণ রোগগ্রস্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত অনুক্ত হেতু সর্ব্বদেবময় হরির লক্ষসংখ্যক হোম করিবে।

অথ কদন্নদানজন্য মন্দোদরাগ্নি প্রায়শ্চিত্ত।

মন্দোদরাগ্নির্ভবতি সতিদ্রব্যে কদন্নদঃ।
প্রাজাপত্যত্রয়ং কুর্য্যাদ্ভোজয়েচ্চ শতং দ্বিজান্।

উত্তমান্নসত্ত্বে কুৎসিতান্ন দান করিলে জন্মান্তরে তৎপাপচিহ্ন মন্দোদরাগ্নিরোগগ্রস্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত প্রাজাপত্যত্রয় তদভাবে ধেনুত্রয় বা তন্মূল্য দানানন্তর শত ব্রাহ্মণ ভোজন করাইবে।

অথ বিষদানজন্য ছর্দ্দিরোগ প্রায়শ্চিত্ত।

বিষদঃ স্যাচ্ছর্দ্দিরোগী দদ্যাদ্দশপয়স্বিনীঃ।

জন্মান্তরীয় বিষদানজন্য তৎপাপচিহ্ন ছর্দ্দিরোগগ্রস্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত দশসংখ্যক দুগ্ধবতী গো দান করিলে তৎপাপ ক্ষয় হইবে।

অথ মার্গহরণজন্য পাদরোগ প্রায়শ্চিত্ত।

মার্গহা পাদরোগী স্যাৎ সোঽশ্বদানং সমাচরেৎ।

মার্গহরণ অর্থাৎ পথ নষ্ট করিলে জন্মান্তরে তৎপাপচিহ্ন পাদরোগগ্রস্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত অশ্বদান করিলে পাপক্ষয় হইবে।

অথ কর্ণসূচকজন্য শ্বাসকাসরোগ প্রায়শ্চিত্ত।

পিশুনো নরকস্যান্তে জায়তে শ্বাসকাসবান্।
ঘৃতং তেন প্রদাতব্যং সহস্রপলসম্মিতং ॥

জন্মান্তরে পিশুন অর্থাৎ কুমন্ত্রদ্বারা পরমন্দকারক ব্যক্তির নরক ভোগাবসানে মনুষ্য শরীরে তৎপাপচিহ্ন শ্বাসকাস রোগ হয়, তৎপাপক্ষয়ার্থ সহস্রপলপরিমত ঘৃত দান করিবে।

অথ অপস্মাররোগ প্রায়শ্চিত্ত।

ধূর্ত্তোঽপস্মাররোগী স্যাৎ স তৎপাপবিশুদ্ধয়ে।
ব্রহ্মকূর্চ্চময়ীং ধেনুং দদ্যাদ্গাঞ্চ সদক্ষিণাং ॥

ধূর্ত্ত ব্যক্তি জন্মান্তরে অপস্মাররোগগ্রস্ত হয়, তাহার প্রায়শ্চিত্ত ব্রহ্মকূর্চ্চময় ধেনু এবং দক্ষিণার সহিত গো দান করিলে পাপ হইতে মুক্ত হইবে।

অথ পরোপতাপদায়কস্য শূলরোগ প্রায়শ্চিত্ত।

শূলী পরোপতাপেন জায়তে তৎপ্রমোচনে।
সোঽন্নদানং প্রকুর্ব্বীত তথা রুদ্রং জপেন্নরঃ ॥

পরের উপতাপদায়ক ব্যক্তি জন্মান্তরে শূলরোগগ্রস্ত হয়। তাহার প্রায়শ্চিত্ত অন্নদান করিবে এবং অনুক্ত হেতু অযুত সংখ্যক রুদ্রমন্ত্র জপ করিবে।

অথ দাবাগ্নিদায়কস্য রক্তাতিসার প্রায়শ্চিত্ত।

দাবাগ্নিদায়কশ্চৈব রক্তাতিসারবান্ ভবেৎ।
তেনোদপানং কর্ত্তব্যং রোপণীয়স্তথাবটঃ ॥

জন্মান্তরীয় দাবাগ্নিদায়কের রক্তাতিসার রোগ হয়, তাহার প্রায়শ্চিত্ত জলাশয়, অন্নদান ও বটবৃক্ষ রোপণ করিবে।

অথ গুহ্যরোগ প্রায়শ্চিত্ত।

সুরালয়ে জলে বাপি সকৃন্মূত্রং করোতি যঃ।
গুদরোগোভবেত্তস্য পাপরূপঃ সুদারুণঃ ॥

মাসং সুরার্চ্চনেনৈব গোদানদ্বিতয়েন তু।
প্রাজাপত্যে ন চৈকেন শাম্যন্তি গুদজারুজঃ॥

দেবালয়ে কিম্বা জলমধ্যে বিষ্ঠা মূত্র পরিত্যাগ করিলে জন্মান্তরে তৎপাপরূপ গুহ্যদেশে রোগবিশেষ হয়, তৎপাপের শমতা একমাস দেবপূজা এবং গোদ্বয় দান এবং প্রাজাপত্য করিতে হইবে। প্রাজাপত্য ব্রতাদ্যশক্তে ধেনু অথবা তন্মূল্য দিবে।

অথ গর্ভপাতজন্য যকৃৎ প্লীহা জলোদররোগ প্রায়শ্চিত্ত।

গর্ভপাতনজা রোগা যকৃৎ প্লীহজলোদরাঃ।
তেষাং প্রশমনার্থায় প্রায়শ্চিত্তমিদং স্মৃতং।
এতেষু দদ্যাদ্বিপ্রায় জলধেনুং বিধানতঃ।
সুবর্ণরূপ্যতাম্রাণাং পলত্রয়সমন্বিতং॥

জন্মান্তরে গর্ভপাত করাইলে ইহজন্মে যকৃৎ প্লীহা এবং জলোদর রোগগ্রস্ত হয়। যকৃৎপদে দক্ষিণাংশে গোলাকার প্লীহা অর্থাৎ কাঁসোর, এই পাপের শমতা হেতু ব্রাহ্মণকে ক্রমেতে সুবর্ণ, রৌপ্য তাম্র, প্রত্যেকের পলত্রয় সহিত জল ধেনু প্রদান করিবে।

অথ প্রতিমাভঙ্গজন্য অপ্রতিষ্ঠা প্রায়শ্চিত্ত।

প্রতিমাভঙ্গকারী চ অপ্রতিষ্ঠা প্রজায়তে।
সম্বৎসরত্রয়ং সিঞ্চেদশ্বত্থং প্রতিবাসরং।
উদ্বাহয়েত্তমশ্বত্থং স্বগৃহ্যোক্তবিধানতঃ।
তত্র সংস্থাপয়েদ্দেবং বিঘ্নরাজং সুপূজিতং॥

দেবপ্রতিমাভঙ্গকারক ব্যক্তির জন্মান্তরে সর্ব্বত্র অপ্রতিষ্ঠা অর্থাৎ কুত্রাপি মান্য হয় না। তৎপাপক্ষয়ার্থ তিন বৎসরাবধি প্রতিবাসরে অশ্বত্থবৃক্ষের অভিষেক করিবে, এবং গৃহ্যোক্ত বিধানে অশ্বত্থবটের বিবাহ দিয়া সেই স্থলে বিঘ্নরাজ গণেশ প্রতিমা পূজা করিয়া সংস্থাপনা করিবে।

অথ কটুবাদির খণ্ডিত প্রায়শ্চিত্ত।

দুষ্টবাদী খণ্ডিতঃস্যাৎ সবৈ দদ্যাদ্দ্বিজায়তে।
রূপ্যঃ পলদ্বয়ং দুগ্ধং ঘটদ্বয়সমন্বিতং॥

অথ তাম্রচৌরজন্য শ্বৈত্রীবিশেষরোগ প্রায়শ্চিত্ত।

ঔডুম্বরী তাম্রচৌরোনরকান্তে প্রজায়তে।
প্রাজাপত্যং স কৃত্বাত্র তাম্রং পলশতং দিশেৎ॥

তাম্রচৌরের নরকভোগানন্তর তৎপাপসূচিত ঔডুম্বর অর্থাৎ শ্বেত্রীবিশেষ রোগ হয়। তৎপাপক্ষয় তদর্থক প্রাজাপত্যব্রত এবং একশত পলপরিমিত তাম্র প্রদান করিবে। পল পরিমাণন্তু ৮ রক্তিকা ২ মাষা ৩ তোলা।

অথ কাংস্যচৌর্য্যজন্য পুণ্ডরীকরোগ প্রায়শ্চিত্তং।

কাংস্যহারী চ ভবতি পুণ্ডরীকসমন্বিতঃ।
কাংস্যংপলশতং দদ্যাদলংকৃত্য দ্বিজাতয়ে॥

কাংস্যচৌর ব্যক্তি জন্মান্তরে তৎপাপচিহ্ন পুণ্ডরীক অর্থাৎ দদ্রু-বিশেষ রোগগ্রস্ত হয়। তাহার প্রায়শ্চিত্ত শতপল পরিমিত কাংস্য অলঙ্কৃত্য অর্থাৎ স্তবাদিপূর্ব্বক ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ শুক্তিচৌরজন্য পাণ্ডুবর্ণকেশ প্রায়শ্চিত্ত।

মুক্তাহারী চ পুরুষোজায়তে পিঙ্গমূর্দ্ধজঃ।
মুক্তাফলং শতং দদ্যাদুপোষ্য স বিধানতঃ॥

মুক্তাচৌর্য্য করিলে জন্মান্তরে তৎপাপ চিহ্ন পাণ্ডুবর্ণ কেশ হয়। তাহার প্রায়শ্চিত্ত যথাবিধি উপবাসী হইয়া একশত পল মুক্তা ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ ত্রপুচৌরজন্য শ্লেষ্মরোগ প্রায়শ্চিত্ত।

ত্রপুহারী চ পুরুষো জায়তে শ্লেষ্মরোগবান্।
উপোষ্য দিবসং সোঽপি দদ্যাৎ পলশতং ত্রপুং॥

ত্রপু অর্থাৎ রাঙ্গচৌর্য্যকারক জন্মান্তরে তৎপাপচিহ্ন শ্লেষ্মরোগ-গ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত এক দিবস উপবাস করণানন্তর একশত পলপরিমিত ত্রপু প্রদান করিবে।

অথ সীসচৌরজন্য শীর্ষরোগ প্রায়শ্চিত্ত।

সীসহারী চ পুরুষোজায়তে শীর্ষরোগবান্।
সীসং পলশতং দদ্যাদুপোষ্য স তু বাসরং॥

সীসক হরণকারকের জন্মান্তরে তৎপাপচিহ্ন শীর্ষরোগ হয়। তাহার প্রায়শ্চিত্ত এক দিন উপবাসানন্তর একশত পল পরিমিত সীসক প্রদান করিবে।

অথ ঘৃতচৌরজন্য নেত্ররোগ প্রায়শ্চিত্ত।

ঘৃতচৌরস্তু পুরুষোজায়তে নেত্ররোগবান্।
উপোষ্য দিবসং দদ্যাদ্ঘৃতধেনুং বিধানতঃ॥

ঘৃতচৌর ব্যক্তি জন্মান্তরে তৎপাপচিহ্ন নেত্ররোগগ্রস্ত হয় তৎ-পাপ ক্ষয় তদর্থক বিধানক্রমে উপবাস করতঃ ঘৃতধেনু দানরূপ প্রায়শ্চিত্ত করিবে।

অথ দুগ্ধচৌরজন্য বহুমূত্ররোগ প্রায়শ্চিত্ত।

দুগ্ধহারী চ পুরুষোজাতয়ে বহুমূত্রকঃ।
সদদ্যাদ্দুগ্ধধেনুঞ্চ ব্রাহ্মণায় যথাবিধি॥

দুগ্ধচৌর ব্যক্তি জন্মান্তরে তৎপাপচিহ্ন বহুমূত্র রোগ হয় তৎ-পাপ ক্ষয়ার্থ দুগ্ধবতী ধেনু ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ দধিচৌরজন্য মত্ততা প্রায়শ্চিত্ত।

দধিচৌর্য্যেণ পুরুষোজায়তে মদবান্ যতঃ।
দধিধেনুঃ প্রদাতব্যা তেন বিপ্রায় শুদ্ধয়ে॥

জন্মান্তরীয় দধিহরণ জন্য তৎপাপ চিহ্ন মত্ততা হয় তদ্দোষ শান্তির কারণ দধিধেনু দান করিবে।

অথ মধুচৌর্য্যজন্য মদ্যগন্ধ প্রায়শ্চিত্ত।

মধুচৌরস্তু পুরুষোজায়তে মদ্যগন্ধবান্।
স দদ্যান্মধুধেনুঞ্চ সমুপোষ্য দ্বিজাতয়ে॥

মধুচৌর ব্যক্তির জন্মান্তরে তৎপাপচিহ্ন শরীরে মদ্যগন্ধ হয় তৎ-পাপ ক্ষয়ার্থ উপবাসী হইয়া মধুধেনু দান করিবে।"

অথ ইক্ষুবিকার হরণজন্য গুল্মরোগ প্রায়শ্চিত্ত।

ইক্ষোর্বিকারহারী চ ভবেদুদরগুল্মবান্।
গুড়ধেনুঃ প্রদাতব্যা তেন তদ্দোষশান্তয়ে॥

জন্মান্তরীয় ইক্ষুবিকার অর্থাৎ গুড়াদি হরণ জন্য তৎপাপসূচিত উদরে গুল্মরোগ হয়। তদ্দোষ শান্ত্যর্থ গুড়ধেনুদানরূপ প্রায়শ্চিত্ত করিবে।

অথ লৌহহরণজন্য কর্ব্বরাঙ্গ প্রায়শ্চিত্ত।

লৌহহারী চ পুরুষঃ কর্ব্বুরাঙ্গঃ প্রজায়তে।
লৌহং পলশতং দদ্যাদুপোষ্য স তু বাসরং॥

জন্মান্তরে লৌহহরণকারকের কর্ব্বুরবর্ণ দেহ হয়, তাহার প্রায়শ্চিত্ত এক দিবস উপবাসী হইয়া একশত পল পরিমিত লৌহ দান করিলে তৎপাপ হইতে মুক্ত হইবে।

অথ তৈলচৌর্য্যজন্য কণ্ডুরোগ প্রায়শ্চিত্ত।

তৈলচৌরস্তু পুরুষো ভবেৎ কণ্ড্বাদিপীড়িতঃ।
উপোষ্য স তু বিপ্রায় দদ্যাত্তৈলঘটদ্বয়ং।

জন্মান্তরীয় তৈল চৌর ব্যক্তি তৎপাপসূচিত কণ্ড্বাদি রোগে পীড়িত হয় কণ্ডুপদে চুল্কনা ও পেঁচড়া ইত্যাদি তাহার প্রায়শ্চিত্ত উপবাসী হইয়া ঘটদ্বয়পূরিত তৈল দান করিলে তৎপাপ ক্ষয় হইবে।

অথ আমান্ন হরণজন্য হীনদীপ্তি প্রায়শ্চিত্ত।

আমান্নহরণাচ্চৈব হীনদীপ্তিঃ প্রজায়তে।
স দদ্যাদশ্বিনৌ হেমনিষ্কদ্বয়বিনির্ম্মিতৌ॥

আমান্ন চৌর্য্যকারকের জন্মান্তর তৎপাপচিহ্ন হীনদীপ্তি হয়। তাহার প্রায়শ্চিত্ত নিষ্কদ্বয়পরিমিত হেম নির্ম্মিত অশ্বিনীকুমার প্রতিমাদ্বয় দান করিলে শুদ্ধি হইবে।

অথ পক্কান্নহরণজন্য জিহ্বারোগ প্রায়শ্চিত্ত।

পক্কান্নহরণাচ্চৈব জিহ্বারোগঃ প্রজায়তে।
গায়ত্র্যাঃ সংজপেল্লক্ষং দশাংশং জুহুয়াত্তিলৈঃ॥

জন্মান্তরে পক্কান্ন চুরি করিলে তৎপাপচিহ্ন জিহ্বারোগগ্রস্ত হয় তৎপাপক্ষয়ার্থে লক্ষসংখ্যক গায়ত্রী জপ ও তদ্দশাংশ তিল হোম করতঃ শুদ্ধ হইবে।

অথ ফলচৌর্য্যজন্য অঙ্গুলিব্রণ প্রায়শ্চিত্ত।

ফলহারী চ পুরুষো জায়তে ব্রণিতাঙ্গুলিঃ।
নানাফলানামযুতং স দদ্যাচ্চ দ্বিজন্মনে॥

জন্মান্তরে ফলহারকের তৎপাপচিহ্ন ব্রণাঙ্গুলি হয়। তাহার প্রায়শ্চিত্ত অযুত সংখ্যক বিবিধ ফল ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ তাম্বূলহরণজন্য শ্বেতোষ্ঠ প্রায়শ্চিত্ত।

তাম্বূলহরণাচ্চৈব শ্বেতোষ্ঠঃ সম্প্রজায়তে।
সদক্ষিণং প্রদদ্যাচ্চ বিদ্রুমস্য দ্বয়ং বরং॥

তাম্বূল হরণ জন্য জন্মান্তরে তৎপাপচিহ্ন শ্বেতোষ্ঠ হয় তাহার প্রায়শ্চিত্ত শ্রেষ্ঠবিদ্রুমদ্বয় দক্ষিণার সহিত ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ শাকচৌর্য্যজন্য নীলনেত্র প্রায়শ্চিত্ত।

শাকহারী চ পুরুষো জায়তে নীললোচনঃ।
ব্রাহ্মণায় প্রদদ্যাদ্বৈ মহানীলমণিদ্বয়ং॥

জন্মান্তরে শাকচোর ব্যক্তির তৎপাপচিহ্ন নীলবর্ণ নেত্র হয়। তাহার প্রায়শ্চিত্ত মহৎ অর্থাৎ উত্তম নীলমণিদ্বয় ব্রাহ্মণকে দান করিবে।

অথ কন্দমূলহরণজন্য হ্রস্বপাণি প্রায়শ্চিত্ত।

কন্দমূলস্য হরণাদ্ধ্রস্বপাণিঃ প্রজায়তে।
দেবতায়তনং কার্য্যমুদ্যানং তেন শক্তিতঃ॥

জন্মান্তরীয় কন্দমূলহরণ জন্য তৎপাপ চিহ্ন হ্রস্বপাণি হয় তৎপাপ ক্ষয়ার্থ শক্ত্যনুসারে দেবগৃহ ও উদ্যান দান করিবে।

অথ সৌগন্ধিকদ্রব্যহরণজন্যদুর্গন্ধাঙ্গ প্রায়শ্চিত্ত।

সৌগন্ধিকস্য হরণাদ্দুর্গন্ধাঙ্গঃ প্রজায়তে।
স লক্ষমেকং পদ্মানাং জুহুয়াজ্জাতবেদসি॥

জন্মান্তরে সৌগন্ধিদ্রব্য হরণ করিলে তৎপাপচিহ্ন দুর্গন্ধবিশিষ্ট শরীর হয় তাহার প্রায়শ্চিত্ত লক্ষপদ্মের দ্বারা বিষ্ণুর হোম করিলে পাপক্ষয় হইবে।

অথ কাষ্ঠচৌর জন্য স্বিন্নহস্ত প্রায়শ্চিত্ত।

দারুহারী চ পুরুষঃ স্বিন্নপাণিঃ প্রজায়তে।
সদদ্যাদ্দ্বিজুবে শুদ্ধৌ কাশ্মীরজ পলদ্বয়ং॥

জন্মান্তরে কাষ্ঠচৌর ব্যক্তির তৎপাপচিহ্ন স্বিন্নহস্ত হয় তৎপাপ শুদ্ধার্থ পলদ্বয় পরিমিত রক্তচন্দন ব্রাহ্মণকে দান করিবে।

অথ বিদ্যাপুস্তকচৌর্য্যজন্য মুক প্রায়শ্চিত্ত।

বিদ্যাপুস্তকহারী চ কিল মুকঃ প্রজায়তে।
ন্যায়েতিহাসং দদ্যাৎ স ব্রাহ্মণায় স দক্ষিণং॥

জন্মান্তরে বিদ্যা পুস্তক চৌর ব্যক্তির তৎপাপচিহ্ন মুক অর্থাৎ অস্পষ্ট বাক্য হয় তাহার প্রায়শ্চিত্ত ন্যায় কিম্বা ইতিহাস পুস্তক লেখাইয়া দক্ষিণার সহিত ব্রাহ্মণকে দান করিবে।

অথ বস্ত্রচৌর্য্যজন্য কুষ্ঠবিশেষরোগ প্রায়শ্চিত্ত।

বস্ত্রহারী ভবেৎ কুষ্ঠী সম্প্রদদ্যাৎ প্রজাপতিং।
হেমনিষ্কমিতঞ্চৈব বস্ত্রযুগ্মং দ্বিজাতয়ে॥

জন্মান্তরে বস্ত্রচৌর ব্যক্তি তৎপাপচিহ্ন কুষ্ঠবিশেষ রোগগ্রস্ত হয় অর্থাৎ সর্ব্বাঙ্গে ছুলি হয়। তাহার প্রায়শ্চিত্ত নিষ্কপরিমিত স্বর্ণময় প্রজাপতিপ্রতিমা প্রদান করিবে এবং বস্ত্রযুগ্ম প্রদান করিবে।

অথ লোমজবস্ত্রচৌর্য্যজন্য লোমশ প্রায়শ্চিত্ত।

ঊর্ণাহারী লোমশঃস্যাৎ স দদ্যাৎ কম্বলান্বিতং।
স্বর্ণংনিষ্কমিতং ধ্যাত্বা বহ্নিং দদ্যাদ্দ্বিজাতয়ে॥

ঊর্ণা অর্থাৎ লোমজবস্ত্রহারক ব্যক্তি তৎপাপচিহ্ন লোমশ হয় অর্থাৎ শরীরে বহু লোম হয় তাহার প্রায়শ্চিত্ত অগ্নিপূজা পূর্ব্বক কম্বলান্বিত করিয়া এক নিষ্ক স্বর্ণ ব্রাহ্মণদিগকে প্রদান করিবে।

অথ পট্টসূত্রচৌর্য্যজন্য বিলোম প্রায়শ্চিত্ত।

পট্টসূত্রস্য হরণান্নির্লোমা জায়তে নরঃ।
তেন ধেনুঃ প্রদাতব্যা স্বশুদ্ধ্যর্থং দ্বিজন্মনে॥

পট্টসূত্র চৌর্য্যকারক ব্যক্তির জন্মান্তরে তৎপাপচিহ্ন লোম-রহিত শরীর হয় তৎপাপ শুদ্ধ্যর্থ ব্রাহ্মণকে ধেনু প্রদান করিবে।

অথ ঔষধহরণজন্য সূর্য্যাবর্ত্তরোগ প্রায়শ্চিত্ত।

ঔষধস্যাপহরণে সূর্য্যাবর্ত্তঃ প্রজায়তে।
সূর্য্যায়ার্ঘ্যঃ প্রদাতব্যো মাসং দেয়ঞ্চ কাঞ্চনং॥

ঔষধ অপহরণজন্য জন্মান্তরে তৎপাপচিহ্ন সূর্য্যাবর্ত্তরোগবিশেষ-গ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত মাসাবধি সূর্য্যার্ঘ্য প্রদান করিয়া কাঞ্চন দান করিবে।

অথ রক্তবস্ত্র এবং প্রবালচৌর্য্যজন্য রক্তবাত প্রায়শ্চিত্ত।

রক্তবস্ত্র প্রবালাদিহারী স্যাদ্রক্তবাতবান্।
সবস্ত্রাং মহিষীং দদ্যান্মণিরাগসমন্বিতাং॥

রক্তবস্ত্র এবং প্রবাল হরণ করিলে জন্মান্তরে তৎপাপ চিহ্ন রক্তবাত রোগগ্রস্ত হয় তৎপাপ ক্ষয়ার্থ মণিরাগ সমন্বিতা সবস্ত্রা মহিষী দান করিবে।

অথ বিপ্ররত্নচৌর্য্যজন্য অনপত্য প্রায়শ্চিত্ত।

বিপ্ররত্নাপহারী চাপ্যনপত্যঃ প্রজায়তে।
তেন কার্য্যং বিশুদ্ধ্যর্থং মহারুদ্রজপাদিকং॥
মৃতবৎসোদিতিঃ সর্ব্বোবিধিরত্র বিধীয়তে।
দশাংশহোমঃ কর্ত্তব্যঃ পলাশেন যথাবিধি॥

বিপ্র রত্নহারক ব্যক্তির জন্মান্তরে তৎপাপ চিহ্ন অনপত্য হয় তৎপাপ ক্ষয় হেতুক মহারুদ্র মন্ত্র জপ করিবে এবং যদ্যপি মৃত-বৎস দোষ জন্মে তাহাতে পলাশ সমিধদ্বারা জপের দশাংশ হোম করিবে।

অথ দেবহরণজন্য বিবিধজ্বর প্রায়শ্চিত্ত।

দেবস্য হরণাচ্চৈব জায়তে বিবিধোজ্বরঃ।
জ্বরমহাজ্বরশ্চৈব রৌদ্রোবৈষ্ণব এব চ।
জ্বরে রৌদ্রং জপেৎ কর্ণে মহারুদ্রং মহাজ্বরে।
অতিরৌদ্রং জপেদ্রৌদ্রে বৈষ্ণবে তদ্দ্বয়ং জপেৎ॥

দেবচৌর্য্যকারক ব্যক্তি জন্মান্তরে বিবিধ জ্বরগ্রস্ত হয় অর্থাৎ জ্বর ও মহাজ্বর ও রুদ্রজ্বর ও বৈষ্ণবজ্বর হয়। ইহাদিগের শমতা ক্রমেতে কহিতেছেন। যথা;—জ্বর হইলে রোগীর কর্ণে রুদ্রমন্ত্র জপ করিবে এবং মহাজ্বরে মহারুদ্র মন্ত্র জপ করিবে এবং রুদ্র জ্বরে অতিরুদ্র মন্ত্র জপ করিবে, বৈষ্ণবজ্বরে রুদ্র এবং মহারুদ্রমন্ত্র জপ করিবে।

অথ নানাবিধ দ্রব্যচৌর্য্যজন্য গ্রহণীরোগ প্রায়শ্চিত্ত।

নানাবিধ দ্রব্যচৌরো জায়তে গ্রহিণীযুতঃ।
তেনান্নোদকবস্ত্রাণি হেম দেয়ঞ্চ শক্তিতঃ॥

বিবিধ দ্রব্য চৌর্য্যকারক ব্যক্তি জন্মান্তরে তৎপাপচিহ্ন গ্রহিণী রোগযুক্ত হয়। তৎপাপ ক্ষয় হেতুক শক্তিক্রমে অন্ন, জল, বস্ত্র ও কাঞ্চন দান করিবে।

ইতি শাতাতপীয় কর্ম্মবিপাকে স্তেয় প্রায়শ্চিত্তং নাম
চতুর্থোঽধ্যায়ঃ।

অথ মাতৃগমনজন্য লিঙ্গনাশ প্রায়শ্চিত্ত।

মাতৃগামী ভবেদ্যস্তু লিঙ্গং তস্য বিনশ্যতি।
চাণ্ডালীগমনে চৈব হীনকোষঃ প্রজায়তে॥

মাতৃগমনকারক ব্যক্তির নরকভোগানন্তর তৎপাপচিহ্ন লিঙ্গ-নষ্ট হয় এবং চাণ্ডালিনী গমন জন্য জন্মান্তরে তৎপাপচিহ্ন হীনমুষ্ক হয়, ইহাদের প্রায়শ্চিত্ত নিম্নে লিখিতেছি। যথা;—

তস্য প্রতিক্রিয়াং কর্ত্তুং কুম্ভমুত্তরতো ন্যসেৎ।
কৃষ্ণবস্ত্রসমাচ্ছন্নং কৃষ্ণমাল্যবিভূষিতং।
তস্যোপরি ন্যসেদ্দেবং কাংস্যপাত্রে ধনেশ্বরং।
সুবর্ণনিষ্কষট্কেন নির্ম্মিতং নরবাহনং।
যজেৎ পুরুষসূক্তেন ধনদং বিশ্বরূপিণং।
অথর্ব্ববেদবিদ্বিপ্রোহথর্ব্বাণাং সমাচরেৎ।
সুবর্ণপুত্রিকাং কৃত্বা নিষ্কবিংশতিসংখ্যয়া।
দদ্যাদ্বিপ্রায় সংপূজ্য নিষ্পাপোহহমিতি ব্রুবন্।
নিধীনামধিপোদেবঃ শঙ্করস্য প্রিয় সখা।
সৌম্যাশাধিপতিঃ শ্রীমান্ মম পাপং ব্যপোহতু।
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য আচার্য্যায় যথাবিধি।
দদ্যাদ্দেবং হীনকোষে লিঙ্গনাশে বিশুদ্ধয়ে॥

মাতৃগমনজন্য লিঙ্গনাশ এবং চাণ্ডালিনী গমনজন্য হীনমুষ্ক প্রায়শ্চিত্ত। যথা ;—প্রথমতঃ বেদীর উত্তরাংশে এককুম্ভ কৃষ্ণবস্ত্রের দ্বারা আচ্ছন্ন করিয়া সংস্থাপন করিবে। তস্যোপরি কাংস্য পাত্রস্থিত ষট্‌নিষ্কপরিমিত স্বর্ণনির্ম্মিত বিশ্বরূপ নরবাহন কুবেরমূর্ত্তি সংস্থাপনা করিয়া পুরুষসূক্ত মন্ত্রেরদ্বারা পূজা করিবে। তদনন্তর অথর্ব্ববেদবিৎ ব্রাহ্মণ অথর্ব্ব বেদপাঠ করিবে। তদনন্তর বিংশতি-নিষ্ক পরিমিত স্বর্ণপুত্রিকা (নিষ্পাপোহহং ইতি মন্ত্র) উচ্চারণপূর্ব্বক ব্রাহ্মণকে প্রদান করিবে। তদনন্তর (নিধীনামধিপোদেবঃ ইত্যাদি) মন্ত্র পাঠপূর্ব্বক আচার্য্যকে কুবের প্রতিমা প্রদান করতঃ লিঙ্গনাশ এবং হীনমুষ্কজন্য পাপ হইতে মোচন হইবে।

অথ গুরুজায়াগমনজন্য মূত্রকৃচ্ছ্র রোগ প্রায়শ্চিত্ত।

গুরুজায়াভিগমনান্মূত্রকৃচ্ছ্রঃ প্রজায়তে।
তেনাপি নিষ্কৃতি কার্য্যা শাস্ত্রদৃষ্টেন কর্ম্মণা।
স্থাপয়েৎ কুম্ভমেকন্তু পশ্চিমায়াং শুভে দিনে।
নীলবস্ত্রসমাচ্ছন্নং নীলমাল্যবিভূষিতং॥

তস্যোপরি ন্যসেদ্দেবং তাম্রপাত্রে প্রচেতসং।
সুবর্ণনিষ্কষট্‌কেন নির্ম্মিতং যাদসাম্পতিং।
যজেৎ পুরুষসূক্তেন বরুণং বিশ্বরূপিণং।
সামবিদ্‌ব্রাহ্মণস্তত্র সামবেদং সমাচরেৎ।
সুবর্ণপুত্রিকাং কৃত্বা নিষ্কবিংশতিসংখ্যয়া।
দদ্যাদ্বিপ্রায় সংপূজ্য নিষ্পাপোঽহমিতি ব্রুবন্।
যাদসামধিপো দেবো বিশ্বেষামপিপাবনঃ।
সংসারাব্ধৌ কর্ণধারো বরুণঃ পাবনোঽস্তুমে।
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য আচার্য্যায় যথাবিধি।
দদ্যাদ্দেবমলঙ্কৃত্য মূত্রকৃচ্ছ্র প্রশান্তয়ে॥

গুরুজায়াগমনজন্য নরকভোগাবসানে জন্মান্তরে তৎপাপচিহ্ন মূত্রকৃচ্ছ্র রোগগ্রস্ত হয়, তাহার নিষ্কৃতি প্রথমতঃ শাস্ত্রানুসারে বেদীর পশ্চিমাংশে নীলবস্ত্রে আচ্ছাদিত এবং নীলমাল্যাদিভূষিত এক কুম্ভ সংস্থাপন করিবে। তদুপরি তাম্রপাত্রস্থিত ষট্‌ নিষ্কপরিমিত স্বর্ণ নির্ম্মিত বিশ্বরূপী বরুণপ্রতিমা সংস্থাপনা করিয়া পুরুষসূক্ত মন্ত্রের দ্বারা পূজা করিবে। এবং জপ ও তদ্দশাংশ হোম তিলদ্বারা করিবে। প্রমাণ পশ্চাৎ ব্যক্ত আছে, তদনন্তর সামবিদ্‌ব্রাহ্মণ সামবেদ পাঠ করিবে। তদনন্তর বিংশতিনিষ্ক পরিমিত স্বর্ণপুত্রিকা (নিষ্পাপোঽহমিতি মন্ত্র) উচ্চারণপূর্ব্বক ব্রাহ্মণকে প্রদান করিয়া (যাদসামধিপো দেব) ইতিমন্ত্র পাঠ করিয়া আচার্য্যকে স্তুতিপাঠপূর্ব্বক বরুণ প্রতিমা প্রদান করতঃ গুরুজায়াগমনজন্য পাপ হইতে মুক্ত হইবে।

অথ কন্যাগমনজন্য রক্তকুষ্ঠ প্রায়শ্চিত্ত।

স্বসুতাগমনে চৈব রক্তকুষ্ঠং প্রজায়তে।
ভগিনী গমনে চৈব পীতকুষ্ঠং প্রজায়তে।
তস্য প্রতিক্রিয়াং কর্ত্তুং পূর্ব্বতঃ কলসং ন্যসেৎ।
পীতবস্ত্রসমাচ্ছন্নং পীতমাল্যবিভূষিতং।
তস্যোপরি ন্যসেৎ স্বর্ণপাত্রে দেবং সুরেশ্বরং।
সুবর্ণনিষ্কষট্‌কেন নির্ম্মিতং বজ্রধারিণং॥

যজেৎ পুরুষসূক্তেন বাসবং বিশ্বরূপিণং।
যজুর্ব্বেদং তত্র সাম ঋগ্বেদঞ্চ সমাচরেৎ।
সুবর্ণপুত্রিকাং কৃত্বা সুবর্ণদশকেন তু।
দদ্যাদ্বিপ্রায় সংপূজ্য নিষ্পাপোঽহমিতি ব্রুবন্।
দেবানামধিপোদেবো বজ্রী বিষ্ণুনিকেতনঃ।
শতযজ্ঞঃ সহস্রাক্ষঃ পাপং মম নিকৃন্ততু।
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য আচার্য্যায় যথাবিধি।
দদ্যাদ্দেবং সহস্রাক্ষং স পাপস্য বিমুক্তয়ে॥

জন্মান্তরে কন্যাগমনে নরকভোগানন্তর তৎপাপচিহ্ন রক্তকুষ্ঠ রোগগ্রস্ত হয়। তৎপাপ ক্ষয়ার্থ প্রথমতঃ বেদীর পূর্ব্বাংশে পীত বস্ত্রাচ্ছাদিত এবং পীতমাল্যাদি ভূষিত এককুম্ভ স্থাপন করিবে। তদুপরি স্বর্ণপাত্রস্থিত ষট্‌নিষ্কপরিমিত স্বর্ণনির্ম্মিত বজ্রধারি ইন্দ্র প্রতিমা সংস্থাপনা করিয়া পূর্ব্বোক্ত পুরুষসূক্ত মন্ত্রের দ্বারা পূজাদি করিবে, এবং পুরুষসূক্ত মন্ত্র জপ করিয়া তদ্দশাংশ তিলাজ্য হোম করিবে, ইহার প্রমাণ পশ্চাৎ ব্যক্ত আছে। তদনন্তর সাম, ঋক্ ও যজুর্ব্বেদ পাঠ করিয়া অশীতিরক্তিকা পরিমিত সুবর্ণনির্ম্মিত পুত্তলিকা (নিষ্পাপোঽহমিতি) উচ্চারণপূর্ব্বক ব্রাহ্মণকে পূজা করতঃ দান করিবে। তদনন্তর (দেবানামধিপোদেব ইত্যাদি) মন্ত্র পাঠ পূর্ব্বক ইন্দ্রপ্রতিমা আচার্য্যকে প্রদান করিবে।

অথ ভ্রাতৃজায়াগমনজন্য গুল্মরোগ প্রায়শ্চিত্ত এবং পুত্রবধূগমনজন্য কৃষ্ণকুষ্ঠ প্রায়শ্চিত্ত।

ভ্রাতৃভার্য্যাভিগমনাদ্গলৎকুষ্ঠং প্রজায়তে।
স্ববধূগমনে চৈব কৃষ্ণকুষ্ঠং প্রজায়তে।
তেন কার্য্যং বিশুদ্ধ্যর্থং প্রাগুক্তস্যার্দ্ধমেব হি।
দশাংশহোম সর্ব্বত্র ঘৃতাক্তৈঃ ক্রিয়তে তিলৈঃ॥

জন্মান্তরীয় ভ্রাতৃজায়া গমনে নরক ভোগাবসানে তৎপাপ- সূচিত গলৎকুষ্ঠ রোগগ্রস্ত হয়, এবং পুত্রবধূ গমনে তৎপাপসূচিত কৃষ্ণকুষ্ঠ রোগগ্রস্ত হয়, তৎপাপ ক্ষয়হেতু শরীর শুদ্ধি তদর্থক

পূর্ব্বোক্ত প্রায়শ্চিত্ত দানাদির অর্দ্ধেক করিবে। এবং সর্ব্বত্র অর্থাৎ মাতৃগমন প্রায়শ্চিত্তাবধি সকল কার্য্য পুরুষসূক্তমন্ত্র জপ করিয়া তদ্দশাংশ তিলাজ্য হোম করিবে।

অথ সামান্য অগম্যাগমনজন্য মণ্ডলরোগ প্রায়শ্চিত্ত।

যদগম্যাভিগমনাজ্জায়তে ধ্রুবমণ্ডলং।
কৃত্বা লোহময়ীং ধেনুং তিল ষষ্টিপ্রমাণতঃ।
কর্পাসভারসংযুক্তাং কাংস্যদোহাং সবৎসিকাং।
দদ্যাদ্বিপ্রায় বিধিবদিমং মন্ত্রমুদীরয়েৎ॥

জন্মান্তরীয় অগম্যা স্ত্রী গমনকারকের নরকভোগাবসানে তৎপাপসূচিত মণ্ডল রোগ অর্থাৎ মণ্ডলাকার দদ্রুবিশেষ রোগগ্রস্ত হয়। তৎপাপ ক্ষয়ার্থ ষষ্টিতোলক পরিমিত লৌহময় ধেনু কার্পাসভার সংযুক্তা এবং কাংস্যদোহ ও বৎসের সহিত পূজা পূর্ব্বক (পাপং মে ক্ষীয়তাং) ইতি বাক্যোচ্চারণ করতঃ ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ হীনবর্ণস্য বিপ্রভার্য্যা গমনজন্য গজচর্ম্মরোগ প্রায়শ্চিত্ত।

বিপ্রস্য ভার্য্যাগমনে গজচর্ম্ম প্রজায়তে।
তৎপাতক বিনাশায় প্রায়শ্চিত্তং বিধীয়তে।
কৃত্বা রৌপ্যময়ীং ধেনুং নিষ্কবিংশতিসংখ্যয়া।
তাম্রোপস্কার সংযুক্তাং কাংস্যদোহাং সবৎসিকাং।
দদ্যাদ্বিপ্রায় বিধিবদিদং মন্ত্রং সমুচ্চরেৎ।
সুরভীর্বৈষ্ণবী মাতা মমপাপং ব্যপোহতু।

জন্মান্তরীয় হীনবর্ণকর্ত্তৃক বিপ্রভার্য্যা গমনজন্য নরক ভোগাবসানে তৎপাপ বিনাশহেতু বিংশতিনিষ্কপরিমিত রৌপ্যময় ধেনু কাংস্য দোহের সহিত এবং আভরণাদিযুক্তা ও সবৎসা করিয়া (সুরভী বৈষ্ণবী মাতা) ইতি মন্ত্র উচ্চারণপূর্ব্বক যথাবিধানক্রমে ব্রাহ্মণে প্রদান করিবে।

অথ তপস্বিনী গমনজন্য অশ্মরীরোগ প্রায়শ্চিত্ত।

তপস্বিনীসঙ্গমনে জায়তে চাশ্মরীগদঃ।
স তু পাপবিশুদ্ধ্যর্থং প্রায়শ্চিত্তং সমাচরেৎ।
দদ্যাদ্বিপ্রায় বিদুষে মধুধেনুঃ যথোদিতাং।
তিলদ্রোণশতঞ্চৈব হিরণ্যেন সমন্বিতং॥

বলাৎকারদ্বারা তপস্বিনী অর্থাৎ সংযমাদি নিয়মবিশিষ্টা স্ত্রী-গমনকারক জন্মান্তরে তৎপাপসূচিত অশ্মরীরোগগ্রস্ত হয়। তৎ-পাপশুদ্ধিহেতু যথোক্ত বিধানে মধু ধেনু দান করিবে। তদনন্তর হিরণ্যের সহিত শত দ্রোণ পরিমিত তিল দান করিবে।

অথ পিতৃভগিনীগমনজন্য দক্ষিণাংশে ব্রণরোগ প্রায়শ্চিত্ত।

পিতৃস্বস্রভিগমনাদ্দক্ষিণাংশে ব্রণী ভবেৎ।
তেনাপিনিষ্কৃতিকর্য্যো অজাদানেন শক্তিতঃ॥

জন্মান্তরে পিতৃভগিনী গমনহেতু দক্ষিণাংশে ব্রণরোগ হয়। তাহার প্রায়শ্চিত্ত শক্তিক্রমে বহু অজাদান করিবে, অত্র স্থলে প্রায়শ্চিত্ত লাঘব দর্শন হেতু নরকভোগাধিক্য জানিবে।

অথ মাতুলানীগমনে পৃষ্ঠকুব্জ প্রায়শ্চিত্ত।

মাতুলান্যাস্তু গমনে পৃষ্ঠকুব্জঃ প্রজায়তে।
কৃষ্ণাজিন প্রদানেন প্রায়শ্চিত্তং সমাচরেৎ॥

জন্মান্তরে মাতুলানী গমনকারকের নরকভোগাবসানে তৎপাপ চিহ্ন পৃষ্ঠদেশে কুব্জরোগ হয়। তৎপাপ ক্ষয়ার্থ কৃষ্ণাজিন প্রদান করতঃ শুদ্ধ হইবে।

অথ মাতৃস্বসৃগমনজন্য সর্ব্বাঙ্গাবচ্ছিন্ন ব্রণরোগ প্রায়শ্চিত্ত।

মাতৃস্বস্রভিগমনে সর্ব্বাঙ্গে ব্রণবান্ ভবেৎ।
তেনাপি নিষ্কৃতিঃ কার্য্যা সম্যগ্দানপ্রদানতঃ॥

মাতৃভগিনী গমনকারকের জন্মান্তরে তৎপাপচিহ্ন সর্ব্ব শরীরে ব্রণ বিশেষ রোগ হয় তৎপাপ ক্ষয়ার্থ সম্যক্ প্রকারে দান প্রদান করিবে।

অথ মৃতভার্য্যাগমনজন্য মৃতভার্য্য প্রায়শ্চিত্ত।

মৃতভার্য্যাভিগমনে মৃতভার্য্যঃ প্রজায়তে।
তৎপাতকবিশুদ্ধ্যর্থং দ্বিজমেকং বিবাহয়েৎ॥

মৃতভার্য্যাগমনকারক ব্যক্তির জন্মান্তরে তৎপাপচিহ্ন মৃতভার্য্য হয় অর্থাৎ বিবাহমাত্রেই স্ত্রীবিয়োগ হয় তাহার প্রায়শ্চিত্ত এক ব্রাহ্মণের বিবাহ বিষয়ে তাবৎ অর্থ ব্যয় করিয়া বিবাহ দেওয়াইবেক।

অথ স্বগোত্রা স্ত্রীগমনজন্য ভগন্দররোগ প্রায়শ্চিত্ত।

স্বগোত্রাস্ত্রীপ্রসঙ্গেন জায়তে চ ভগন্দরঃ।
তেনাপি নিষ্কৃতিঃকার্য্যা মহিষীদানমাচরেৎ॥ ১

জন্মান্তরে স্বগোত্রা স্ত্রী গমনকারকের তৎপাপচিহ্ন ভগন্দর-রোগ প্রাপ্ত হয়। যত্নক্রমে মহিষী দান করিলে তৎপাপ হইতে মুক্ত হয়।

অথ বিধবাগমনজন্য প্রমেহরোগ প্রায়শ্চিত্ত।

তপস্বিনীপ্রসঙ্গেন প্রমেহী জায়তে নরঃ।
মাসং রুদ্রজপঃ কার্য্যোদদ্যাচ্ছক্ত্যা চ কাঞ্চনং॥

তপস্বিনী অর্থাৎ বিধবা তপস্যা ব্রতাচারিণী স্ত্রীর সংসর্গ করিলে জন্মান্তরে তৎপাপচিহ্ন প্রমেহরোগগ্রস্ত হয়। তাহার প্রায়শ্চিত্ত এক মাসাবধি রুদ্রমন্ত্র জপ করিয়া শক্ত্যনুসারে ব্রাহ্মণকে কাঞ্চন প্রদান করিবে।

অথ দীক্ষিতস্ত্রীগমনজন্য দুষ্টরক্তচক্ষুঃপ্রায়শ্চিত্ত।

দীক্ষিতস্ত্রীপ্রসঙ্গেন জায়তে দুষ্টরক্তদৃক্।
সপাতকবিশুদ্ধ্যর্থং প্রাজাপত্যদ্বয়ঞ্চরেৎ॥

দীক্ষিত স্ত্রী অর্থাৎ যজ্ঞাদিতে দীক্ষিতা স্ত্রী গমন করিলে জন্মান্তরে তৎপাপচিহ্ন দুষ্টরক্তচক্ষুঃ হয়। তৎপাপ শুদ্ধি তদর্থে প্রাজাপত্যদ্বয় ব্রতাচরণ করিবে, তদভাবে ধেনুদ্বয় কিম্বা তন্মূল্য দক্ষিণার সহিত ব্রাহ্মণকে দান করিবে।

অথ স্বজাতিস্ত্রীগমনজন্য হৃদ্ব্রণরোগ প্রায়শ্চিত্ত।

স্বজাতিজায়াগমনে জায়তে হৃদয়ব্রণী।
তৎপাপস্য বিশুদ্ধ্যর্থং প্রাজাপত্যদ্বয়ঞ্চরেৎ॥

জন্মান্তরীয় স্বজাতিজায়াভিগমনকারকের তৎপাপচিহ্ন হৃদয় ব্রণরোগ হয়। তৎপাপ ক্ষয়ার্থ প্রাজাপত্যদ্বয় করিবে তদভাবে তন্মূল্য দান করিবে।

অথ পশুযোনিগমনজন্য মূত্রাঘাতরোগ প্রায়শ্চিত্ত।

পশুযোনৌ চ গমনে মূত্রাঘাতঃ প্রজায়তে।
তিলপাত্রদ্বয়ঞ্চৈব দদ্যাদাত্মবিশুদ্ধয়ে॥

জন্মান্তরে পশুযোনিগমনকারকের মূত্রাঘাত রোগ হয় তৎপাপ শুদ্ধ্যর্থ তিলপাত্রদ্বয় দান করিবে।

অথ অশ্বগমনজন্য গুহ্যস্তম্ভরোগ প্রায়শ্চিত্ত।

অশ্বযোনৌ চ গমনাদ্গুদস্তম্ভঃ প্রজায়তে।
সহস্রকলসস্নানং মাসং কুর্য্যাৎ শিবস্য চ॥

জন্মান্তরে অশ্বগমনকারক ব্যক্তি তৎপাপচিহ্ন গুদস্তম্ভরোগ হয় তৎপাপক্ষয় হেতু একমাস সহস্র কলস জল দ্বারা শিবলিঙ্গ স্নান করাইবে।

অথ স্ত্রীপাতক কথনং।

এতে দোষা নরাণাং স্যুর্নরকান্তে ন সংশয়ঃ।
স্ত্রীণামপি ভবন্ত্যেতে তত্তৎ পুরুষসঙ্গমাৎ॥

এই সকল দোষ পুরুষের কথিত হইল, কিন্তু স্ত্রীলোকেরাও এই রূপ স্বইচ্ছাতে তাদৃশ পুরুষ সঙ্গমে উক্ত রূপ পাপভাগিনী হয়।

অগম্যায়াস্তু গমনে প্রায়শ্চিত্ত মুদীরিতং।
তদেব মুনিভিঃ প্রোক্তং নিয়তং তৎ প্রভাবতঃ॥

অগম্যাগমনে যে রূপ প্রায়শ্চিত্ত কথিত হইল স্ত্রী সম্বন্ধেও মুনিরা তদ্রূপ পাপ ও প্রায়শ্চিত্ত বিশেষ কহিয়াছেন।

ইতি শাতাতপীয় কর্ম্মবিপাকে অগম্যাগমনং নাম পঞ্চমোঽধ্যায়ঃ।

অথ অগতিমৃত কথন।

অশ্বশূকরশৃঙ্গ্যাদ্রিদ্রুমাদিশকটে ন চ।
ভৃগ্বগ্নিদারুশস্ত্রাশ্মবিষোদ্বন্ধনজৈর্ম্মৃতা।
ব্যাঘ্রাহিগজতুপালচৌরবৈরিবৃকাহতাঃ।
কাষ্ঠশল্যমৃতা যে চ শৌচসংস্কারবর্জ্জিতাঃ।
বিসূচিকান্নকবলদবাতীসারতোমৃতাঃ।
সাকিন্যাদি গ্রহৈগ্র স্তাবিদ্যুৎপাত হতাশ্চ যে।
অস্পৃশ্যা অপবিত্রাশ্চ পতিতাঃ পুত্রবর্জ্জিতাঃ।
পঞ্চত্রিংশৎ প্রকারৈশ্চ নাপ্নুবন্তি গতিং মৃতাঃ॥

অশ্ব অর্থাৎ গ্রাম্যপশু মাত্র, শূকর, শৃঙ্গ্যাদি অর্থাৎ অদ্রি অর্থাৎ পর্ব্বত, দ্রুম বৃক্ষ, শৃঙ্গী শৃঙ্গবিশিষ্ট জন্তু, ভৃগু উচ্চদেশ হইতে পতন, দাব দাবানল, শস্ত্র, প্রস্তর, অহি, সর্প, বল চৌর, বৈরি শত্রু, বৃক ক্ষুদ্র ব্যাঘ্র, কাষ্ঠশয্যা খট্টাদি, শৌচ বর্জ্জিত অশুচি সংস্কার বর্জ্জিত, বিসূচিকা অস্পৃশ্যা অর্থাৎ স্বয়ং অপবিত্র, শেষ তাবৎ স্বনাম প্রসিদ্ধ।

অথ অগতিকর্ত্তৃকবংশনাশ কথন।

পিত্রাদ্যাঃ পিণ্ডভাজঃ স্যু স্ত্রয়োলেপভুজস্তথা।
ততো নান্দীমুখাঃ প্রোক্তাস্ত্রয়োপ্যশ্রুমুখাস্ত্রয়ঃ।
দ্বাদশৈতে পিতৃগণাস্তর্পিতাঃ সন্ততিপ্রদাঃ।
গতিহীনাঃ সুতাদীনাং সন্ততিং নাশয়ন্তুতে।
দশ ব্যাঘ্রাদিনিহতাগর্ব্বং নিম্নন্ত্যমীক্রমাৎ।
দ্বাদশাস্ত্রাদি নিহতা আকর্ষন্তি চ বালকং।
বিষাদি নিহতাঘ্নন্তি দশসু দ্বাদশস্বপি।
বর্ষৈকবালকং কুর্য্যাদনপত্যোঽনপত্যতাং॥

পিত্রাদি পিণ্ডভুজত্রয় অর্থাৎ পিতা পিতামহ প্রপিতামহ লেপ-ভুজত্রয় বৃদ্ধ প্রপিতামহাদি এবং নান্দীমুখাদি ষট্ অর্থাৎ মাতামহাদি

যট। এই দ্বাদশ পিতৃগণেরা সন্তানপ্রদ হইয়াছেন, যদ্যপি ঐ পিতৃগণেরা গতিহীন হইয়া অকৃত প্রায়শ্চিত্ত হয়েন তবে সন্তানদিগের সন্তান নষ্ট করেন অর্থাৎ বংশ লোপ করেন। ব্যাঘ্রাদি হত দশজনে ভর্ত্তৃজাত সন্তান নষ্ট করেন। অস্ত্রাদি হত দ্বাদশ জন বর্ষের মধ্যে বালক নষ্ট করেন। অপুত্রক ব্যক্তি এক বর্ষের মধ্যে বালক নষ্ট করে।

অথ পাপবিশেষ গতিহীন কথন।

ব্যাঘ্রেণ হন্যতে জন্তুঃ কুমারীগমনে ন চ।
বিষদশ্চৈব সর্পেণ গজেন নৃপদুষ্টকৃৎ।
রাজ্ঞা রাজকুমারঘ্নশ্চৌরেণ পশুহিংসকঃ।
বৈরিণা মিত্রভেদী চ বকবৃত্তির্বৃকেণ তু।
গুরুঘাতীচ শয্যায়াং মৎসরী শৌচবর্জ্জিতঃ।
দ্রোহী সংস্কাররহিতঃ শুনা নিক্ষেপহারকঃ।
নরোবিহন্যতেহরণ্যে শূকরেণ চ পাশিকঃ।
কৃমিভিঃ কৃতবাসাশ্চ কৃমিনা চ নিকৃন্তন।
শৃঙ্গিণা শঙ্করদ্রোহী শকটেন চ সূচকঃ।
ভৃগুণা মেদিনীচৌরো বহ্নিপা যজ্ঞহানিকৃৎ।
দবেন দক্ষিণাচৌরঃ শস্ত্রেণ শ্রুতিনিন্দকঃ।
অশ্মনা দ্বিজনিন্দায়াঃদ্বিষেণ কুমতিপ্রদঃ।
উদ্বন্ধনেন হিংস্রঃ স্যাৎ সেতুভেদী জলেন তু॥

জন্মান্তরে কুমারীগমনে ব্যাঘ্র কর্ত্তৃক হত হয়, বিষদান করিলে সর্প কর্ত্তৃক হত হয়, আর রাজা নষ্ট করিলে গজকর্ত্তৃক হত হয়, রাজকুমার নষ্ট করিলে রাজা কর্ত্তৃক হত হয়, পশুহিংসাকারী চৌরকর্ত্তৃক নষ্ট হয়, পরস্পর মিত্রভেদ করিলে বৈরি কর্ত্তৃক হত হয়, অনার্য্য গ্রহণে ক্ষুদ্র ব্যাঘ্রকর্ত্তৃক হত হয়, গুরুবধ করিলে শয্যা হত হয় অর্থাৎ খট্টাদি ভগ্ন হইয়া হত হয়, মাৎসর্য্যবিশিষ্ট হইলে অশুচি মৃত হয়, পরনিন্দাকারক হইলে সংস্কারহীন মরণ হয়, দান করিয়া হরণ

করিলে শুনা অর্থাৎ গ্রাম্য পশ্বাদি কর্ত্তৃক হত হয়, পাশদ্বারা বনমধ্যে
বধ করিলে শূকর কর্ত্তৃক হত হয়, কৃমিবধ করিয়া বস্ত্র করিলে অর্থাৎ
গুটিকার কাপড় করিলে কৃমি অর্থাৎ ভৃঙ্গাদি কর্ত্তৃক হত হয়, কর্ণ
সূচক হইলে শকট দ্বারা মরণ হয়, রাজদণ্ডার্হ হইলে বৃক্ষেতে হত
হয়, লৌহ হরণ করিলে অতিসারাদিরোগগ্রস্ত হয়। স্বদর্পে কর্ম্ম
করিলে ব্যাকিন্যাদি কর্ত্তৃক হত হয়, অনধ্যায়ে অধ্যয়ন করিলে অর্থাৎ
বেদ অধ্যয়নে বিদ্যুতে হত হয়, অস্পর্শ্য সঙ্গ করিলে অস্পার্শ হইয়া
হত হয়, শাস্ত্র হরণ করিলে বমি আশ্রয় করিয়া মরে অর্থাৎ অপবিত্র
হইয়া মরণ হয়, কন্যা বিক্রয় করিলে পতিত হইয়া মরে; ব্রাহ্মণের
বস্ত্র হরণ করিলে অপত্যহীন হয়, ভূমি হরণ করিলে ভৃগু অর্থাৎ
উচ্চদেশ হইতে পতিত হইয়া মরে, যজ্ঞ ধ্বংস করিলে অগ্নিতে হত
হয়, দক্ষিণা চৌর্য্য করিলে দাবানলে হত হয়, দ্বিজনিন্দা করিলে
পাষাণে মৃত্যু হয়, কুমতি প্রদান করিলে বিষেতে মরণ হয়, হিংস্রক
হইলে উদ্বন্ধনে মৃত্যু হয়, সেতু ভঙ্গ করিলে জলেতে হত হয়।

অথ গতিহীন সামান্য প্রায়শ্চিত্ত।

অথ তেষাং ক্রমেণৈব প্রায়শ্চিত্তং বিধীয়তে।
কারয়েন্নিষ্কমাত্রন্তু পুরুষং প্রেতরূপিণং।
চতুর্ভুজং দণ্ডহস্তং মহিষাসনসংস্থিতং।
পিষ্টৈঃ কৃষ্ণতিলৈঃ কুর্য্যাৎ পিণ্ডং প্রস্থপ্রমাণতঃ।
মধ্বাজ্যশর্করাযুক্তং স্বর্ণকুণ্ডলসংযুতং।
কৃষ্ণবর্ণঞ্চ কলসং পঞ্চপল্লবসংযুতং।
কৃষ্ণবস্ত্রসমাচ্ছন্নং সর্ব্বৌষধি সমন্বিতং।
তস্যোপরি ন্যসেদ্দেবং পাত্রং ধান্যফলৈর্যুতং।
সপ্তধান্যন্তু সফলং তত্র তৎ সফলং ন্যসেৎ।
কুম্ভোপরি চ বিন্যস্য পূজয়েৎ প্রেতরূপিণং।
কুর্য্যাৎ পুরুষসূক্তেন প্রত্যহং দুগ্ধদর্পণং।
ষড়ঙ্গঞ্চ জপেদ্রুদ্রং কলসে তত্র বেদবিৎ॥

যমসূক্তেন কুর্ব্বীত যমপূজাদিকং তথা।
গায়ত্র্যাশ্চৈব কর্ত্তব্যোজপঃস্বাত্মবিশুদ্ধয়ে॥
গৃহশান্তিকপূর্ব্বঞ্চ দশাংশং জুহুয়াত্তিলৈঃ।
অদ্যোতনামগোত্রায় প্রেতায় সতিলোদকং।
প্রদদ্যাৎ পিতৃ তীর্থেন পিণ্ডং মন্ত্রমুদীরয়েৎ।
ইমং তিলময়ং পিণ্ডং মধুসর্পিঃ সমন্বিতং।
দদ্যাচ্চ তস্মৈ প্রেতায় যঃ পীড়াং কুরুতে মনঃ॥
সজলান্ কৃষ্ণকলসাংস্তিলপাত্রসমন্বিতান্।
দ্বাদশ প্রেতমুদ্দিশ্য দদ্যাদেকঞ্চ বিষ্ণবে।
ততোঽভিষিঞ্চেদাচার্য্যো দম্পতী কলসোদকৈঃ।
শুচির্ব্বরায়ুধধরো মন্ত্রৈর্ব্বরুণদৈবতৈঃ।
যজমানস্ততোদদ্যাদাচার্য্যায় স দক্ষিণাং।
ততোনারায়ণবলিঃ কর্ত্তব্যঃ শাস্ত্রনিশ্চয়াৎ॥
এষ সাধারণবিধি রগতীনামুদাহৃতঃ॥

ক্রমেতে প্রায়শ্চিত্ত বিধান পশ্চাৎ বলিব,সম্প্রতি সাধারণ প্রায়শ্চিত্ত কহিতেছি। প্রথমতঃ স্বর্ণনিষ্ক পরিমিত চতুর্ভুজ দণ্ডহস্ত মহিষারূঢ় যমপ্রতিমা নির্ম্মাণ করিবে, তদনন্তর কৃষ্ণবর্ণ কলস সংস্থাপন করিবে, তদুপরি পঞ্চপল্লব এবং কৃষ্ণবস্ত্রাচ্ছন্ন সর্ব্বৌষধিযুক্ত করিয়া ঘটোপরি যমপ্রতিমা পাত্র ধান্যাদি সংযুক্ত করিবে। তদনন্তর সপ্তপ্রকার বর্ণ কলসান্তর সংস্থাপন করিয়া পুরুষসূক্তমন্ত্র করণক প্রত্যহ দুগ্ধদ্বারা তর্পণ করিবে, তদনন্তর বেদবিৎ ব্রাহ্মণে তত্র কলসে ষড়ঙ্গের সহিত রুদ্রমন্ত্র জপ করিবে, তদনন্তর আত্মশুদ্ধি নিমিত্ত যথাশক্তি গায়ত্রী জপ করিয়া গ্রহশান্তিপূর্ব্বক তিলাজ্য হোম করিবে, তদনন্তর (ইমং তিলময়ং পিণ্ডং) মন্ত্রদ্বারা তিলপিণ্ড প্রেতদিগকে প্রদান করিয়া কৃষ্ণবর্ণ দ্বাদশ কলস দ্বাদশ প্রেতোদ্দিশ্যে প্রদান করিয়া এক কলস বিষ্ণুকে প্রদান করিবে। তদনন্তর আচার্য্য (শুচির্ব্বরায়ুধধরো) ইত্যাদি মন্ত্রদ্বারা কলসোদক করণক

দম্পতীকে অভিষেক করাইবেন। তদনন্তর যথাশক্তি আচার্য্যকে দক্ষিণা প্রদান করিয়া নারায়ণ বলি দিবে। এই সাধারণ বিধি অগতিদিগের জানিবে।

অথ গতিহীন বিশেষ প্রায়শ্চিত্ত।

বিশেষস্তু পুনর্জ্জ্ঞেয়ো ব্যাঘ্রাদি নিহতেষ্বপি।
ব্যাঘ্রেণ নিহতে প্রেতে পরকন্যাং বিবাহয়েৎ।
সর্পদংশে নাগবলির্দেয়ঃ সর্ব্বেষু কাঞ্চনং।
চতুর্নিষ্কমিতং হেম গজং দদ্যাদ্গজৈর্হতে।
রাজ্ঞা বিনিহতে দদ্যাৎ পুরুষস্তু হিরণ্ময়ং।
চৌরেণ নিহতে ধেনুং বৈরিণা নিহতে বৃষং।
বৃকেণ নিহতে দদ্যাৎ যথাশক্তি চ কাঞ্চনং।
শয্যামৃতে প্রদাতব্যা শয্যা তুলী সমন্বিতা।
নিষ্কমাত্র সুবর্ণস্য বিষ্ণুনা সমধিষ্ঠিতা।
শৌচহীনে মৃতেচৈব দ্বিনিষ্ক স্বর্ণজং হরিং।
সংস্কারহীনে চ মৃতে কুমারঞ্চ বিবাহয়েৎ।
শুনা হতে চ নিক্ষেপং স্থাপয়েন্নিজশক্তিতঃ।
শূকরেণ হতে দদ্যান্মহিষং দক্ষিণান্বিতং।
ক্রমিভিশ্চ মৃতেদদ্যাদ্গোধূমান্নং দ্বিজাতয়ে।
শৃঙ্গিণা চ হতে দদ্যাদ্বৃষভং বস্ত্রসংযুতং।
শকটেন মৃতে দদ্যাদশ্বং সোপস্করান্বিতং।
ভৃগুপাতে মৃতে চৈব প্রদদ্যাদ্ধান্যপর্ব্বতং॥
অগ্নিনা নিহতে দদ্যাদুপানহং স্বশক্তিতঃ।
দবেন নিহতে চৈব কর্ত্তব্যা সদনে সভা।
শস্ত্রেণ নিহতে দদ্যান্মহিষীং দক্ষিণান্বিতাং।
অশ্মনা নিহতে দদ্যাৎ সবৎসাং গাং পয়স্বিনীং।
বিষেণ চ মৃতে দদ্যান্মেদিনীং ক্ষেত্রসংযুতাং।
উদ্বন্ধন মৃতে চাপি প্রদদ্যাদ্গাং পয়স্বিনীং।

মৃতে জলেন বরুণং হৈমং দদ্যাত্রিনিষ্ককং।
বৃক্ষং বৃক্ষহতে দদ্যাৎ সৌবর্ণং স্বর্ণসংযুতং।
অতিসার মৃতে চৈব জপেদ্রুদ্রং যথোচিতং।
বিদ্যুৎপাতেন নিহতে বিদ্যাদানং সমাচরেৎ।
অস্পর্শে চ মৃতে কার্য্যং বেদপরায়ণন্তথা।
সচ্ছাস্ত্রপুস্তকং দদ্যাদ্বাস্তুমাশ্রিত্য সংস্থিতে।
পাতিত্যেন মৃতে কুর্য্যাৎ প্রাজাপত্যানি ষোড়শ।
মৃতে চাপত্যরহিতে কৃচ্ছ্রাণাং নবতিঞ্চরেৎ।
নিষ্কত্রয়মিতং স্বর্ণং দদ্যাদশ্বং হয়াহতে।
কপিনা নিহতে দদ্যাৎ কপিং কনকনির্ম্মিতং।
বিসূচিকামৃতে স্বাদু ভোজয়েচ্চ শতং দ্বিজান্।
তিলধেনুঃ প্রদাতব্যা কণ্ঠেঽন্নকবলে মৃতে।
কেশরোগ মৃতেচাপি অষ্টৌ কৃচ্ছ্রান্ সমাচরেৎ।
এবং কৃতে বিধানেন বিদদ্যাদৌর্দ্ধদেহিকং।
ততঃ প্রেতত্বনির্ম্মুক্তাঃ পিতরস্তর্পিতাস্তথা।
দদ্যুঃ পুত্ত্রাংশ্চ পৌত্ত্রাংশ্চ আয়ুরারোগ্যসম্পদঃ॥

ব্যাঘ্রাদি কর্ত্তৃক হত হইলে তাহার প্রায়শ্চিত্ত সামান্যরূপে কহিয়াছেন। সম্প্রতি বিশেষ বিশেষরূপে কহিতেছেন। যথা;—ব্যাঘ্রকর্ত্তৃক হত হইলে তৎ সন্তানেরা স্বীয় অর্থ ব্যয় করিয়া পরকীয় কন্যার বিবাহ দেওয়াইলে তৎপাপ হইতে মুক্ত হইবে। সর্পকর্ত্তৃক হত হইলে নাগবলি দিবে এবং সর্ব্বত্র কাঞ্চন দান করিবে। গজকর্ত্তৃক আহত হইলে চতুর্নিষ্কপরিমিত স্বর্ণময় পুরুষদান করিবে। চৌরকর্ত্তৃক হত হইলে ধেনু দান করিবে। বৈরিদ্বারা হত হইলে বৃষদান করিবে। ক্ষুদ্র ব্যাঘ্রদ্বারা হত হইলে কাঞ্চন দান করিবে। বৃকপদে নেকুড়া। শয্যাতে হত হইলে স্বর্ণনিষ্কপাত্রে স্থাপিত বিষ্ণুশয্যা প্রদান করিবে। অশুচি হইয়া হত হইলে দ্বিনিষ্কপরিমিত হরিপ্রতিমা প্রদান করিবে। সংস্কারহীন হইয়া মরণ হইলে অন্য এক কুমারে বিবাহ দেওয়াইবে। অশ্বকর্ত্তৃক হত হইলে নিষ্কত্রয়

স্বর্ণদান করিবে। শূকরের দ্বারা হত হইলে ব্রাহ্মণকে গোধূমান্ন প্রদান করিবে। বৃক্ষাদি পতনে হত হইলে উত্তম সুবর্ণের সহিত বৃক্ষদান করিবে। শকটদ্বারা হত হইলে বস্ত্রাদিযুক্ত রত্নদান করিবে। উচ্চদেশ হইতে পতনে মৃত্যু হইলে ধান্যপর্ব্বত দান করিবে। ভীমকুল কর্ত্তৃক হত হইলে বস্ত্রসংযুক্ত বৃষদান করিবে। অগ্নিদ্বারা দগ্ধ হইয়া মৃত্যু হইলে শক্তিক্রমে উপানহ দান করিবে। দাবাগ্নিদ্বারা দগ্ধ হইয়া মৃত্যু হইলে উত্তম সল্লোকের সভা করিয়া অপরাধ পরিহার করিবে। শাস্ত্রদ্বারা হতহইলে দক্ষিণাযুক্ত মহীষদান করিবে। পাষাণ দ্বারা হত হইলে দুগ্ধবতী সবৎসা গো দান করিবে। বিষদ্বারা হত হইলে ক্ষেত্রনির্ম্মিত ভূমিদান করিবে। উদ্বন্ধনের দ্বারা হত হইলে দুগ্ধবতী গো দান করিবে। বানরকর্ত্তৃক হত হইলে কনকনির্ম্মিত বানর দান করিবে। জলমগ্ন হইয়া মৃত্যু হইলে ত্রিনিষ্কপরিমিতস্বর্ণ নির্ম্মিত বরুণপ্রতিমা দান করিবে। বিসূচিকা হইয়া মরণ হইলে মিষ্টান্ন ভোজনের দ্বারা দ্বিশতব্রাহ্মণভোজন করাইবে। কণ্ঠদেশে ভক্ষণদ্রব্যাদি সংলগ্ন হইয়া হত হইলে তিলধেনু দান করিবে। ভ্রম রোগে হত হইলে অষ্টসংখ্যক গায়ত্রী জপ করিবে। বজ্রাঘাতে হত হইলে বিদ্যা দান করিবে। পতিত ব্যক্তির মরণ হইলে ষোড়শ প্রাজাপত্য ব্রত করিবে। সন্তানহীন ব্যক্তি হত হইলে নবতীসংখ্যক কৃচ্ছ্র ব্রতাচরণ করিবে। অতএব এই বিধানক্রমে তৎ পুত্রেরা প্রায়শ্চিত্তাদি করিয়া ঔর্দ্ধদেহিক কর্ম্ম অর্থাৎ শ্রাদ্ধাদি করিলে প্রেতত্ব হইতে মুক্ত হইয়া পবিত্র হয়েন, এবং পুত্র পৌত্র কর্ত্তৃক অর্পিত হইয়া আয়ু আরোগ্য সম্পদ সন্তানাদি প্রদান করেন, এবং অন্যান্য ঋষিদিগের মত ঐক্য করিয়া অতিপাতকীদিগের প্রায়শ্চিত্ত দানাদি করিয়া দাহাদি ক্রিয়া করিবে। এই শাতাতপ নামক মুনি গ্রন্থ প্রস্তুত করিয়া শরভঙ্গ মুনিকে প্রদান করিয়াছিলেন।

ইতি শাতাতপীয় কর্ম্মবিপাকে অগতি প্রায়শ্চিত্তং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ।

সমাপ্তোঽয়ংগ্রন্থঃ।

কলিকাতা অপরচিৎপুর রোড ১৬২ নং শোভাবাজার বিদ্যারত্ন যন্ত্র।